Place of Posting	:	Upazila Agriculture Office, Sonagazi, Feni
Father's Name	:	Aminul Islam Mazumder
Mother's Name	:	Samson Nahar
Date of Birth	:	01 June, 1987
Educational Background	:	B.Sc. Ag (Hon's), MS (BAU)
Blood Group	:	B(+ve)
Spouse's Name	:	N/A
Permanent Address	:	Vill: Monagram, P.O.: Chapapur, Upz.: Sadar, Comilla
Contact No.	:	01913301797
E-mail Address	:	sajjadopu@gmail.com
Facebook ID	:	Sajjad Opu
Hobby	:	Watching tv or Internet browsing
Favourite Personality	:	Dr Akhter Hamid Khan
Favourite Quotation	:	Rage must be controlled otherwise rage will controlled you
Vision	:	Imposing free work environment

Opu
BCS (Agriculture)
31st Batch
H-845

Name in English	:	**KHONDAKAR RABIUL ISLAM**
Name in Bangla	:	খন্দকার রবিউল ইসলাম
Place of Posting	:	DC Office, Patuakhali
Father's Name	:	Khondakar Solaiman
Mother's Name	:	Shahida Begum
Date of Birth	:	25 September, 1989
Educational Background	:	B.S.S (Hon's) M.S.S (Sociology), Dhaka University
Blood Group	:	A(+ve)
Spouse's Name	:	Parul Akter
Permanent Address	:	Vill: Nawly, P.O.: Sidhipasha, Ovaynagar, Jessore
Contact No.	:	01912-621415
E-mail Address	:	robiulislamr.kh5@gmail.com
Facebook ID	:	Roby Khondaker
Hobby	:	Travelling
Favourite Personality	:	Gautam Buddha
Favourite Quotation	:	Work is God
Vision	:	To serve maximum people

Roby
BCS (Administration)
33rd Batch
H-846

Write-up...

Before the autumn

`And finally I said 'No' to him', Swati said with the last sip of coffee. Sharlin was listening to her with curiosity and she commented, 'Everybody has the freedom to say 'No' and you are perfectly right here'. Swati smiled and afterwards pressing her lips touched the hands of Sharlin and told her, 'okay, let's go'. Then both of the friends got out of the coffee shop with refreshing smile in their face.

In twilight they were walking along the street in front of the municipal office. The whole city then was bathed in scarlet light. Every face on the way was smeared with lovely light of dusk. It was a small town of north Bengal. Swati and Sharlin came here from Dhaka one week ago on official tour and within a very short time the city became their friend. In each afternoon these two young souls used to roam each of the veins of the city in search of life.

A bit later of that evening the girls came back to the guest house which was in the suburb of the city. Sweet breeze was blowing with the smell of Jasmines. Sharlin slept a few minutes before. Swati was in her bed with the laptop and was writing something. The past was turning its pages before her eyes which gave her strength to face the grotesque reality in future.

After the completion of post graduation Swati joined civil service. The whole world appeared before her with new hope and dreams. Then her family started to find out a suitable bridegroom for her. In relation to this, one day one of her colleagues told her about Abinash who was also a civil servant and working in a remote city of southern Bengal. Abinash was four years senior to Swati in university and interestingly was from the same department from which she was. Though they knew each other, they never talked to one another in the department. Now they first started to talk over phone and it was before the autumn. At the end of winter, he came to Dhaka and met Swati after many days of University. Abinash was smart and gentle enough and Swati was very polite and decent in nature. They started to like each other.

New leaves were glittering in the tress. Behind the red veil the krishnachura was staring at the colourful changes of he world. The night sky with white pearls beacons to the auspicious begining of tomorrow. Once at midnight the sun smiled. Abinash called Swati and said to her,' will you marry me, Swati.If you agree, and my parents will meet yours and will settle the matter.'

The pages of the calendar were turning over. Abinash's parents invited her parents to their house. It was a lovely morning of spring when Abinash called her. His voice was telling that how much happy he was.

'Swati, let's plan for marriage'.

Swati asked,'What type of plan?'

Abinash said,' you know I hane a number of cousins and relatives who love me very much and they will all be wedding party'.

Swati asked,' how many people?' 'Near about two hundred people and do you know that the family of the bride has to pay half of the cost of the conveyance' Abinash replied.

She said,' then we have to entertain these great number of people five times in my house including their arrangement of accommodation in the wedding night and the cost!'

'Oh, don't worry, it's not difficult, you can rely on me.' Abinash said so.

Swati was feeling quite numb while talking over the phone in front of her office.

Sitting under the starry sky in her balcony she was in deep thought which was darker than the night. She was thinking about the words of Abinash and could not believe the words. Perhaps she was moved by emotions of moments time was dragging her taking this chance.

Another rainy season came and the scorched earth was waiting for torrent. In one afternoon Swati's phone ringed .It was Abinash. 'Swati, I called your father and he asked me to visit your house so that he can take the measure of my finger. Are you planning to give a ring in my Ashirbaad'?, said Abinash. 'I don't know', She replied. 'Hey, don't do that. If you give me Just a ring instead of a chain, it will hamper my image before my relatives. You just add some more money and give a chain in Ashirbaad'. Hearing so Swati was feeling grubby. This time no more is remaining numb. 'Stop these rubbish words. What marriage? Go to someone else with nagging voice. I will not marry you', said Swati in cold and calm voice and cut off the phone.

It was before the autumn. Swati was preparing to go to home from her office. She turned back to her desk and found Abinash was standing there. Why you have come here? she asked. 'To meet you', he replied. 'Swati, I really love you, you can't decide in this way, Abinash said at one breath. Looking into his eyes directly Swati said, 'do you know what love is'? He was silent and stared at her for a few seconds or not at her but at the simplest truth of her question. It was only for some time . Abinash looked down saying nothing though Swati was still looking at him. ' I'm getting late, bye, Swati She got on her official car and looked forward where there were a lot of faces with innumerable stories.

'Hey, you have not slept yet'! Sharlin said to Swati rubbing her sleepy eyes. Swati closed the laptop and said, 'good night, dear'.

Apu Mohanta
Roll: G-722
Assistant Superintendent of Police

"মা"

মা সম্পর্কে কিছু মনে করতে গেলে কেন জানি না আমার ভালো কোন স্মৃতি আসেই না । অথচ কত স্মৃতিই না আছে । খুব ছোটবেলায় মায়ের হাত ধরে বেড়াতে যাওয়ার স্মৃতি, খালার বাড়িতে বেড়াতে চাইতাম! মামার বাড়িতে কখনো নয় । মামার বাড়ি আমাকে খুব একটা টানত না, এসব নিয়ে মার অভিযোগও ছিল না, আমরা না চাওয়াতে মা ও একসময় আর যেতে চাইত না, তবু একবার মামার বাড়ী গিয়ে অসুস্থ হওয়ার মনে পড়ে । কিন্তু এসব স্মৃতিকে কি ভালো স্মৃতি বলা যায় ? সব অসুস্থতার গল্প । নাকি অসুস্থতার গল্পটাই দাগ কাটে বেশি? মামার বাড়ি মা উঠা (গুটি বসন্ত) রোগে পাওয়ার স্মৃতির চেয়ে বেশি মনে পড়ে..... মার রাত জেগে থাকার স্মৃতি । আমার কেন জানি ভয় ছিল, ঘুমালে বুঝি কোন এক বুড়ি (লুতি বুড়ি!) এসে নিয়ে যাবে আমায়! সে কারণে মা জেগে থাকত, আমি ঘুমাতাম । মাঝেমাঝে ঘুম ভেঙ্গে দেখতাম আধো ঘুমে মা লুতি বুড়িকে পাহাড়া দিচ্ছে । আমি বড় স্বস্তিতে ঘুমাতাম । সেই যে একটা নির্ভরতা মেনে নিলাম তা আজও বয়ে বেড়াই সবার অলক্ষ্যে । অথচ এখন মা নেই । নেই! অথচ, কত সহজে বলা হয়ে গেল? খুব অসহায় লাগত নিজেকে । একটা সময় 'নেই ভাবতেই' বুক ফেটে কান্না আসত.....

আসত বলছি কেন? এখনও আসে, তবে বড় হওয়ায় অনেক যন্ত্রণার একটা হল ঠিকমত নিজেকে মেলে ধরতে না পারা! বড় হওয়াটা মানুষকে শেখায় কিভাবে আবেগ দমাতে হবে! কিভাবে ভালো না থেকে সবাইকে বলা যায় ভালো আছি খুব.....আপনি কেমন? কিভাবে হাসিমুখে কান্না চাপা যায়, কিভাবে ভালোবেসে না বাসার ভান করতে হয়, কিভাবে সবাইকে বুঝাতে হয়..... এইতো ভালো আছি.....এসব.....

তাই এখন মার জন্য খারাপ লাগলে আজেবাজে লিখি, যেমন করে ঘাসের বুকের শিশির ছোঁয়া পড়ে আলতো মমতায়, যেমন করে শীতের কুয়াশা সকালে একটু রোদ ছুঁয়ে যায় পূর্ব বাতায়নে, যেমন করে ঘোরলাগা সন্ধ্যায় একটুখানি আলো ভাসে, তেমন করে মায়ের স্মৃতি আমার সামনে ভাসে । হাহাকার ছাড়া অন্য কষ্ট কি হয়? একটু শূন্যতা..... কেমন যেন একটু না পাওয়া ভাব.....বেদনার কষ্টতো এই! তবু একটা অদ্ভুত অনুভূতি জাগে.....মনে হয় কিছুই ঠিকমত হয়নি আজ....কখনো হবেও না! এই কষ্টটার সাথে কিছুর তুলনা হয় না.....

আমার ধারনা.....একজন মানুষ থাকা না থাকার মধ্যে শুধু তার জীবন জড়িত নয়..... মানুষটার স্বপ্ন জড়িত বোধ জড়িত.....আর অবশ্যই অনুভুতি .....কিন্তু আমি যে খুব মা পাগল ছেলে ছিলাম তা হয়তো না । তবে আমি হয়ত মাকে খুব ভালোবাসতাম, অন্য দশটা ছেলের মতই । এসব কথা লিখে বলা যায়! ভালোবাসি.....শব্দটা কি মাকে কখনো বলেছি? মনে পড়ে না..... । এখন বুঝি ভালোবাসা মুখ দিয়ে উচ্চারিত কোন ধ্বনি নয়.....এটা অন্য কিছু.. যা বলা লাগে না.... বুঝানোর প্রয়োজন পড়ে না ....শব্দ ব্যয়ের কোন ব্যাপারও এখানে নেই.....এটা একটা আনন্দময় বোধ.....যা সময় আপনাকে বুঝিয়ে দিবে....তোমাকে ভালোবাসি মা.....

একটা সময় আমি চাইছিলাম তুমি কবে মারা যাবে? তোমার দুই বছরের রোগের কষ্ট আমি কখনও নিতে পারি নি । একটা সময়ে পযর্ন্ত আমি চাইতাম তুমি ভালো হয়ে উঠো.....কিন্তু তোমার শেষ দিনগুলো.....যেগুলো আমি হাসপাতাল কাটিয়েছি একা! সেগুলোতে চাইতাম তোমার আর বাঁচার সেদিনগুলোতে দরকার নেই! রোগের প্রথম দিককার দিনে সবাইকে কাছে পেয়েছিলাম.....কিন্তু তোমার শেষ সময়ে আমি বড় একা হয়ে গেলাম । তুমি যেমন হাসপাতালের আইসিইউতে একা.....আমিও বাইরে তাই । একা একা আমি ভাবতাম তোমার আর বাঁচার দরকার নেই!! তবু তুমি বাঁচতে চেয়েছিলে....মুখে বলতে না পারলেও লিখে দিলে বাঁচতে চাও!! কিন্তু কেমনে বাঁচাই বল!! আমার ছোট হাতগুলোতে এত শক্তি ছিল না তোমাকে ধরে রাখার । আমি বড় অসহায় হয়ে থাকতাম..... একটা সময় আর কান্না ও আসত না । এক-একজন ডাক্তার আসত....আর বলত....আর বেশিদিন না! আমি ফ্যালফ্যাল করে চাইতাম আর বলতাম, ও! আর কতদিন? একজন ছেলে তার মায়ের মৃত্যুর ক্ষণ গণনার মত কঠিন কিছু পৃথিবীতে কমই আছে । তবু আমি অবলীলায় দিন গুনতাম । সামনের শুক্রবার পযর্ন্ত কি বাঁচবে.... ডাক্তার?? শুক্রবারে হলে ভালো হয় । ছুটির দিন....!

তুমি এই লেখাটা পড়লে কতই না কষ্ট পেতে!.....

তোমার কষ্ট দিন দিন বাড়ছিল..আমি এখনো অবাক হই,এত কষ্ট নিয়েও মানুষ কিভাবে বাঁচার আকুতি ধরে রাখে? তুমি বাঁচতে চেয়েছিলে কেন? আমার জন্য? আমাদের জন্য? আমি এখনও এ্যাম্বুলেন্সের শব্দ শুনলে ভয়ে কাঁপি! এখনও আমার হাসপাতাল ভালো লাগে না , এখনো আমি রোগী দেখতে যাই না । কারো মৃত্যুতে এখনো সমবেদনা জানাই না, সবচেয়ে বড়.....আমি এখনও কাদঁতে পারি না!!

আমি একটু কাদঁতে চাই মা.....আমার অনেক কান্না বাকি.....

লিকসন চৌধুরী
রোল: ই- ৫১৫
বিসিএস (পরিবার পরিকল্পনা)

একটি টাই এর আত্মকাহিনী

আমি একজন টাই। সিভিল সার্ভিসের ভ্যাটিকান বলিয়া খ্যাত, দ্যা গ্রেট বিপিএটিসির টাই।

আমি দৈর্ঘ্যে পাঁচ ফুট পৌনে এক ইঞ্চি। আমার মাথা ও লেজের অগ্রভাগ তীক্ষ্ণ। তবে মাথাটা মোটা হইলেও লেজের দিকে ক্রমশ সরু। আমার গায়ের রঙ ডিপ গ্রিন। সারা গায়ে এমব্রয়ডারি করিয়া মেশানো আছে বিপিএটিসির ১৭২ খানা ছোট ও একখানা বড় মনোগ্রাম আর লাল রঙ এ রাঙ্গানো হইয়াছে লাল রঙ এর সাতাশটি স্ট্রাইপে। ওজনে হালকা, কত আউন্স মাপা হয় নাই বটে, তবে ফিগার এখনো ধরিয়া রাখিয়াছি।

আমার দেশে ব্যর্থ রেজিস্ট্রেশন সিস্টেম নাই, থাকিলেও আমাকে ম্যানুফেকচার করা কর্তৃপক্ষ বাংলাদেশের এসআই এন্টারপ্রাইজ তা আমাকে জানাইবার বা গায়ে লিখিয়া দেবার প্রয়োজন বোধ করে নাই। ইহা নিশ্চিত টাইয়াধিকার লঙ্ঘন তাই জন্ম তারিখ বলিতে বা মনেও করিতে পারিতেছিনা। তবে ইতোমধ্যে তথ্য অধিকার আইন ২০০৯ এ আমি জন্ম তারিখ জানিতে চাহিয়া আবেদন করিয়াছি।

যাহারাই আমাকে দেখিয়াছেন তাহারাই বলিয়াছেন, 'নিশ্চিত পিওর সিল্ক'। ফ্যাক্টরির লটে শুইয়া শুনিয়াছিলাম আমার ফেব্রিকের আদিনিবাস চায়না। টাই সমাজে চায়না সিল্কের বংশীয় মর্যাদা অত্যন্ত উচ্চতর। তবে এ দেশে আসিয়া কিছু কার্পাস তুলা মিশিয়া গিয়াছে কি না তাহা নিশ্চিত করিয়া বলিতে পারিতেছি না।

আমার ঈষৎ স্ফীত (!) মুখ খানি শার্টের বুক জমিনে উল্টো হইয়া ঝুলিয়া থাকে। তবে সে শার্টের ধরণ হইতে হইবে ফরমাল, কলার হইবে টাই কলার। যে কোন শার্ট আমাকে ধারণ করিবার যোগ্যতা (!) রাখে না। যা হোক উল্টো হইয়া থাকাই আমার জীবন। আমার মাঝ দেহে থাকে এক গিট্টু বন্ধনী বা নট, নানান তার নাম; ওরিয়েন্টাল, হ্যানোভার, ফোর ইন হ্যান্ড, উইন্ডসোর সহ আরও শতখানেক। আমার মুখ খানি বেল্ট ছুঁই ছুঁই করিতে থাকিবে। লেজ খানা একটি লেজবন্ধনী দিয়ে পেছনে আটকানো থাকিবে। সব মিলে একেবারে কেতাদুরস্থ। যদিও আমাদের মাথার অগ্রাংশ বেল্টের টপলাইন ছুঁইয়া যাইবার কথা, কিন্তু অনেকের ভয়ঙ্কর প্যারাবোলিক ভুড়িদেশের কারনে বেল্ট এতো নামিয়া যায় যে, আমার মাথা কখনই কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাইতে পারেনা। এ ব্যর্থতার দায়ভার আমরা টাই সমাজ বহন করিতে রাজি নই।

পি৬০তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের একজন প্রশিক্ষণার্থী হইবে আমার মানব হেঙ্গার। আমাকে ছাড়া তাহার কেন্দ্রে প্রবেশ করিবার কোন সুযোগ নাই। প্রশিক্ষনের আদর্শ মানদন্ড হিসেবে আমাকে বাধ্যতামূলকভাবে তার প্রতিদিনের সঙ্গী করা হইয়াছে। এ জন্য বিপিএটিসি কর্তৃপক্ষের নিকট আমার কৃতজ্ঞতার শেষ নাই। আর মানবিনী হেঙ্গারিনিদের আমার সমমর্যাদায় দেওয়া হইয়াছে ব্রোচ, যাহা শুধুমাত্র শাড়ির সাথে পরিধানযোগ্য। মাঝখানে ডেসটিনির কারনে আমাদের ভাবমূর্তি কিছুটা ক্ষুন্ন হইলেও এখন কিছুটা পুনরুদ্ধার হইয়াছে বলিয়া বোধগম্য হয়। তবে সচিবালয় নির্দেশমালা-২০১৪ তে আমাকে পরিধান করিবার বিষয়ে কোন নির্দেশনা না থাকায় টাই সমাজ অত্যন্ত ক্ষুব্ধ। ইতোমধ্যে আমরা আমাদের মর্যাদা শার্ট-প্যান্ট এর সমমান করিবার দাবি করিয়াছি।

যা হোক, ফ্যাক্টরি হইতে প্যাকেটজাত হইয়া, নানান পথ পারি দিয়া, বিপিএটিসির ডর্মেটোরি ৫ এর ৪০৭ নাম্বার রুমে আসিয়া আমার যাত্রা থামিলো। পরিচয় হইলো আমার ভ্রাম্যমাণ হ্যাঙ্গারের সাথে। বেচারা বড়ই নাদান। সে আমাকে ঠিক মত পরিধানই করিতে পারিতেছিলো না। বহু কষ্টে ইউটিউব এর সহযোগিতা লইয়া সিঙ্গেল নট বাধা শিখিলো বটে, কিন্তু লেজ মাথা সমন্বয় করিতে যাইয়া তার একেবারে লেজেগোবরে অবস্থা। কখনো আমার মাথা গিয়া ঠেকিতেছে বেল্টের নিচে আবার কখনও আমার লেজাগ্র মাথাকে অতিক্রম করিয়া উল্টা দিক থেকে উঁকি দিতেছে। অনেক যুদ্ধ শেষে কোন রকমে একটা নট দাড়াইলো। এ রুমেই হঠাৎ দেখি আমার ফ্যাক্টরির প্রডাকশন ব্যাচমেট আরেক হ্যাঙ্গারে ঝুলিতেছে। সেলাই মেশিনে আমাদের সিরিয়াল ছিলো পর পর, এখানে এসেছিও এক রুমে।

সে দিন পরিচয় হইলো আমার প্রতিবেশী 'নেম ব্যাজ' এর সাথে। তাহার কাছে শুনিতে পাইলাম তাহাকেও আমার সমমর্যাদা দেয়া হইয়াছে। যদিও পরবর্তীতে বিভিন্ন অনুষ্ঠানে আমাকে বাদ দেয়া হইলেও তাহাকে ঠিকই বাধ্যতামূলক রাখা হয়েছে। এমন বর্ণবাদ কোন ভাবেই মানিয়া লওয়া যায় না।

হেঙ্গারের সাথে আমার প্রথম দিকের অভিজ্ঞতা বেশ ঠান্ডা। আমাকে সে যেন গলায় রাখিতেই চাহে না। এই খোলে তো এই পরে। আমার প্রতি কেন যে তাহার এতো আক্রোশ প্রতি বৃহস্পতিবার বিকালে ঢাকার বাসে ওঠামাত্রই সে আমাকে খুলিয়া এমন এক ঢিল দিত যেন লাগাম হইতে কোন ঘোড়া পাঁচ দিন পরে ছাড়া পাইয়াছে।

এ দিকে আজ গায়ে তরকারির ঝোল তো কাল জিলাপীর রস লেগেই চলেছে। এমন কি ধুয়ার নাম গন্ধও নাই। কি যে এক যন্ত্রণা। একদিন তো গেলো পেছনের লেজবন্ধনী খানা খুলিয়া। লেজখানা যে শুধু বকনা বাছুরের লেজের মত ডানে বায়ে নড়িতেছে, সে দিকে তাহার কোন ভ্রুক্ষেপই নাই। আবার প্রক্ষালন কক্ষে যাইয়া কারণে-অকারণে আমাকে কাঁধের ওপর ফেলিয়া রাখাটা ছিলো বড়ই বিরক্তিকর। তবে সেদিন ভালো লাগিয়াছিলো, যে দিন আমরা প্রায় একশত প্রোডাকশন ব্যাচমেট একি সাথে একখানা করিয়া টাই পিন পাইয়াছিলাম।

শীতে শুরু হইলো নতুন যন্ত্রণা। আমার স্বাধীনতা হরণ করিয়া লইলো ব্লেজার নামক এক সম্ভ্রান্ত বস্ত্র। তাহার পেটের বোতাম দুখানা লাগাইলে আমার তো ত্রাহি ত্রাহি অবস্থা। নয়ন ভরিয়া বিপিএটিসির ফুলবাগান দেখার যেনো এখানেই ইতি ঘটিলো। আমি ফুল বড়ই ভালোবাসিতাম। মাঝে মাঝে অতি বস্তা প্রকৃতির এ বস্ত্রের মাঝে অবস্থান করা যেন ছিলো সাহারা মরুভূমির বালিতে শুইয়া থাকার মত।

এভাবে কয়েক মাস চলিলো। এর মাঝে হেঙ্গারের মেস নাইট হইলো, মাল্টি পারপাস-কফি হাউজে হাউকাউ হইলো, মঞ্চে হেই সামালো নাচ হইলো, ক্লাসে ওপারে নিথর কেনো কেকা ওই গান হইলো, নুরুল স্যারের দেড় তালি-আড়াই তালি হইলো, হইলো আরও নানান কিছু। হেঙ্গারের সাথে ভাব জমিয়া উঠিলো। এর মাঝে নেম ব্যাজের সাথে সখ্যতা বাড়িয়া উঠিয়াছে। আমাদের দুজন ছাড়া যেন হেঙ্গারও চলাফেরা করা ভুলিয়া গিয়াছে। এমন সময় শুরু হইলো ফিল্ড এটাচমেন্ট। প্রেসিডেন্ট স্যুটকেসের সাইড পকেটে কুচিমুচি হইয়া পড়িয়া রইলাম দুইমাস। বন্ধু নেম ব্যাজের সাথেও কোন দেখা নাই। রাগে দুঃখে জনৈক ব্যাকটেরিয়ার সাথে যুক্তি করিয়া, গায়ে লাগিয়া থাকা পুরাতন তরকারির ঝোলে অবাত শ্বসন প্রকৃয়া কাজে লাগাইয়া ই-কোলি ব্যাকটেরিয়ার চাষ করিলাম। আর প্রতীক্ষার প্রহর গুনিতে লাগিলাম, আলো আসিবে কবে।

একদিন স্যুটকেসের চেইন খোলার শব্দ পাইলাম আর সেই সাথে হেঙ্গারের আর্ত চিৎকার। আমার সারা গায়ে তখন প্রায় অমোচনীয় ময়লা আর দীর্ঘ দিন ধরিয়া লাগিয়া থাকা নট আর প্যাচের কারনে মাথা-বুক-পিঠ-কোমড়-লেজ ভাঙ্গিয়া একেবারে একাকার। অতঃপর আমাকে ধৌত করিতে বিপিএটিসির লন্ড্রিতে পাঠানো হইল। বিচিং পাওডারের উত্তম মধ্যম খাইয়া গা হইতে দাগ ময়লা সকল দৌড়াইয়া পালাইলো। সে কি ঝাঁঝরে বাবা। শেষে আয়রনের ১০০ ডিগ্রি তাপমাত্রার হিট খাইয়া আমার অবস্থা ত্রাহিত্রাহি। তবে এ হিট থেরাপিতে কাজ হইয়াছে। ক্রমশ বক্রমান কোমড় খানা সোজা হইয়াছে।

নতুন করিয়া আবার দুমাসের যাত্রা শুরু হইলো। ততদিনে আবার গরমকাল আসিয়া গিয়াছে। দুচোখ ভরিয়া ভালোবাসার ফুল দেখা শুরু করিলাম। তবে নতুন করিয়া বিশেষ এক যন্ত্রণা শুরু হইয়াছে। হেঙ্গারের গরম লাগিলে সে আমাকে দিয়া হাতপাখার কাজ চালাইয়া লইতেছে। যা আমার জন্য বড়ই অপমানজনক।

শেষ দুমাস আমার জন্য ছিলো বড়ই ঘটনা বহুল। আরও অনেক অনুষ্ঠান হইলো, ক্লাস, ল্যাব, বিতর্ক ইত্যাদি হইলো। আমারো অনেক কিছু শেখা হইলো। ডিম পাড়ে হাসে-খায় বাঘডাসে; বড়র পিড়িতি বালির বাধ-ক্ষণে হাতে দড়ি, ক্ষনেকে চাঁদ; বোটানিক এরোমা-নাইট কুইন; সিএ স্যারের কবিতা আবৃত্তি-এর প্রতিটি বিষয়ই এই ইয়াং ফ্রেন্ডসদের কাছে একেকটি ইতিহাস। ২৮ ফেব্রুয়ারি, ২০১৬ রেক্টর স্যার বিদায় লইলেন। অসংখ্য গুণগ্রাহী অনুসারীর চোখের জল গড়াইয়া পড়িলো, আমরা টাই সমাজ সে জলে সিক্ত হইলাম। আমাকেও নানান কারণে অকারণে আমার অনেক প্রডাকশন ব্যাচমেটদের হারাইতে হইয়াছে। তবে তাহারা আছে, তাহারা থাকিবে; নীরবে।

এ ছয় মাসে অত্যন্ত সুখকর বিষয় ছিলো সকালের ড্রেসের সাথে টাই পড়িতে হইতো না। শীতের সকালের ঘুমগুলো ছিলো অসাধারণ। আহ। এ সেশনে নাকি লেগ এপার্ট-ম্যাক্সিমাম, সিক্রেট ব্যায়াম বলিয়া কিছু ওপেন সিক্রেট ছিলো। তাহা মিস করিয়াছি বটে। তবে বৈকালিক খেলাধুলা উপভোগ করিতে না পারিয়া আমি খুবই ব্যাথিত। বিপিএটিসি টাই সমিতি এর পক্ষ থেকে এর লিখিত ও আনুষ্ঠানিক প্রতিবাদ এবং ভবিষ্যৎ এফটিসি গুলোতে বৈকালিক ড্রেসের সাথে টাই যোগ করিবার দাবি জানানো হইয়াছে।

পি ৬০তম এফটিসির ইতি ঘটিতে চলিতেছে। খারাপ লাগার অনুভূতিটুকু লইয়া নাই বা বলিলাম। তবে এই ভাবিয়া খুশি লাগিতেছে যে, জীবনে আর কোন টাই এর পক্ষে এত দীর্ঘ সময় আমার এই মনুষ্য হেঙ্গারের গলায় ঝুলিয়া থাকার সুযোগ পাইবে না। এখন সময় কাটিবে হয়ত কোন এক স্যুটকেসের সবচেয়ে কম ব্যবহৃত চেম্বারে বা হ্যাঙ্গারের স্মৃতি জাদুঘরে, এমনকি আমার অনেক বন্ধুর হেঙ্গারশুন্য হইবার সম্ভাবনা রহিয়াছে। হয়ত কোন একদিন আবারো আমার ডাক পরিবে পি৬০ তম এফটিসির পুনর্মিলনীতে। জানি না কবে, তবে হইবে।

দেখা হইবে বন্ধু কারণে আর অকারণে, দেখা হইবে বন্ধু বোকা কোন অভিমানে.....



তাহমিলুর রহমান
রোল: এ-১১৪
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

মা আমার জীবনাদর্শের প্রথম শিক্ষক

শীতের আড়ষ্টতা কেটে জেগে উঠতে শুরু করেছে প্রকৃতি। পত্রঝড়া বৃক্ষগুলো তাদের অস্তিত্ব টিকিয়ে রাখার স্বার্থে পত্র বিসর্জন দিতে শুরু করেছে। আবডালে বসা কোকিলের কূহুতানে ভেসে আসছে বসন্তের আগমনী বার্তা। এমনি এক পড়ন্ত বিকেলে ইজি চেয়ারে হেলান দিতেই আনমনা হয়ে পড়ে আবীর। মানসপটে ভেসে উঠে অতীতের স্মৃতি.....

উন্নত বিশ্বে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা যখন মানবিক মূল্যবোধহীন অসম উন্নয়নের জোয়ারে ভাসছে, তৃতীয় বিশ্বের সদ্য স্বাধীন দেশগুলো তখন নিজস্ব পুজি বিকাশের মাধ্যমে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখার নিরন্তর সংগ্রাম চালিয়ে যাচ্ছে। সামন্তমাজের নানা সংস্কার তখনো সামাজিক আচার অনুষ্ঠানে দেখতে পাওয়া যায়। এমন একটি সময়ে দূরপল্লীর এক নিভৃত পাড়াগাঁয়ে বেড়ে উঠছে শিশু আবীর। ষড়ঋতুর গ্রামবাংলার নানা বৈচিত্রের মধ্য দিয়ে শৈশব অতিক্রান্ত হয় আবীরের। বিশেষ করে নবান্নের সময় নতুন ধান ঘরে তোলার দৃশ্য, ধানের খড়ে লুটোপটি খাওয়ার আনন্দ, গ্রামের সকল ছেলে-মেয়ে মিলে সদ্য ধানকেটে নিয়ে আসা মাঠে গোল্লাছুট খেলার দুরন্তপনা, আজও পুলক শিহরণ জাগায় আবীরের মনে। চোখেমুখে অনেক বড় স্বপ্ন নিয়ে বড় হতে থাকে আবীর। সংসারের নানা রকম অসচ্ছলতা প্রত্যক্ষ করেছে সে। সকল অসচ্ছলতাকে জয় করে বাবা মায়ের মুখে হাসি ফুটাতে চায় আবীর। সে লক্ষ্যে লেখাপড়াকেই হাতিয়ার করে নেয় আবীর। মা-ও কম যায়না প্রতিনিয়ত নানা উদাহরণ দিয়ে উজ্জীবিত রাখে আবীরকে। মায়ের আশীর্বাদ, বাবা ও বড়ভাইদের সহযোগিতায় এবং বোনের আদরে সংসারের ছোট ছেলে আবীর সমস্ত ঘাত-প্রতিঘাত মোকাবেলা করে বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রি অর্জন করে। লেখাপড়া শেষ করে দেশের সর্বোচ্চ চাকুরিও পায়। কিন্তু ততদিনে মহানন্দায় অনেক জল গড়িয়েছে। ডায়াবেটিস জনিত জটিলতায় মায়ের দুই পা চার বার ভেঙ্গেছে, ডায়াবেটিক রেটিনোপেথির কারনে হারিয়েছেন দৃষ্টিশক্তি, প্রতিবারেই যথোপযুক্ত চিকিৎসার কারনে মা বেঁচে আছেন ঠিকই তবে অকেটা পরনির্ভশীল হয়ে। আবীর তার সাধ্যমত চেষ্ঠা করেছে মাকে সুস্থ রাখার জন্য, মায়ের স্বপ্নের সুখ বাস্তবে আস্বাদনের সুযোগ তৈরি করে দেওয়ার জন্য, তবে বিধিবাম। আবীরের সেই চেষ্ঠা সফল হয়নি। এই বছরের ১৭ জানুয়ারী এই পৃথিবীর সকল বন্ধনকে ছিন্ন করে আবীরকে একা ফেলে না ফেরার দেশে চলে গেছেন মা। মায়ের জীবনে তেমন কোন শখই পুর্ণ করার সুযোগ পেলনা আবীর। শুধু আবীরের মা কেন; মধ্যবিত্ত পরিবারের অনেক বাবা-মায়েরই একই অবস্থা। সংসারের দুঃখ পেরিয়ে যেই না সুখের নাগাল আসে তখন তাদের পরমায়ু শেষ হয়ে যায়। বিদ্যমান সমাজ কাঠামোতে আবীরেরা কখনোই তাদের পরিবারের জন্য খুব বেশি স্বাচ্ছন্দ্য বয়ে আনতে পারবেনা, এই কঠিন সত্যটা আবীর এখন খুব ভালো করেই বুঝে। তাই এই নিয়ে এখন খুব বেশি দুঃখবোধ নাই তার তবে কি করে এই বৃত্ত ভেঙ্গে বেড়িয়ে আসা যায়, সেটা নিয়ে মাঝে মধ্যেই বেশ উদ্বিগ্ন দেখা যায় আবীরকে।

ব্যক্তি জীবনে আবীর সচ্চরিত্রের সাদা মনের মানুষ। তার দ্বারা কারো কোন প্রকার অনিষ্ট হোক তা কখনো সে কল্পনাও করে না। আবীরের জীবনে এই সৎ মানসিকতার বীজ রোপিত হয়েছে তার শিশুকাল থেকেই। আবীর যখন কেবল বুঝতে শিখেছে তখন মা তাকে শিখিয়েছে, কখনোই অন্যের কোন সম্পদের প্রতি লোভ করবে না, এমনকি রাস্তায় কোন মূল্যবান সম্পদ পড়ে থাকলেও তা তুলে নেবে না। কখনোই মিথ্যা কথা বলবে না। অন্যকে গালি-গালাজ করবে না। আরো নানারকম উপদেশ মা দিয়েছিলেন আবীরের ছেলে বেলায়, যা আবীর মেনে চলার চেষ্ঠা করেছে সব সময়। মায়ের এই আদর্শিক শিক্ষাই আজ আবীরকে সমাজে সম্মানিত করেছে, প্রতিষ্ঠিত করেছে। সমাজ বিজ্ঞানের গবেষণায় জানা যায় মানুষের চারিত্রিক বৈশিষ্ঠগুলো গড়ে উঠে জন্মের পাঁচ বছরের মধ্যেই। তাই এই সময়ে যদি সততা ও নৈতিকতার শিক্ষা শিশু মনে একবার প্রোথিত করে দেয়া যায়, তবে সাড়া জীবন তার ফল পাওয়া যায়। মা আবীরকে সে ভাবেই গড়ে দিয়ে গেছেন। মায়ের কথা ভাবতে ভাবতে চোখের কোনে বিন্দুবিন্দু জল একত্রিত হয়ে অশ্রুফোটা হয়ে গড়িয়ে পরে কপোল বেয়ে। তৎক্ষনাৎ তার পিঠে একটি ছোট্ট হাতের স্পর্শ অনুভব করে পিছন ফিরে দেখে তাঁর আট মাস বয়সী মেয়ে মায়ের কোলে বসে মৃদু হেসে বাবার দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছে। মেয়ের কোমল হাতের স্পর্শে ভাবনার জগত থেকে বাস্তবতায় ফিরে আসে আবীর। তিন প্রজন্মের সন্ধিক্ষণে আবীর এখন একবৃত্তের মধ্যে পড়ে যায়। এভাবেই জীবন এগিয়ে চলে জীবনের গতিতে.....।

ডা. মো. ওসমান গনি (শিশির)
রোল: ই-৫১১
বিসিএস (লাইভস্টক)

গরু মার্কা মারা জোকস-রম্য রচনা

মামাদের রাখালটা একদিন বত্রিশ দাঁত বের করে বলল, "ভাই আমার কী মনে অয় জানুইন? গরু মনে অয় হাসে" । এই বলে সে একটা নির্বাক হাসি দিল । ওর হাসি দেখে তখন মনে হলো, আহা! গরু অবশ্যই হাসে, গরু ছাড়া এমন সুন্দর হাসি আর কে বা হাসতে পারে! গরু আমাদের প্রাত্যহিক জীবনে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে । যে স্কুল ছাত্রটি জীবনে কোনদিন গরু দেখেনি তাকেও গরু রচনা লিখতে হয় মুখস্ত করে । একদিন স্কুলের শিক্ষক ভাগ্নেকে জিজ্ঞেস করল ঃ কিরে তোর আর জনির গরুর রচনা হুবহু এক রকম হলো কী করে? ভাগ্নের সোজাসাপ্টা জবাব ঃ স্যার আমরা দুজনে একই গরু দেখে লিখেছি তো তাই! এভাবেই ছাত্র শিক্ষকের সর্ম্পকটা আনেকটা দুষ্টুমির মধ্যে দিয়েই এগিয়ে চলে । এইতো সেদিন ভাগ্নে ক্লাসে গরু নিয়ে ঢুকলো, স্যার জিজ্ঞেস করলেন : কী রে ক্লাসে গরু নিয়ে ঢুকলি কেনো? ভাগ্নের উত্তর: স্যার আপনিই তো বলেন যে কত গরু পিটাইয়া মানুষ বানাইলাম! এখন এই গরুটাকে একটু মানুষ বানাইয়া দেন! বিব্রত স্যার আর কী বলবেন, ভাগ্নে তখন স্যারকে আরেক প্রশ্ন করে বসল, "বলেন তো স্যার, গরু আমাদের কী দেয়?" স্যার উত্তর দিলেন, "দুধ দেয়" । দুষ্টু ভাগ্নে উত্তর দিল: গরু আমাদের গুতো দেয় স্যার । সেদিন ভাগ্নেদের দুষ্টুমিতে ক্ষেপে গিয়ে স্যার সবাইকে গরুর ছবি আকঁতে দিলেন, ভাগ্নের ফাঁকা খাতা দেখে স্যার জিজ্ঞেস করলেন সবাই গরু এঁকে খাতা জমা দিল তুই খালি কাগজ দিলি কেন? ভাগ্নে বলল, "স্যার, খালি না, ঘাস এঁকেছিলাম ।" শিক্ষক বলল, "ঘাস কই?" ভাগ্নে বলল, "স্যার, গরু খেয়ে ফেলেছে ।" শিক্ষক বলল, "তাহলে গরু কই? ভাগ্নে বলল, "স্যার, গরু কী ঘাস খেয়ে বসে থাকবে?" স্যার ভাগ্নের দুষ্টুমিতে মহাবিরক্ত হয়ে রাগে কিরমির করতে করতে এক'শ শব্দে গরু রচনা লিখতে বললেন । কিছুক্ষণ পরে ভাগ্নে চটপট খাতাটা এগিয়ে দিল । অবাক হয়ে শিক্ষক বললেন 'তোমার লেখা কি শেষ হয়েছে?' ভাগ্নে বিনয়মাখা স্বরে বলল, 'জি স্যার । শেষ হয়েছে ।' শিক্ষক বিস্ময় নিয়ে লেখাটি পড়তে শুরু করলেন, ভাগ্নে লিখেছে,"আব্বা হাট থেকে গরু কিনে বাড়ি ফিরছিলেন । আমি আব্বার সঙ্গে ছিলাম । পথে দুষ্টু গরুটি আব্বাকে গুঁতা দিলে তিনি খুবই রেগে গিয়ে গরুকে গালি দিতে লাগলেন । (স্যার, এই পর্যন্ত ২৫টি শব্দ হলো, বাকী ৭৫টি শব্দ হলো আব্বার গালিগালাজ । যা কিনা আপনার মতো সম্মানিত ব্যক্তির কাছে লিখে বেয়াদবী করা আমার সাজে না । অর্থাৎ (২৫ + ৭৫ = ১০০ শব্দের রচনা সমাপ্ত হলো ।)

গরু ছাড়া বাংলা ভাষা অসম্পূর্ণ, যেমন গোধূলি শব্দটি এসেছে গরু যখন গোয়ালে ফেরে অর্থাৎ গরুর পায়ে ধূলি উড়ার সময়টাকে কেন্দ্র করে । রচনা থেকে শুরু করে বাগধারা, প্রবাদবাক্য সবই গরু ছাড়া অচল । যেমন দুষ্ট গরুর চেয়ে শুন্য গোয়াল ভালো, গরু মেরে জুতা দান, হিসাবের গরু বাঘে খায় না, ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখে ডরায়, একই গোয়ালের গরু, কাজীর গরু কিতাবে আছে গোয়ালে নেই, গরু খোঁজা ইত্যাদি । গরু খোঁজা শব্দটি থেকেই পরবর্তীতে গবেষণা শব্দটি এসেছে । একদিন আমার এক দূর সম্পর্কের মামিকে চিনতে না পেরে 'ভাবি' বলে ফেলেছিলাম । মামি সাথে সাথে জবাব দিল, "কী ভাগ্নে গরু হারিয়ে ফেলেছ নাকি?" আমি এই কথার মাথা মুণ্ড কিছুই বুঝিনি, মাথার উপর দিয়ে গেছে । সঙ্গে সঙ্গে ভুল বুঝতে পেরে জিজ্ঞেস করলাম, মামি, গরু হারানো মানে কি? মামি বলল, এক লোকের গরু হারিয়ে গেল, সে হন্য হয়ে সারা এলাকা খুঁজেও যখন কোথাও গরু পেল না, তখন ঘেমে নেয়ে একাকার হয়ে বাসায় এসে তার ছেলেকে বলল, "ভাই এক গ্লাস পানি দিবা?" বউ তখন ওপাশ থেকে ছুটে বলল এই তোমার কী হয়েছে, নিজের ছেলেকে 'ভাই' ডাকছ? তখন লোকটা বলল "মাগো গরু হারালে এমনই হয়" । মামির এ কথা শুনে আমি লজ্জায় লাল হয়ে চলে এলাম । গরু খোঁজার ঘটনা এখানেই শেষ না, ঐ লোকটা গরু খুঁজতে গিয়ে ক্লান্ত হয়ে পার্কের এক কোনায় এসে বিশ্রাম করছিল । পার্কের অপর এক কোণে বসে এক প্রেমিক প্রেমিকা আলাপ আলোচনায় বিভোর, প্রেমিক প্রেমিকাকে বলছে - আমি তোমার চোখে চোখ রাখলে পুরো পৃথিবীটাকেই দেখি । এমন সময় পাশে বসে থাকা গরু হারানো লোকটি উঠে এসে বলল, 'আমি আমার গরুটা খুঁজে পাচ্ছিনা, ভাই দয়া করে ওনার চোখে চোখ রেখে খুঁজে দেখে বলুন তো আমার গরুটা কোথায় আছে ।' গরু খোঁজা নিয়ে আমার গ্রামের বোকাসোকা আবুল মিয়ার আরেকটি ঘটনা, মালেক চাচার গরু হারিয়ে গেলে কোথাও খুঁজে না পেয়ে মাইকিং করা হল । সারা গ্রামের মানুষ খুঁজে না পেয়ে, হয়রান হয়ে যখন আশা ছেড়ে দিল, তখন আবুল মিয়া গরুটি খুঁজে পেয়ে গেল । যথারীতি তার সাক্ষাৎকার নেয়া শুরু হল কীভাবে সে গরুটিকে খুঁজে পেল, বোকা আবুল বলল, 'আমি চিন্তা করলাম, আমি যদি গরু হতাম তবে কোথায় যেতাম! ঐখানে গিয়ে দেখি গরুটা বসে আছে ।

গরুকে আমরা আমাদের প্রয়োজনে বিভিন্নভাবে ব্যবহার করে থাকি, যেমন একলোক অন্ধ ভিক্ষুককে বলল- এই যে, তুমি যে ভিক্ষা চাইছো, কিভাবে বুঝবো যে তুমি অন্ধ? তখন ভিক্ষুক বলল,'এই যে দূরে একটা গরু দেখতাছেন, ওইটা আমি দেখতাছি না ।'

"তুই গরু না ছাগল?" কোরবানি আসলে আমরা প্রত্যেককে এই প্রশ্নটি করেই থাকি । গত কোরবানির সময় হাটে গেলাম গরু বেঁচতে । কিন্তু ভালো দাম না পাওয়ায় ফিরে আসছিলাম । পথে ছিনতাইকারীরা আমাকে আটকালো- কী হলো গরু বেচিস নাই? বললাম-না ভাই, ভালো দাম পাই নাই । ছিনতাইকারী বলল -ভালো দাম পাওয়ার দরকার কী? যা পাইতিস তাতেই বিক্রি করে দিতিস, লস হলে আমাদের হত, টাকা তো নিমু আমরা । এবার আসি নাসির উদ্দিন হোজ্জার কাছে । মাঝে মাঝে আমি দ্বিধায় পড়ে যায় লোকটা কী বোকা ছিল নাকি বুদ্ধিমান? এক লোকের ষাঁড় হোজ্জার বাগানের বেড়া ভেঙে ভেতরে ঢুকে তছনছ করে দিয়ে মালিকের কাছে ফিরে গেল । হোজ্জা পুরো ব্যাপারটা লক্ষ করলেন, তারপর একটা বেত নিয়ে বেরিয়ে এসে ষাঁড়টাকে পেটাতে শুরু করলেন । লোকটা চেঁচিয়ে বলল, কোন সাহসে আমার ষাঁড়কে আপনি পেটাচ্ছেন! হোজ্জা বললেন, কিছু মনে করবেন না আপনি, ও পুরো ব্যাপারটা জানে । এটা ওর আর আমার ব্যাপার!

গরুর মাংস খেতে পছন্দ করে না এমন লোক খুঁজে পাওয়া দায় । গরুর মাংসের স্বাদ নিয়ে সেকেন্ড কোনো চয়েজ নেই । ভাগ্নেকে জিজ্ঞেস করেছিলাম, গরুর মাংস এত স্বাদ কেন রে? উত্তর দিল,'সব অলস প্রাণীর মাংসই সুস্বাদু' যাবার আগে ভাগ্নে আমার কানে কানে বলে গেল,'মামা জানো, তোমার মাংস অনেক স্বাদ হবে'!

এবার শেষ করার পালা! গরুর মাংস শকুনেরও অনেক প্রিয় তবে সেটা মরা গরুর । অনেক হোটেল মালিক নিজেদেরকে শকুন ভাবা শুরু করেছেন । ও! যাবার আগে একটা ধাঁধা বলি, 'মরা গরু হেঁটে যেতে দেখেছেন কখনো?' একটু চেষ্টা করুন উত্তর পেয়ে যাবেন । ইদানিং একটা নতুন নিয়ম বের হয়েছে, একটা কৌতুক ফাও দিতে হয় । এই কৌতুকটা ফাও.....ভাগ্নে রাস্তা দিয়ে হেটে যাচ্ছিল, হঠাৎ সামনে গোবরের মত কি যেন দেখলো, নিশ্চিত হওয়ার জন্য তা আঙুলে নিয়ে মুখে চেখে দেখে বলে, "উউউ বাঁচলাম একটুর জন্যে গোবরে পা দিলাম না!"

শেষ কথা!! গরুর মাংস খান, দাঁত খিলান, গরুর মার্কা জোকস পড়ুন দাঁত কেলান ।

গরু মার্কা মারা ঢেউ টিনের কথা আজ আর না ই বা বললাম ।

মামুনুর রহমান
রোল: বি-২১০
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

অণুকাব্য

(১)
পিএটিসির প্রতিটি সেশন,
গড়বে মোদের ফাউন্ডেশন ।

(২)
খেলার মাঠে তোলপাড়,
এবার হাত-পা ভাঙ্গল কার?

(৩)
রাতে মশা দিনে মাছি,
এই নিয়ে পিএটিসিতে আছি ।

(৪)
পাগলা ঘন্টার তোল পাড়,
রবি থেকে বৃহস্পতিবার ।

(৫)
এ থেকে এইচ সেকশন ,
ঘুমিয়ে পড়ার টেনশন ।

(৬)
কোন সেশন নাহি ছাড়ে,
বসে যারা ঘুমাতে পারে ।

(৭)
Sunday থেকে একটাই আশা,
Thursday -তে যাব বাসা ।

(৮)
হাঁটা, পিটি, ক্লাস আর খেলা,
পিএটিসিতে প্রানের মেলা ।

উপমা ফারিসা
রোল: এইচ-৮৪৪
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

অপেক্ষা

ভালো থাকার একটা চেষ্টা যা আমি করে চলেছি প্রতিনিয়ত
তোমার কাছে তা সহজ, স্বাভাবিক
আমি দূরত্বেরও বাইরে থেকে আমার অদৃশ্য চোখ দিয়ে,
যখন পৃথিবীর সকল অন্ধকারের দিকে তাকাই,
তুমি তখন আলোর সন্ধানে ছুটে চলো উত্তর মেরুর দিকে
আমি দিগভ্রান্ত বেদুঈনের মত পাড়ি জমাই অজানা গন্তব্যে
অথচ তোমার ঘর পিয়ানোর সুর মূর্ছনায় হয় প্লাবিত
তোমার বিছানার চাদরে, জানালার পর্দায় দক্ষিনা বাতাসে মাতে উচ্ছ্বাস,
সবাই থাকে তোমার ঘরে, আনন্দে প্লাবিত হয় উৎসব।
অথচ আমি অনাকাঙ্খিত, অচেনা কেউ,
আমি এক গ্লাস জোছনা আর এক গ্লাস অন্ধকার হাতে,
শত শতাব্দী ধরে অপেক্ষার প্রহর গুনি।
তুমি কেবলই ঘুমে অচেতন,
অর্ধেকটা পৃথিবীর তোমার কাছে কালো পর্দা ঘেরা এক অচেনা জগৎ!
এ সবই থাকে সবার অজানা, অনেকটা জানি আমি নিজেও,
জানতে গেলে দেখি সময়ের অভাব,
জীবন থেকে কেটে ফেলতে হয় কাজের দীর্ঘ তালিকা
তোমাকে ভালো থাকতে হয়,
কারন আমি অকারণে নষ্ট হতে থাকি দিন দিন।

মোঃ ফোরকান এলাহি অনুপম
রোল: জি-৭২৩
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

কবিতা সে আমার চয়নে

ফিরে এসো বনলতা, দেখো একবার
ধানসিঁড়ি ভাসিত লাল-পদ্ম জলে,
তোমারই জীবনানন্দ মেনেছে হার
দেখে সেথায় হংস হংসী যুগলে।
কী স্বপন তাদের মায়াবী নেত্রতলে?
ম্লান হবে যে তোমার রূপের বাহার,
কত পুষ্প আজ ধানসিঁড়ির সলিলে-
শুভ্র কাশ কাননে হয়েছে একাকার।

কত বনহংস বনহংসী আসে
এই নদী জলে; কত স্বপ্ন হয় আঁকা
এ নদী মাঝে-যেন ধনুর ন্যায় বাঁকা,
ভরেছে আহ্লাদে ও মধুর সম্ভাসে।
সেন! দাশ তোমায় দেখেছে যে নয়নে,
সেই রূপে কবিতা সে আমার চয়নে।

মোঃ মোরশেদুর রহমান তালুকদার
রোল: বি-২৪০
সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

অবসরের গান

তোমাদের কর্মস্পৃহা, স্বপ্নঘোড়া
আর প্রাণচাঞ্চল্য, আমার স্বপ্নদৃষ্টি
অন্ধ করে দিচ্ছে, যেমনটা
সূর্যেও মুখোমুখি তাকিয়ে থাকার মত।
ভ্রমর কালো অমাবস্যায় ছায়া
আমার মূমুর্ষ স্বপ্নগুলোকে
স্থবির করে দিয়েছে, যেন
ব্যাঙের অনন্তকালের শীতনিদ্রা।
মহাকালের যাত্রায় আমি
এক ক্লান্ত পথিক। সময়ের স্রোতের
গভীরে তলিয়ে যাচ্ছি। জীবনের জন্য
প্রয়োজন একটু অবসরের।
এই অবসরে প্রয়োজন তোমাকে
সোমেশ্বরী! তোমার বালুরাশির নিঃশব্দ
আন্দোলনে, আর শীতল জলের গভীরে
লুকিয়ে রাখতে আজ আমি ব্যাকুল!

ফয়সাল মেহেদী হাসান
রোল: জি-৭১০
এ.পি.ও

নিশিগ্রহণ

"বত্রিশ বছর ধরে এই কোটটা পড়তেছি, বুঝলেন?" ইদ্রিস আলী গায়ের জীর্ণ তালি দেওয়া কোটটা দেখায়। কনুই এর নিচ থেকে ভাঙ্গা, শীর্ণ হাতটা দিয়ে সে কোট এর উপর মোলায়েম পরশ বুলায়। যেন কোটটা একটা নতুন বউ। সদ্য যৌবনা ষোড়শী। যেন পঁয়ত্রিশ বছর আগের সেই আলতা বিবি। ইদ্রিস ট্রাকের জানালা দিয়ে বাইরে তাকায়। ঘুটঘুটে অন্ধকার বাইরে। শেষ শীতের কুয়াশা কাফনের মত জড়িয়ে আছে চারপাশটা। কুয়াশা আর অন্ধকার মিলে এক রহস্যের জাল ফেলেছে। আজ মাসের কয় তারিখ ? চাঁদ কি থাকার কথা না আকাশে ? ইদ্রিস অবাক হয়। মাসের হিসাব কি আদৌ কখনো সে করেছে ? তার পয়ষট্টি বছর এখন তার কাছে পয়ষট্টি মিনিটের মত মনে হয়। কত দ্রুতই না দিনগুলো চলে গেছে। ষোড়শী আলতা বিবি এখন পঞ্চাশ পেরোনো প্রৌঢ়া। রোগে শোকে শয্যাশায়ী হয়ে মৃত্যুর প্রহর শুনছে। অথচ মনে হয় সেদিন মাথায় এত বড় একটা ঘোমটা দিয়ে ইদ্রিসের ঘরে এসেছে সে। ইদ্রিস তখন টগবগে এক যুবক। দুই হাতে কি প্রবল শক্তি। ইদ্রিস দীর্ঘিশ্বাস ফেলে। তারপর এক হাত দিয়ে হুইল ঘোরায় ট্রাকের। রাতের অন্ধকার কেটে চলে ট্রাকটি। ভাঙ্গা জানালা দিয়ে ঠণ্ডা বাতাস আসছে। ইদ্রিস জীর্ণ হাতটি টেনে নেয় কোটের ভিতর। " আইজকা জবর ঠান্ডা পড়ছে। কি কন মিয়াা ভাই?" ইদ্রিস পাশে বসা নির্বাক লোকটিকে জিগ্যেস করে। লোকটি কোনও উত্তর দেয়না। উত্তর অবশ্য দেয়ারও কথানা। যে লোকটি ট্রাকে করে মেয়ের লাশ নিয়ে যাচ্ছে তার সাথে আর যাই হোক ঠান্ডার আলাপ জমেনা। লোকটির চোখ নড়ে উঠে একটু। কতই বা বয়স হবে তার ? পঞ্চাশ ছুঁই ছুঁই হয়ত। কিন্তু মেয়ের লাশ কাঁধে নিয়ে তার বয়স মনে হয় বেড়ে গেছে দশ বছর। ঠান্ডা আজকে সত্যিই অনেক বেশি। তারও বেশি অন্ধকার। ইদ্রিস তার পয়ষট্টি বছর বয়সে এমন ঘুটঘুটে অন্ধকার দেখেনি।" মিয়া ভাই, অন্ধকার দেখছেননি? মনে হয় কবরের ভিতর বইসা রইছি। " অথচ তারা বসে নেই। তারা ট্রাকে চলছে চার ঘন্টারও বেশি সময়। এ চার ঘণ্টায় ইদ্রিস লোকটাকে একটুও নড়তে দেখেনি। শুধু কালো চাদরের ভিতর হাতটা টেনে চোখ মুছেচে বেশ কয়েকবার। ইদ্রিসের মনে হয় তার পাশে বসা লোকটা বেঁচে নেই। মেয়ের সাথে সাথে সেও মরে গেছে। " মেয়েটা কেমনে মরল, মিয়া ভাই। " ইদ্রিস জিগ্যেস করে আবার। ইদ্রিস অবশ্য উত্তর আশা করেনা। গত চার ঘন্টায় যে লোক একটা কথাও বলেনি তার কাছে ইদ্রিস জবাব আশা করেনা । কিন্তু তাকে অবাক করে দিয়ে ঠান্ডা, ভাঙ্গা গলায় লোকটি বলে" আত্মহত্যা " করেছে। আর্তনাদের মত শুনায় তার কণ্ঠ। অন্ধকার রাত ভেদ করে সে কণ্ঠ ছড়িয়ে যায় সবখানে। ইদ্রিস ভয় পায়। তার পয়ষট্টি বছরের পঁয়তাল্লিশ বছর সে ট্রাক চালিয়েছে। ট্রাকে লাশ টানা আজকেই প্রথম নয়। তারপরও তার মনে হয় আজকের রাতে কিছু একটা অশুভ রয়েছে।

সন্ধ্যা বেলাতে যখন স্ত্রী আলতার অসুখের খবর পায় ইদ্রিস তখন সে শম্ভুগঞ্জ ব্রিজের ঐ পারে। ঝিনাইগাতিতে মাল নামিয়ে দিয়ে ট্রাক নিয়ে ঢাকায় ফিরছিল সে। ঐ অবস্থায় ট্রাক ঘুরিয়ে বাড়ির পথে রওনা দেয় সে। পথে কেন যে সে এই লাশ নিতে গেল ? ইদ্রিস একটু বিরক্ত হয় মনে মনে। হতে পারে তার পাশে বসে থাকা লোকটার চোখ। ইদ্রিস আড়চোখে একবার তাকায় লোকটার চোখ। নিঃস্পৃহ , পলকহীন চোখ। যেন পাথরে বানানো চোখ। যেন অন্য কোন পৃথিবী থেকে এসেছে সে। লোকটার চোখই হোক কিংবা তার প্রতি মমতাই হোক অথবা মৃত মেয়েটা, যাই হোক ইদ্রিস লাশটা ট্রাকে নেয়। এখন সে বুঝতে পারছে কাজটা ঠিক হয়নি। ইদ্রিস শঙ্কিত হয়।

বঙ্গবন্ধু ব্রিজের এই পারে আসতেই ইদ্রিসের ট্রাকের চাকা ফেটে যায়। "আব্বা, চাক্কা ফাইটা গেছে" ট্রাকের পিছন থেকে আমিনুল চিৎকার করে। ইদ্রিস ট্রাক ব্রেক করে। অন্ধকার মনে হয় আরও বেড়েছে। রাত কত এখন? ইদ্রিস জানালা খুলে ট্রাক থেকে নামে। অন্ধকারে একটা শিয়াল রাস্তার উপর উঠে আসে। ইদ্রিস" সর বলে চিৎকার করে। দৌড়ে পালায় শিয়ালটা। তবে বেশিদুর যায়না। কাছেই দাঁড়িয়ে থাকে। তার সাথে আরও দুটো শিয়াল এসে যোগ দেয়। লাশের গন্ধ পেয়েছে শিয়ালগুলো। সহজে যাবে না। "মিয়া ভাই, দেখেন একটা রড আছে গাড়ির ভিতর। নিয়ে একটু বাইরে আসেন। লাশটা পাহারা দিতে অইব।" ইদ্রিস চিৎকার করে বলে। লোকটা শুনল কিনা বুঝা গেলনা। তবে পরমুহূর্তে হাতে রড নিয়ে জানালা খুলে নামে সে। অন্ধকারে তাকে একটা কালোছায়ার মত মনে হয়। একটা বাদুর মাথার ঠিক উপর দিয়ে উড়ে যায় অন্ধকার চিড়ে। "মিয়া ভাই, রাইতটা ভালো না। আগরবাতি অইলে ভাল অইত। শিয়ালগুলো লাশের গন্ধ পাইছে।" ইদ্রিস মনে মনে দোয়া পড়ে বুকে ফুঁ দেয়। যতবার রাতে তার ট্রাকের চাকা নষ্ট হয়েছে ততবার কিছু না কিছু অশুভ ঘটেছে। একবার সে আসছে শালা থেকে। আষাঢ় মাস। হাওরে পানি থৈ থৈ। রাতের বাতাসে সমুদ্রের মত গর্জন করে। সন্ধ্যা থেকে টিপ টিপ বৃষ্টি। দিরাই রাস্তার উপর উঠার সাথে সাথে মুষলধারে বৃষ্টি শুরু হল। পাঁচ মিনিট পর তার চাকা ফেটে যায়। ইদ্রিস গাড়ি ব্রেক করতে গিয়ে দেখে ব্রেক কাজ করছেনা।" খাইছেরে" মনে মনে বলে ইদ্রিস। বৃষ্টির মত ঘাম ঝড়ে ইদ্রিসের শরীর হতে। কিন্তু বেশিক্ষন না। একটু পর ট্রাক নিয়ে ইদ্রিস পড়ে ভরা হাওরে। কিভাবে যে সেদিন সে বেঁচে আসে একমাত্র আল্লাহ'ই জানে। তারপর নারায়ণগঞ্জের সেই ঘটনাটা। ইদ্রিস জীর্ণ হাতের ভিতর রক্ত চলাচল অনুভব করে। সেবার তিনমাস অচেতন পড়েছিল সে হাসপাতালে। গড়িয়ে ট্রাকের নিচে ঢুকে যায় ইদ্রিস। আমিনুল টর্চটা ধরে রাখে। চাকার নিচে রড দিয়ে ভালো হাতটা দিয়ে চাকার উপরে উঠায় ইদ্রিস। তারপর দক্ষ হাতে চাকাটা খুলতে থাকে। "বাজান, ডর লাগে? " ইদ্রিস জিজ্ঞেস করে ছেলেকে। " না, আব্বা" ছেলে আমিনুল বলে। ইদ্রিস ছেলেটার জন্য মমতা অনুভব করে। ভালো ছাত্র ছিল তার ছেলেটা। মেট্রিকে জিপিএ পাঁচ পেয়েছে। কিন্তু কি হল, সে আর পড়বেনা। অনেক চেষ্টা করেও তাকে আর পড়াশুনা করানো গেল না। বাবার সাথে থাকে সে এখন। অথচ তাদের একমাত্র ছেলে সে। তার আর আলতার স্বপ্নের আর ভালবাসার ধন।

ইদ্রিসের আলতার কথা মনে পড়ে। গত একবছর ধরে শয্যাশায়ী সে। অসুস্থ স্ত্রীর কাছে গত একবছরে ইদ্রিস পাঁচদিনও থাকতে পারেনি। সে ট্রাক ড্রাইভার। তাকে থাকতে হয় রাস্তায়। তার সময় কই আলতার পাশে থাকার ? এই যে আজকে সে আলতার শরীর খারাপের খবর পেয়েছে, তার কি উচিত ছিলনা সাথে সাথে বাড়ির উদ্দেশ্যে রওনা দেয়া? কিন্তু সে কি তা করেছে? সে বরং এ ই লাশের ট্রিপ নিয়েছে। কে জানে আলতা বেঁচে আছে কিনা এখনও। আব্বা, ঐ লোকটা লাশের লগে কথা কয়। "আমিনুল বলে। ইদ্রিস অবাক হয়। লোকটা পাগল নয়তো ? সে চাকাটা বদলে ট্রাকের নিচ থেকে বের হয়ে আসে"। কি কন মিয়া ভাই লাশের লগে "লোকটা বিড়বিড় করে কি বলে। ইদ্রিস বুঝতে পারেনা। সে বুঝার চেষ্টাও করেনা। তার মনে হয় আলতার কথা। আলতা কি বেঁচে আছে ? সে গিয়ে কি আলতাকে জীবিত পাবে ? চলেন মিয়া ভাই, ট্রাক ঠিক অইছে।" তারা ট্রাকে উঠে বসে। অন্ধকারটা একটু কম মনে হয়। সম্ভবত রাতের তৃতীয় প্রহর এখন। বাতাসের প্রকোপ বেড়েছে। তবে ঠাণ্ডাটা মনে হয় একটু কমেছে। "হাতে কি অইছে আপনার" ইদ্রিসকে অবাক করে দিয়ে এবার পাথর মানব জিজ্ঞেস করে।

"----এক্সিডেন্ট করেছিলাম। নারায়ণগঞ্জে। সংগ্রামের বছর। তিনমাস হাসপাতালে পইড়া ছিলাম। ডাক্তার ডেথ সার্টিফিকেট দিয়া দিছিল। সার্টিফিকেট সাথে আছে। দেখবেন নাকি"? লোকটার নিস্পৃহতায় ইদ্রিসের ডেথ সার্টিফিকেট দেখানোর উৎসাহে ভাটা পড়ে। ইদ্রিস নিজের ভুল বুঝতে পারে। যে লোক মেয়ের লাশ যাচ্ছে তাকে ডেথ সার্টিফিকেট দেখানোটা শুধু অপরাধ নয় বরং পাপেরও কাজ। ইদ্রিস জীর্ণ হাতটা বুলায় আস্তে। "বাজান, শীত লাগে?" ট্রাকের জানালা খুলে ইদ্রিস জিগ্যেস করে ছেলেকে। "না, আব্বা।" আমিনুল চিৎকার করে বলে। সে চিৎকার অন্ধকার আর ঠান্ডা বাতাসে মিলিয়ে যায়।

ইদ্রিসের ট্রাক যখন বঙ্গবন্ধু ব্রিজের উপর উঠে তখন চারদিক ফর্সা হতে শুরু করেছে। দূরের মসজিদ হতে আযানের ধ্বনি ভেসে আসে। একটা ঘুমভাঙ্গা পাখি ফিকে অন্ধকারে পাখা ঝাপটিয়ে উড়ে যায়। আযানের পবিত্র সুর ছড়িয়ে যায় সারা প্রকৃতিতে। পৃথিবীতে আসে শান্ত, স্নিগ্ধতা। এসময় ইদ্রিসের পাশে লোকটা শব্দ করে কেঁদে উঠে। দুহাত মুখ ঢেকে, তার অপার্থিব পাথরের চোখে অশ্রু ঝরিয়ে সে চিৎকার করে "আমার মেয়েটা আত্মহত্যা করে নাই , ভাইজান। তারে মাইরা ফালাইছে। পাঁচ হাজার টাকার জন্য আমার মেয়েটারে মাইরা ফালাইছে"। হু হু করে কেঁদে উঠে লোকটা। সে কান্নায় ট্রাকটা দুলে উঠে। ইদ্রিস দুলে উঠে। পৃথিবী দুলে উঠে। আহারে।

ব্রিজ পার হয়ে ট্রাক উঠে বড় রাস্তায়। আমিনুল চিৎকার করে উঠে "আব্বা, কি টকটকে লাল সূর্য উঠছে দেহ"।
ইদ্রিস বাইরে তাকায়। আলতার মত লাল টকটকে এক সূর্য উঠেছে আকাশে।

মনিরুল হাসান (শিমুল)
রোল: ই-৫৪৩
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

মেয়ের কাছে বাবার খোলা চিঠি

আমার আদরের রাজকন্যা,

আজকাল তোকে অনেক বিষণ্ন লাগে। অনেক ভীড়ের মাঝে তুই কি যেন খুঁজিস। তোর মনের ব্যাথা গুলো চোখের নোনা জল হয়ে গভীর রাতে দু'গাল বেয়ে বালিশে পড়ে সেখানেই শুকিয়ে যায়। কেউ একটুও বুঝতে পায় না। তুই ঠিক আমার মতই হয়েছিস। কাউকে কিচ্ছু বুঝতে দিস না। কিন্তু বাবা ত বুঝতে পারে। পাগলী, রাজকন্যা আমার । আমি তো সব সময় তোর ছায়াসঙ্গী হয়ে থাকি। জানি, নিত্যদিনের চাওয়া পাওয়ার হিসাব, অসত্যের নগ্ন নৃত্য, বিপন্ন মানবতা আজকাল তোকে বড্ড বেশি ভাবিয়ে তোলে। চিন্তা করিস না মা, মহাকালের অমোঘ নিয়মে চিরকাল কেবল সত্যই টিকে থাকে। মিথ্যা অন্যায় এসব গোচরে- অগোচরে কুরে কুরে নিঃশেষ হয়ে যায়। তোর নিজের কাছে কখনও হেরে যাস্ না মা। লড়াইটা যে তোকে চালিয়ে যেতেই হবে। আমি জানি, তুই পারবি। নতুন ভোরের আলোয় তুই তোর নিজেকে আত্মপ্রত্যয়ী করে তুলবি। সত্যের পথে চলতে গেলে হোঁচট খেতে হয়। তাই বলে ভেঙ্গে পড়িস না। বাবার আশীর্বাদ সবসময় তোর ওপর থাকবে। ভাল থাকিস, আমার পাগলী রাজকন্যা।

নাহিদ তামান্না
রোল: এইচ-৮১৯
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

কিছু স্মৃতি রয়ে যাবে

ভোরের সূর্যটা জেগে ওঠার প্রস্তুতি নিচ্ছে । পাখিসবের কোলাহল এখনো শুরু হয়নি ! ঘুমরাজ হিপনোস এর দুনিয়ায় যখন প্রতিটি বান্দাই আচ্ছন্ন, রাজকন্যা চন্দ্রাবতীর স্বপ্নে যখন প্রতিটি চোখই আরষ্ঠ, ঠিক তখনি ইসরাফিলের শৃঙ্গার মতো উপর ওয়ালার নির্মম ঘন্টার সুর ! ঘুম না ভেঙ্গে কোন উপায় নেই । সুদীর্ঘ দিনের লালিত স্যাডেন্টারি লাইফস্টালের 'দ্যা এন্ড' । সর্বশেষ কোনদিন যে ভোরে ঘুম থেকে উঠেছি মনে করাই কঠিন হচ্ছে । ফজরের আযান, সকালের সতেজতা, হিমেল হাওয়া , দু একটি জুঁই ফুলের গন্ধ সেই স্কুল জীবনের পর অজ্ঞাত কারণে খতম হয়ে গেছে । আজ আবার সেই আতরের সুঘ্রান পাচ্ছি । হাতের কাছেই স্কুল ড্রেস রাখা-অল সাদা । কেন্দ্রের এই ডিসিপ্লিনের কথা কখনও যাবে না, না, না... ।

আধো- আধো করিডোর মাড়িয়ে একদল শিশু এগিয়ে চলছে রিসিপশনের সামনে, সার্চ লাইটের আলোয় সারিবদ্ধ ৩৬২ জন ইয়াং শিশু! কাচা ঘুম ভাঙ্গা বিরক্ত সব মুখ ! এখনি হাটতে হবে ২.২২ কিমি জগিং ট্র্যাক । কাভার প্লিজ শব্দে মুখরিত শ্লোগানে এগিয়ে চলছে দল । দরদ দিয়ে মনে রাখার মত প্রতিটি সকাল, শুকনো মেহগনির পাতায় মোড়ানো সে সকাল ।

পুকুর বাকা হলেই নাকি তাকে বলে লেক ! ব্যাকগ্রাউন্ড ঘোলা হলেই নাকি তাকে বলে ডিএসএল আর ! ডেউয়া ফুল ছড়ানো আঁকাবাঁকা ট্র্যাক , ট্রাকের দুপাশে সারিবদ্ধ গাছের সারি, পাশ ঘেরা সেই বাকা পুকুর, হাস- মাছ চাষ, পুকুর ধারের রসের পাতিল সহ খেজুর গাছ , আনাড়ি হাতে করা সবজি বাগান এসবই হবে আগামী দিনের কল্পরূপ ।

'সকালের আকাশটা দেখি' সম্ভবত পিটি সেশনের সবচেয়ে আন্দদায়ক শব্দ (২য় লেগ অ্যাপার্ট .. .. .. ম্যাক্সিমাম) । খোলা আকাশের নিচে শুয়ে আকাশ দেখার আনন্দ পূর্বে কখনো পাইনি । (সুযোগ হয়নি) । সে এক অদ্ভুত অনুভূতি, কোনোদিন দেখছি মেঘের ভেলা, নীল আকাশ, কখনও পাখির ঝাঁক, কখনো আবার আনমনা মন! (কবি কবি ভাব আরকি.....) ভাল লাগার এ মুহুর্তগুলো স্মৃতিতে অম্লান থাকবে ।

বিকেলের স্পোর্টস সেশনগুলা মনে থাকবে চিরদিন । জীবনের কখনও কোথাও না খেলা বাস্কেটবল, ভলিবল, হ্যান্ডবল খেলেছি রীতিমত, কোচ সহ । বাস্কেট বল কোর্ট, ভলিবল কোর্ট, টেনিস কোর্ট, সুমিং পুল, ইনডোর স্টেডিয়াম ও ফুটবল গ্রাউন্ড সাথে নিয়ে ই যাব । (পারলে তো !)

আজি হতে অনেক বছর পর (কবি গুরুর নকল) আমাদের কি মনে পরবে ? কফি কর্নার নাকি মাল্টিপারপাস ? দুটোই । কফি কর্নারের আড্ডাটা আজ আর নেই, এটাই মনে বাজবে তখন । মনে বাজবে হাউকাউ করা বিকেল গুলো অথবা গ্রুপ স্টাডির ছলে করা 'গ্রুপ' আড্ডাগুলো ।

আমার প্রিয় গাছ কাঠাঁলগাছ, প্রিয় পাতা কচি সবুজ কাঁঠাল পাতা, প্রিয় ফুল কাঠাঁলের মুচি (কাঠাঁলের ফুল) । কাঠাঁলের ফুল ফুটেছে, ফুটিফুটি করছে মেহগনি, পেয়ার ফুল । রক্তকরবি, পাকর, বট, আপেল, আম, আমলকী, চা সহ অজস্র এই সবুজের পোর্টেট ও আঁকা থাকবে হৃদয় পটে ।

গোলাপের প্রতি অভিমান , ভালোবাসা বিচিত্র অর্কিডের প্রতি, ভালোবাসা রঙ্গিলা বাগান বিলাসের প্রতি । ব্লু- ভেলভেট , অ্যাবল, গার্ডেনিয়া, এমিলি , এলিগ্যান্ট, অ্যামেরিকান বিউটি নামের লাল , সাদা, গোলাপি, কালো নানা জাত সমৃদ্ধ গোলাপ বাগানের প্রতি অভিমান রইলো (সেলফি না উঠতে পারার জন্য) । তথাপি মনের দরজায় তালা নেই , সেই রাজ হাঁসের ঝাঁক , গোলাপের বাগানে তাদের একচ্ছত্র বিচরণ ভোলা যাবে বলে মনে হয় না ।

'কেন্দ্রে ইনফরমাল বলে কিছু নেই ' (ইনফরমাল বাট ক্যাজুয়াল নয়) । বিচিত্র সব নিয়মে ঠাঁসা এক আজব দুনিয়া এটা । ডান দিক হাটা, সবসময় চামচ দিয়ে আহার করা, নির্ধারিত সময়ের আগে ক্লাসে পৌছানো (৯টা মানে ৮টা ৫৯ মিনিট ৬০সেকেন্ড), আবার টানা ক্লাস । এসবকে কাইজেন করেই এখানে টিকতে হয় ! চেয়ারে বসে ঘুমাতে পারাটা বিশাল এক যোগ্যতার কাজ যেটা অনেকেই করতেন প্রফেশনালের মতো, কাজটা প্রায় অনেকের অভ্যাস হয়ে গেছে ।

ওরে সাম্পানওয়ালা, হেই সামালো, চুমকি চলছে, আমার একটা ঋন আছে গানগুলো শুনলে কি কিছু মনে ভাসবে ? কিংবা 'আয় আয় আয়' র‍্যাফেল ড্র, অচট্রিচ, শব্দগুলা কি মনের কোনে কোন ছবি আঁকবে? ফিল্ড অ্যাটাচমেন্টের কিছু সোনালি মুহূর্ত, মেস নাইট, নৌবিহার ইত্যাদি আমাদের মনে ছবির মতো ভেসে উঠবেই । 'দিন গুলো মোর সোনার খাঁচায় রইল না ' কাল থেকে সময় গুলো কে রূপ কথা বলে মনে হবে । আপাদমস্তক শুদ্ধ মানুষ হওয়ার প্রত্যয়টি থাকবে । পিএটিসি 'তুমি রবে হৃদয়ে মম' । হুমায়ন আজাদের মতো বলতে চাই

ভালো থেকো ফুল, মিস্টি বকুল, ভালো থেকো ।

ভালো থেকো ধান, ভাটিয়ালী গান, ভালো থেকো ।

ভালো থেকো মেঘ, মিটিমিটি তারা ।

ভালো থেকো পাখি, সবুজ পাতারা ।

ভালো থেকো ।

মোঃ শাহ্ আলম
রোল: এইচ-৮০৮
বিসিএস (পরিসংখ্যান)

Tourists or Strangers

It was a complete silence, when our caravan was marching through the "Tiger Para". We were bound for Nilachol- a tourist site in Bandarban. There is nothing that Nilachol cannot provide you with; it has sky on its horizon, palpable cloud, grand hills, old forest, primitive life style and what not.

This is a story of three musketeers, who had repentances. In fact we were under some obsessive commands. Our working territory was Bandarban. For me it was unknown, for the second person it was no complement situation, for the last one it was sabotage. By the way we were sent to Bandarban but day time dream never demystified. Our vision was absent and the mission was taken away. On such a state, we were seeking out for a solitary refuge. One day the most bohemian among us undertook the best salvation measure.

Why at night? Why not under day light? Nilahol is one of the most alluring tourist destinations of Bandarban. It is about 5.00 KM from the outskirts of Bandarban sadar. People visit the place in big numbers during holydays.

On the way to Nilachol, once your vehicle plies past Khamarpara above the highway, you will be staring at the changes of panorama through the forest, hills, tribal huts and reclusive invisible valleys. Thus you will come on to the yard of "tiger hill" or popularly the Nilachol. The hustle and bustle of city life must evaporate from your mind, as the deluge of strong wind welcomes you. The road from the main entrance towards the pick of Nilachol is another piece of discovery. The vertical rocky hills, the plethora of wild flora and fauna will only appease your soul. Such you can find a new horizon of your elusive life.

Our lives were booked with undelivered performance. So we had the only option of buying our nights. That day we traveled up to the Nilachol without honking. The world outside the glass was so luminous that I reckoned the night very close to the twilight. Where I placed myself, it was a rock bed but I lost my feelings into the amusement of dazzling moon light. A full moon night in the hills can be so exotic which was unknown to us. The stewards of Nilachol were out of their duty except one and he was Mohadeb Tongchonga. He is as old as Nilachol. Many say that, along with Mr. Hafizur Rahman Bhuiyan, the tenth Deputy Commissioner of Bandarban Hill District in 2002 Mohadeb discovered Nilachol.

A panoramic view of Nilachol; Courtesy: District Administration, Bandarban.

When we had reached at the momentum of our orchestra, the night was just getting younger. The evangelists went unstoppable, they took their best audition. All were not romantic, some were prosaic and they dispersed our party. We were reluctant to pack up. The lieutenants were insisting on their bosses. So, at last we sat out. We came down to the duty and started for our shelter.

This world does not bring in same thing with same connotation to all. It varies according to the subject, space and time. On our way back, the roads were as silent as dead. The dogs were off their patrol. We drove peacefully through the deep roads. The next day we could not stop our hangover from residual taste of outing. That was not a free day. We continued with utmost observation. We traded off nothing for the last night honeymoon with a real night queen- Nilachol. Our anecdote till date is tremendously living and outright. Nilachol gave us the happiness above all discontents.

Your dream live there you can get it. Late set in for Bandarban, the daughter of hills- the rest place of your unbound mind. Bandarban invites you with the guarantee of contentment, and a lifelong experience.

Golam Morshed
Roll: E-528
Assistant Commissioner

অবসর কাহন

ঠিক দুপুর বেলা-

অসম্ভব ক্লান্তি আর আসন্ন সময়ের জন্য হাহাকার বর্তমানকে ভুলে না দেখা সময়ের জন্য, কিছুটা মন খারাপ, কিছুটা পাওয়ার অদম্য ইচ্ছা, যা কিছুটা অপরাধের পর্যায়ে ও পড়ে। কিছুটা যে কী ঠিক নাম দিতে পারছি না, তবে অভিযোনের ক্ষমতা আর নিজেকে নিজের মাঝে রাখার যে অতুলনীয় দূর্গ প্রতিরক্ষা ব্যুহ্য ..... তাতে যে ফাটল ধরেছে এটা নিশ্চিত।

একটা সময় ছিল-

যখন কেবল আমিই ছিলাম আমার মাঝে এখনও যে আমি নেই তা বলব না, তবে..... এখানেই সমস্যা! ঠিক সমস্যা বলব কী না, মন সেতো মনের কাছে আশ্রয় নিবে, প্রচন্ড কিংবা প্রচ্ছন্ন আবেগে কাছাকাছি থাকবে, থাকতে চাইবে, এটাই স্বাভাবিক ।

কিন্তু এখন আমি-

যার কোন কিছুইতে সর্বত্র সুখ বা শান্তি একেবারে ও পাইনি, ঠিক কখনই না তাই আশা ও করি না তবে মন চায় সে মনের মত হোক, মন চায় সে মনের মত হোক, মন চায় সে ছবির মত হাসুক, অন্তর্যামীর মত বুঝুক, হোক ভালবেসে ভালবাসার শাসক।

কাজী মোঃ সালাহ্উদ্দিন
রোল: এ-১২৫
সহকারী পুলিশ সুপার ।

সিনেমার অন্য এক ভুবনঃ ইরানি সিনেমা

কাসপিয়ান সাগর আর পারস্য উপসাগরের কূলবর্তী অবস্থানের মহিমায় ভাস্বর ইরানের অবস্থান পূর্ব ও পশ্চিমের সংযোগস্থলে । কাজার শাসনামল(১৭৯৬-১৯২৫) ও পাহেলভি (১৯২৫-১৯৭৯) শাসনামলে ইরান বাইরের বিশ্বের জন্য নিজের দুয়ার খুলে দিলেও মোটাদাগে তারা রক্ষণশীল জাতি হিসাবে পরিচিত । আধুনিক যুগে ইরানের উন্নয়ন যতটা হয়েছে নিজের চেষ্টায় তার চেয়ে বেশি হয়েছে সম্পদ, কৌশলগত গুরুত্বপূর্ণ স্থান, বাণিজ্য ইত্যাদির দখল নিজেদের দখলে রাখার যুদ্ধে অবতীর্ণ হওয়া বিদেশী শক্তির দ্বারা । তারপরও মধ্যপ্রাচ্যের সবচেয়ে পুরাতন সংস্কৃতি-পারস্য সংস্কৃতি ইতালি, মেসিডোনিয়া, গ্রিস হতে পশ্চিম এবং রাশিয়া, আরব উপসাগর ও দক্ষিণ-দক্ষিণ-পূর্ব এশিয়া পর্যন্ত তার শক্তিশালী প্রভাব ছড়িয়ে দিয়েছে ।

আধুনিক যুগে ইরানি সিনেমা বিশ্বের তাবৎ সিনেমাবোদ্ধাদের চমৎকৃত করেছে তার শৈল্পিক সৌন্দর্য্য ও সাহিত্যিক মূল্য দিয়ে । বর্তমান ইরানি সিনেমা অনেক চরাই উতরাই পার হয়ে আজকের অবস্থানে এসেছে । বিংশ শতাব্দীর প্রথমে ইরানি সিনেমা ফার্সি সাহিত্য কে পুঁজি করে গড়ে উঠে । ষাটের দশকে মাসুদ কিমিয়াই এর 'ঘ্যায়যার' এবং দারিয়ুস মেহেরজুই এর 'গাভ' সিনেমার মাধ্যমে ইরানি সিনেমা বিশ্ব মঞ্চে তার শিল্পিত অস্তিত্ব জানান দেয় । মূলত এই দুই পরিচালকের হাত ধরে ইরানি সিনেমার মানবিকবোধ সমৃদ্ধ বিকল্প ধারার সূচনা ঘটে । এই সূচনা সম্ভব হয়েছিল ১৯৪৯ সালে গড়ে ওঠা 'ন্যাশনাল ইরানিয়ান ফিল্ম সোসইটি'র মাধ্যমে ।


মেহেরজুই এর 'গাভ (১৯৬৯)' সিনেমার একটি দৃশ্য

১৯৭৯ সালে ইরানি বিপ্লব পূর্ববর্তী সিনেমার মধ্যে 'ঘ্যায়যার (১৯৬৯)' ও 'গাভ (১৯৬৯)' সিনেমা বিশ্লেষকদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাসুদ কিমিয়াই'র 'ঘ্যায়যার' সিনেমা ইরানি চলচ্চিত্রের নবতরঙ্গের (নিউ ওয়েভ) সৃষ্টি করে । এই সিনেমাটি পুরুষ-শাসিত ইরানি সমাজের গল্প যেমন শুনায় তেমনি দেখায় শহরতলীর শ্রমজীবি দরিদ্র তরুণের ভাববিলাসী নিরুদ্দেশ যাত্রা । এই সিনেমা ইরানী সিনেমা নতুন ধারা সৃষ্টি করতে সক্ষম হয় । অপরদিকে মেহেরজুই এর 'গাভ' সিনেমা গতানুগতিক সিনেমার ধারা ভেঙ্গে সর্বকালের সেরা ইরানী সিনেমা হিসেবে আবির্ভূত হয় । অনেকে এই সিনেমা কে পারস্য নিয়োরিয়ালিজম এর বর্হিপ্রকাশ বলে মনে করেন, অনেকে মনে করেন এটি তৎকালীন শাহ'র শাসনের বিরুদ্ধে একটি রাজনৈতিক প্রতিবাদ । নি:সঙ্গ অবিবাহিত হাসানের প্রিয় গাভী হারিয়ে দিশেহারা হওয়া, গ্রামবাসীর সমব্যথী হয়ে পাশে দাড়ানো- প্রতিটি দৃশ্যই মানবিক হৃদয় কে নাড়িয়ে দেয় । 'গাভ' কে সত্যজিতের 'পথের পাঁচালী'র মতো একটি মানবিক আখ্যানের প্রতিরুপ বলা যায় । দারিয়ুস মেহেরজুই পরবর্তীতে 'দয়েরেহ ই মিনা(মিন সাইকেল, ১৯৭৪) সিনেমা দিয়েও দর্শকদের মন জয় করে নেন । এই সিনেমাটি লাগামহীন আধুনিকতার প্রতি তীব্র সমালোচনা আর হতাশার প্রকাশ । বিশেষ করে সিনেমাটির শেষ দিকে হাসপাতালের বারান্দায় অসুস্থ বৃদ্ধ লোকের বসে থাকা আর অন্ধ লোকটির গেয়ে যাওয়া গানের লাইনগুলো আমাদের মেহেরজুই ও তার সিনেমার মরমী দর্শন সম্পর্কে পরিচিত করে দেয় ।

১৯৬৯ সালে ইরানি সিনেমার এগিয়ে চলা শুরু হয় মূলত সরকারী পৃষ্ঠাপোষকতায় । এই প্রতিষ্ঠান বহু গুণী নির্মাতা তৈরি করতে সক্ষম হয়েছিল । এ সময় বিভিন্ন আন্তর্জাতিক সিনেমা উৎসব সিনেমা নির্মাতাদের মধ্যে আলোড়ন সৃষ্টি করে । নবতরঙ্গের সেরা সিনেমা নির্মাতাদের মধ্যে রয়েছেন আব্বাস কিয়ারোস্তামি, পারভিজ কিমিয়াভি, বাহরাম বাইজে-ই । বাহরামের 'রাগবার(অঝোর বৃষ্টি, ১৯৭১)' সিনেমাটিকে বিশ্লেষকরা সবচেয়ে সফল ইরানি সিনেমা হিসেবে মনে করেন । দরিদ্র স্কুল শিক্ষকের ছাত্রের বড় বোনের প্রেমের টানাপোড়নের মত সাধারণ কাহিনী হলেও সিনেমাটির চরিত্র গুলো নিজের বিরুদ্ধে যুদ্ধ করে যাওয়া দর্শকদের কাঁদায় । এসময় আব্বাস কিয়ারোস্তামি তাঁর 'নান ও কুচেহ(রুটি ও গলি, ১৯৭০)' নামক বারো মিনিটের স্বল্প দৈর্ঘ্য সিনেমা দিয়ে অবস্থান জানান দেন । পরবর্তীতে তাঁর হাতে আরো মাস্টারপিস সিনেমা আমরা পাই । এই সময়ের সিনেমাগুলো ইরানিয়ান সুররিয়ালিজমের সাথে বিশ্ববাসীকে পরিচিত করে । মূলত নবতরঙ্গের সিনেমা গুলো তৎকালীন ইউরোপিয় সুররিয়ালিজমের সাথে ইরানিয়ান সুররিয়ালিজমের মোটা দাগের পার্থক্য এঁকে দেয় ।

১৯৭৯ বিপ্লবের পর ভাবা হয়েছিল ইরানি সিনেমার অগ্রগতি কে রুখে দিবে । কঠোর ইসলামি ফিকহ্ এর মাধ্যমে চলচ্চিত্রে নিয়ন্ত্রণ আরোপ করা হলেও সরকারের উদারপন্থীদের পৃষ্ঠপোষকতায় আর নির্মাতাদের দারুণ নির্মাণশৈলী ইরানি সিনেমা কে অনন্য এক রুপ দান করে । ফার্সি কাব্যধারায় নারী-পুরুষের চিরন্তন প্রেম একটি বড় জায়গা দখল করে রাখলেও বিপ্লব পরবর্তী সময়ে এর চলচ্চিত্রায়নে বাধা ইরানি সিনেমা কে অন্য আবহ প্রদান করে । এ সময় শাসকরা ইরানি সংস্কৃতিকে ইসলামিকরণের চেষ্টা করেন । সিনেমারও ইসলামিকরণ করা হয় । এসময় আধুনিকতা আর শরিয়াহ'র সম্মিলনে অন্য এক সিনেমার ভাষা আমরা লক্ষ্য করি । আশি'র দশকের মাঝামাঝি পর্যন্ত সিনেমায় নারীর অনুপস্থিতি ইরানি সিনেমার অন্যতম বৈশিষ্ট্য হিসাবে আবির্ভূত হয় ।

নবযুগের বিস্ময়কর নির্মাতা সোহরাব সাহিদ সালেস হঠাৎ ইরানি সিনেমায় আবির্ভাব হয়ে বিদায় নিলেও রেখে যান তাঁর যোগ্য উত্তরসূরী আব্বাস কিয়ারোস্তামি কে। 'য়েক ইয়েত্তেফাক-ই সাদেহ (এক সাধারণ ঘটনা, ১৯৭৩)' নামক শক্তিশালী সিনেমা দিয়ে তিনি নবযুগের বাঁক তৈরি করেন যেখানে তিনি ক্যামেরার ধৈর্য্য, প্রশান্তির শিক্ষা এবং অপেশাদার কুশিলব দিয়ে সিনেমা তৈরির দীক্ষা দিয়ে যান, তার দেয়া সিনেমার নেরেটিভ কৌশল আজও ইরানি সিনেমার প্রাণ। আব্বাস কিয়ারোস্তামি ও তার সমসাময়িক অন্য নির্মাতাদের ওপর সোহরাবের ছায়া লক্ষ্য করা যায়। কিয়ারোস্তামির 'মুসাফের(পর্যটক, ১৯৭২)' সিনেমায় যেভাবে রক্তমাংসের বাস্তবতাকে কে নির্লিপ্তভাবে ক্যামেরার চোখে দেখেছেন সে দেখা অন্য এক সিনেমার ভাষার জন্ম দেয়, তিনি ধীরে ধীরে হয়ে উঠেন সিনেমার পর্দার এক কবি। 'খানে ইয়ে দোস্ত কোজাস্ত(কোথায় এই বন্ধুর বাড়ি, ১৯৮৭)' সিনেমা দিয়ে বিশ্ব সিনেমায় পরিচিত হয়ে উঠলে তাঁর ক্যামেরার গভীর স্তব্ধাতা, রুদ্ধশ্বাস নীরবতায় আমরা দেখতে পাই বাস্তব মানব জীবন কে। পরবর্তীতে তাঁর হাত দিয়ে সিনেমার ইতিহাসের বেশ কিছু অনন্য সিমেনা তৈরি হয়। 'দ্য সাইকেলিস্ট (১৯৮৭)' সিনেমা দিয়ে স্থান করে নেয়া মোহসেন মাখমালবাফ সিনেমায় মানুষের নৈরাশ্য, শোষণ, অভিযোজনতা তুলে ধরেন।

কিয়ারোস্তামি পরবর্তী সিনেমা নির্মাতাদের মধ্যে উল্লেখযোগ্যরা হলেন মাজিদ মাজিদি, জাফার পানাহি, সামিরা মাখমালবাফ, আমির নাদেরি, খোসরো সিনাই, আমির নাদেরি, বাহমান গোবাদি, বাবেক পায়ামি, আজগার ফারহাদি। এদের মধ্যে জাফার পানাহি তাঁর সিনেমায় ইরানি নারীদের দুঃখ গাঁথা, শ্রমজীবীদের জীবন সংগ্রাম, বৈষম্যের চিত্র এঁকে গেছেন। আজগার ফারহাদির 'এ্যসেপারেশন (২০১১)' একাডেমি এ্যাওয়ার্ডসের মাধ্যমে আমাদের সামনে আসলেও তাঁর শক্তিশালী কাহিনী বিন্যাস ও নির্মাণশৈলী এর আগেই তিনি তাঁর 'দরবারে-এলি (এ্যাবাউট এলি, ২০০৯)' সিনেমায় প্রমাণ করেন। অনেক চলচ্চিত্র সমালোচক 'দরবারে-এলি' কে সিনেমার ইতিহাসের এক অনন্য মাস্টারপিস হিসেবে বর্ণনা করেন গঠনশৈলীর ও চিত্রায়নের ঢংয়ের কারণে। অবকাশ কাটাতে আশা পুরানো বন্ধুদের মধ্যে এলি কে ফোন করার ব্যস্ততার মাধ্যমে দর্শকদের সামনে তার আলাদা চরিত্র সর্ম্পকে আমাদের জানালেও তার হঠাৎ অন্তর্ধান ও ধীরে ধীরে বের হয়ে আরো সত্যগুলো দর্শক কে ভীষণ ভাবিয়ে তুলে আরো অনেক কিছু আন্দাজ করতে। এলির সিনেমার পর্দায় সামান্য উপস্থিতি, কথোপকথন দর্শক কে তার সম্পর্কে আরো অনেক কথা জানতে নাড়া দেয়। এখানেই চলচ্চিত্রকার সফল- রুপালী পর্দার রঙিন আলো দর্শকের মনোজগতে অনেক ছায়াছবি তৈরি করে যা করতে সফল হয়েছেন আজগার ফারহাদি।



বস্তত ইরানি সিনেমা এক সিনেমা আন্দোলনের ফসল। সামাজিক, রাজনৈতিক ঘেরাটোপে বেড়ে ওঠা এই সিনেমা কখনো মন্থর, শ্বাসরোধক হলেও সিনেমা গুলো বাস্তবে বাস করা মানুষ, প্রকৃতি ও সমাজের কথা বলে। স্বল্প বাজেটে তৈরী সিনেমার গুলোর জৌলুস তার ক্যামেরার ভাষায়, অপেশাদার অভিনেতা-অভিনেত্রীর অকৃত্রিম অভিনয়ে, স্ক্রিপ্টবিহীন দৃশ্য ধারণে আর অনন্য কাহিনী বর্ণনায়। প্রত্যেক সিনেমাপ্রেমীর উচিত ইরানি সিনেমার স্নিগ্ধ ভুবনে ঘুরে এসে তার সিনেমা দেখার পিপাসাকে মেটানো। আমরা আশা করি ইরানি সিনেমা আরো অনেকদিন আমাদের সুন্দর মানবিক জীবনের কাব্যিক ছবি এঁকে যাবে।

গ্রন্থপঞ্জি:

1. Hamid Dabashi, 2001: 'Close Up: Iranian Cinema, Past, Present, and Future.'

2. Hamid Naficy, 2012: 'A Social History of Iranian Cinema, Volume 4: The Globalizing Era, 1984–2010.'

মো: শাহাদাত জামিল
রোল: জি-৭৩১
এ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

একটি সিগারেটের অকাল মৃত্যু

আমি বর্তমানে মৃত। অতীতে আমার একটি সুন্দর ও বর্ণাঢ্য গৌরবময় জীবন ছিল। কিন্তু কতিপয় ধূমপায়ী বন্ধুর অশেষ বদান্যতায় আমি অপরিনত বয়সে মৃত্যুবরণ করতে বাধ্য হয়েছি। আমার করুণ মৃত্যু আমাকে আমার স্বগোত্রীয়দের কাছ থেকে চিরতরে দূরে সরিয়ে দিয়েছে। একদিন আমি ছিলাম অনন্ত যৌবনা। আমার মধ্যে ছিল নিকোটিনসহ কমপক্ষে পাঁচ হাজার রকম জানা অজানা মধুর (!) পদার্থ। আমার জন্ম হয়েছিল একটি বিশ্ব বিখ্যাত তামাকসুধা (সিগারেট) কোম্পানিতে। তখন আমি দীর্ঘদিন নির্জীব হয়ে পড়েছিলাম একটি বড় বাক্সে। আমার ভিতরটা ছিল ফাঁপা। আমাকে পুষ্ট করে তোলার জন্য যা কিছু প্রয়োজন ছিল তার কোন কিছুই আমার মধ্যে ছিল না। আমি দিনের পর দিন অপেক্ষা করেছি কখন সেই সোনালী নবীন হাতের স্পর্শ পাব, যে আমাকে অনন্ত যৌবনা করে তুলবে। আমি অধীর হয়ে করুন চোখে দেখেছি আমার সমবয়সী ভাইদের এমনকি আমার চেয়ে বয়সে ছোটদেরকে যৌবন লাভ করতে। আমি অপেক্ষা করতে করতে এক সময় অধৈর্য হয়ে ভেবেছিলাম, আমি বুঝি আর কখনও পরিপূর্ণতা লাভ করতে পারব না; এভাবেই একদিন হয়তো আমার আশ্রয় হবে ডাস্টবিনে।

কিন্তু হঠাৎ একদিন আমার ভাগ্যের চাকা খুলে গেল। একজন তের বছরের জীর্ণ-শীর্ণ কিশোর আমাকে তার সোনালী হাতের স্পর্শ দিল। সে আমাকে সহ আমার আরও তিন ভাইকে একসাথে তার বাম হাতে তুলে নিয়ে কাশতে কাশতে স্বাগত জানালো। তার কাশির তোড়ে আমাদের চার জনের তখন ত্রাহি ত্রাহি অবস্থা। আমার একটি ভাই কাশির বাতাসের বেগ সামলাতে না পেরে মেঝেতে ভু-পাতিত হল। আমি ভাগ্যের জোরে সে যাত্রায় বেঁচে গেলেও আমার ভূপাতিত ভাইটি ছেলেটির পায়ের নিচে পিষ্ট হয়ে অকালে ঝরে গেল। পরে লোক মুখে শুনেছিলাম ভাইটিকে ডাস্টবিনে সমাহিত করা হয়(!)। যাক সে কথা। তারপর কিশোর ছেলেটি আমাদের তিন ভাইকে নিয়ে তার সহকর্মীদের সামনে এসে আমাদের যৌবন দান করতে লাগল। আমি আমার চারপাশে স্বগোত্রীয় ভাইদের সংখ্যার আধিক্য দেখে মুগ্ধ হলাম। মনে মনে এই ভেবে খুশি হলাম যে, আমাদের প্রেমে উল্লাসিত মানুষের সংখ্যা তাহলে দিন দিন বেড়েই চলেছে। আবার একটুখানি খারাপও লাগল এই ভেবে যে আমাদের বুঝি আর দীর্ঘদিন বাঁচা হল না। বিভিন্ন ধাপে চড়াই উতরাই পেরিয়ে আমি অবস্থান নিলাম একটি সোনালী রঙের আকর্ষণীয় বাক্সে। সঙ্গী হিসেবে পেলাম আরও নয়জনকে। আমাদেরকে পুরোপুরিভাবে বাক্সবন্দি করে পাঠান হলো একটি গোডাউনে।

সেখানে অপেক্ষা করলাম প্রায় দু' মাস। তার পর চোখ খুলে দেখতে পেলাম আমার স্থান হয়েছে একটি পাড়াগাঁয়ের টং দোকানে। আমার মন কিছুটা খারাপ হল কেননা আমি চেয়েছিলাম আমার স্থান হোক দামি শো-কেসে। এই ঘটনার চারদিন পর আকস্মিক আমার জীবনের পরিসমাপ্তি ঘটে। তারিখটা আমার সঠিক মনে নেই। যতদূর মনে পড়ে ২০১৫ সালের নভেম্বরের মাঝামাঝি হবে। সেই টং দোকানদার সবে দোকানের ঝাঁপি খুলেছে, এমন সময় সেখানে এসে হাজির হল পনের জনের স্কুল পালানো ছেলেদের একটি দল। তারা অর্থের বিনিময়ে আমাকে দোকানদারের কাছ থেকে কিনে নিল। আমি তখন হ্যাংলা পাতলা বালকের হাতে, এমন সময় শুনতে পেলাম সে তার বন্ধুদের বলছে আমাকে পেতে সে নাকি তার বাবার পকেট থেকে গোপনে অর্থ যোগাড় করেছে। সেই দুষ্ট বন্ধুটি হঠাৎ আমার স্বাদ পেতে আমাকে জ্বালিয়ে দিল। আমি তো রীতিমত অবাক। আমি রাগে জ্বলতে লাগলাম আর বন্ধুটি আমার অপূর্ব আস্বাদনে মগ্ন। ছেলেটি আমার স্বাদ নিয়ে কাশতে লাগল । আমার প্রান নিঃশেষ না হওয়া অবধি পনের জনের দলটির সবাই আমাকে পীড়ন করলো। কৃতজ্ঞতা হিসেবে পেলাম সবার সজোরে কাশি। আমি তখন মনে মনে নচ্ছার ব্যাটাদের অভিশাপ দিচ্ছি এই বলে যে, তাদের প্রত্যেকের আয়ু যেন কমপক্ষে দশ মিনিট করে কমে (যদিও আমার ক্ষমতা পাঁচ মিনিট)। আমি বাঁচতে চেয়েছিলাম কমপক্ষে পাঁচ বছর কিন্তু তাদের অত্যাচারে আমার জীবন পরিপূর্ণতা লাভ করতে পারল না। এখন আমি অতীত। আমার আর কোনও অস্তিত্ব রইল না। এ কথা ভাবতেই আমার অদৃশ্যমান দেহটা মুহূর্তেই শিহরিত হয় আর পুনরায় জন্ম লাভের সাধ জাগে।

সারকথাঃ ধূমপান মৃত্যু ঘটায়। আসুন আমরা ধূমপান পরিহার করি।

প্রশান্ত কুমার বিশ্বাস
রোল: ই-৫১৬
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট



স্মৃতির পাতায়

ক্লাসে টিচারদের সব প্রশ্নের চটপটে উত্তর দেয়া সেই মেয়েটি হল শান্তা। ক্লাস ফাইভের বৃত্তির কোচিং ওর সাথে পরিচয়। এরপর ক্লাস সিক্সে আমরা একই স্কুলে ভর্তি হলাম। আমাকে প্রায়ই বলত "এই মেয়ে, তুমি এত চুপচাপ কেন ? ভীষন হাসি খুশী আর প্রাণোচ্ছল ছিল আমার বান্ধবী শান্তা, খুব ভালো আড্ডা জমাতে পারত। এইচ.এস.সি তেও আমরা একই রাজশাহী নিউ ডিগ্রী কলেজে ভর্তি হলাম। তবে ও ছিল অন্য সেকশনে। তবে প্রাইভেট গুলোতে দেখা হত। দেখা হলেই সেই পরিচিত হাসি ; ভীষণ ভাল আড্ডা জমাতে পারত ও।

এইচ.এস.সি'র পরে ও ভর্তি হল ঢাকা মেডিকেল কলেজে আর আমি রুয়েটে। দুজনেই মহা ব্যস্ত। দূরত্ব ও ব্যস্ততার কারনে যোগাযোগ খুব কম হত ২০০৮ সালের শুরুর দিকে হঠাৎ একদিন খবর পেলাম শান্তা ভীষন অসুস্থ। অনবরত জ্বর হওয়া থেকে ডাক্তাররা খুব খারাপ কোন অসুখ আশংকা করছেন। ওর বোন ম্যারো পরীক্ষার জন্য ভারতে পাঠানো হয়েছে।

শান্তার বোনম্যারো পরীক্ষার রির্পোট চলে এসেছে। শান্তার ব্লাড ক্যান্সার। বোন ম্যারো ট্রান্সপ্ল্যান্ট করা করানো ছাড়া আর কোন উপায় নেই। ওর বাবা মা ও ভাইয়ের বোনম্যারো পরীক্ষার জন্য ভারতে পাঠানো হয়। ও প্রথমে ঢাকা মেডিকেল কলেজে ভর্তি ছিল পরবর্তীতে ওকে রাজশাহীতে পাঠিয়ে দেয়া হয়। ওর সাথে দেখা করতে পেলাম। একই রকম হাসিখুশি আছে মেয়েটা। খুব স্বাভাবিক। অসম্ভব মনের জোর ছিল ওর। প্রচন্ড কষ্ট ও কাউকে বুঝতে দিত না।

শান্তার বাবা, মা ও ভাই এর বোন ম্যারো নমুনার রির্পোট নেগেটিভ আসল। কারো সাথে ওর বোন ম্যারো ম্যাচ করে নি। ডাক্তাররা যেসব ওষুধ দিয়েছিল সেগুলো তেমন রেসপন্স করছিল না। ডাক্তাররা আর কোন উপায় না দেখে বাইরের দেশে নিয়ে যেতে বললেন। শান্তা কে নিয়ে ওর বাবা ভারতে যান। কলকাতায় পৌঁছানোর সাথে সাথেই শান্তা ভীষন অসুস্থ হয়ে পড়ে। সেখানকার ডাক্তাররা ওকে দেখে বললেন ও আর মাত্র কয়েক ঘন্টা বাচঁবে। অসম্ভব কষ্ট সহ্য করে ঘন্টা চারেকের মাধ্যমে মারা যায়। আঙ্কেল অনেক কষ্টে ওর মৃতদেহ রাজশাহীতে নিয়ে আসেন।

শান্তা ঢাকা মেডিকেলে যখন অসুস্থ হয়ে ভর্তি ছিল প্রায়ই বলত 'আমাকে রাজশাহীতে বাসায় পাঠিয়ে দিলেই আমি সুস্থ হয়ে যাব'। সেই প্রিয় রাজশাহীতেই সে ফিরে আসল। নিষ্পাপ নিথর শান্তা। শুধু সেই নিষ্পাপ প্রাণোচ্ছল হাসি নেই। ক্যান্সার ধরা পরার মাত্র মাস ছয়েকের মধ্যেই ও মারা গেল।

এখনও ভাবতে পারি না সে হাসি খুশী মেয়েটি আর নেই; আমাদের ছেড়ে চলে গিয়েছে অজানা ভুবনে। শান্তা তুমি হারিয়ে যাও নি, তুমি থাকবে আমাদেরই মাঝে, স্মৃতির পাতায়।

মোহাইমেনা শারমীন
রোল: এইচ-৮০৪
সহকারী প্রকৌশলী

আজন্ম আয়ুষ্কাল

মাত্র একশ বছর কেন?!
তুমি পাও আমার আয়ুটুকুও...
ততগুলো বছর নয়, যা পার করেছি ;
বরং ততগুলো দিনের বছর পরিমাণ!
ততগুলো দশক! যুগ! শতাব্দী পরিমাণ!!
আমার ভেতর বিলীন হয়ে তুমি অনন্তকাল বাচোঁ!
যত কোষ আমার শরীরে, ততগুলো বছর!!
যত লোহিত কনা ছুটে বেড়ায় এ শিরায় ধমনীতে, ততগুলো বছর!!
জানো, স্নায়ু- স্নায়ু মিলে কতবড় জাল তৈরি হয় সম্পর্কের মত?!!!
অত সংখ্যা গোনার মত কিছুই যে আবিষ্কার হয়নি আজতক ...
জানি আমি থাকবো না,
এ নশ্বর শরীর নিয়েই ফিরে যাবো...
তবে তোমায় বাচিয়ে রাখার বর দিয়ে যাবো!!
ভালবাসায় আজন্ম বেচেঁ থাকতে বড় সাধ হয়,
তাই তো তোমায় বাচিয়ে রাখা!
আমার আমিকে কতই না ঘৃণা করি কারনে অকারণে...
কিন্তু আমার আমিকে তুমি ততই ভালোবাসা জানি !!
তাই বেঁচে থাকো তুমি!! ভালবাসায় আমায় বাঁচিয়ে ...
অযুত!! লক্ষ!! নিজুত!! কোটি বছর !!

ডাঃ তাহসিনা আফরিন শারমিন
রোল: বি-২২২
সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রনালয়

In Memory of 08 March

Fast they Move, forward
With lamps in hand,
Adding tunes in the band,
Shake off worse and carry onward.

Love, laughter, happiness and the rest
Enlightens with robust spirit,
Glorify and make them fit.
For all works around achive the best.

Striving towards to desired goals,
Acting all over round the clock.
Be it the country or the poles,
Nothing to counter, nothing to block.

To attain to exert probable roles,
To fertile the deserts and the rocks.

Sifat-E-Jahan
Roll: B-215
Assistant Commissioner

আত্মজিজ্ঞাসা

অনেক পেয়েছি আমি,
যা চেয়েছি তার বেশী,
চাওয়া কি হবে শেষ!
পাওয়া হলে সবই?
লোভে হেঁটেছি আমি,
সামর্থ্যের চেয়ে অনেক বেশী।
এ যাত্রা কি তবে মৃত্যু অবধি?
পিপাসা মেটে জলে,
ক্লান্তি জুড়ায় বিরামে।
চোখের পিপাসা
মিটে কোন ফলে?
অনেক দেখেছি সাদা চোখে,
অনেক বুজেছি ভ্রান্তি যোগে।
বোধোদয় হবে বল কবে?
হতে হবে মানুষ,
শুধিতে হবে দেনা,
ঘনিয়ে এলো যে,
কালবেলা।

কাজী শাহ্‌নেওয়াজ
রোল ডি-৪০৫
সহকারী পুলিশ সুপার

পিএটিসি তে আসা এবং বাড়ি ফেরা

প্রথম যেদিন পিএটিসি তে আসি সেদিন গাড়িতে তুলে দেয়ার জন্য আমার মেয়ে ও তার বাবা সাথে এসেছিল। আমার মেয়ের নাম "ইফরাহ্", পিএটিসি তে যখন প্রথম আসি তখন ওর বয়স ছিল এক বছর দশ মাস। গাড়ি যখন ছাড়বে আমি জানালার কাছে বসলে ইফরাহ্ বাইরে দিয়ে আমার দিকে হাত বাড়াচ্ছিলো, আমার কাছে আসবে বলে কন্না করছিলো। আমি বললাম "মা, বাবার কাছে কান্নাকাটি করোনা, ভাল হয়ে থেকো"। সে কি বুঝেছিল না, তবে চুপ করে ছিলো। পরে শুনেছিলাম গাড়ি ছেড়ে আসার পর সে আম্মু যাবো, আম্মু যাবো বলে কান্না করে ছিলো। পিএটিসি তে আসার পর প্রথম রাত ছিলো আমার মেয়েকে ছেড়ে ঘুমানো প্রথম রাত। খুব খারাপ লাগছিল কারণ ইফরাহ্ ঘুমের মধ্যে খুব নড়াচড়া করে, বালিশ ছেড়ে উপরে উঠে যায়। সব সময় মনে হত বাবু যে কি করছে? যাহোক প্রথম সপ্তাহ পার করার পর যখন বাসায় গেলাম, দরজা দিয়ে ঢোকার পর দেখি ইফরাহ্ তার নানীর কোলে, কিছুক্ষণ তাকিয়ে থাকার পর আমি যখন বললাম "আম্মুরে", বলে হাত বাড়ালাম সে লাফ দিয়ে আমার কোলে চলে আসলো। কি যে খুশি তার। সে একটু তার দাঁত বের করে হাসে আর আম্মু আম্মু করে। যে দুইদিন ছিলাম বাসায় ইফরাহ্ একটু সময়ের জন্যও আমাকে ছাড়েনি। শনিবার আসার দিন আবারও কষ্ট হয়েছে বাবুটাকে রেখে আসতে। এভাবেই পিএটিসি আসা যাওয়ার মধ্য দিয়ে সময় গুলো কেটে গেলো।

ডাঃ ফারহানা নাইম
রোল নং- ৪২৫
বিসিএস (লাইভস্টক)

অধরে অধোর

অন্ধকার চারিদিক ঘুট ঘুট;
আকাশের তারা গুলো কেবল জ্বল জ্বল করছে;
কেননা তাদের নিজস্ব কক্ষ পথ;
তাদের নেই কোন চাওয়া পাওয়া,
ভালোবাসা কিংবা ব্যর্থতার সামান্যতম
কোন হিসেব নিকেশ নেই ।
প্রত্যেক জড় বস্তুরই আর্বতন প্রর্বতন ।
ব্যতিক্রম কেবল মানুষ ।
কেননা মানুষের আছে বোধ শক্তি
সকল মানুষই এক রকম বোধ সম্পন্ন নয় ।
কেউ চলে স্বার্থের নেশায়,
কেউ আছে অর্থের নেশায় ,
মাদকাসক্তির চাইতেও ভয়ংকরী
আসক্ত উন্মাদ মন ।
আছে সুন্দর চেহারার অন্তরালে
কলুষিত অন্ধকার মানুষ; বোঝা দায় ।
আচরণ মানুষের দর্পন ।
তাতেও আছে চরম অভিনয় ।
জগতে যে যত বড় অভিনেতা
বাহ্যিক দুনিয়ায় সুখীসুলভ তারা;
অন্তরালে চরম পিষ্ঠ হৃদয়
নিষ্ফলা মানব তারা ।
বোঝা সত্যিই দায়, কেন এমন হয়!
কোন দোষে সহজ সরল মানুষ সাজা পায় ।
যন্ত্রনার দহনে নিজেই দগ্ধ
যন্ত্রনাদাতা সে তো অন্ধ ।
তবুও মানুষ বাঁচে
একদিন যাবে কেটে সেই ঘোর
ফুলে ফলে সুশোভিত হবে ঘর ।
প্রাণের স্পন্দন হবে মূখর ।
এসো সব ভুলে
আলিঙ্গনে হই বিভোর
সব জঞ্জাল সরে যাক
রেখে অধরে অধোর ।।

মোঃ তাজুল ইসলাম মিঞা
রোল: ডি-৪৩৩
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট

বাংলাদেশ

বাংলাদেশে জন্ম মোদের বাংলায় কথা বলি,
হিন্দু-মুসলিম-বৌদ্ধ-খ্রিষ্টান মিলেমিশে চলি ।
দক্ষিন-পূর্ব এশিয়ার দেশ হিমালয়ের কাছে,
আলো বাতাস লতা-পাতায় বাঁচি ভাতে মাছে ।
দেশটি ছোট হলেও তাহার জনসংখ্যা বেশি,
একাত্তরের যুদ্ধে জয়ী মোরা বাংলাদেশি ।
ঢাকা তাহার প্রধান শহর আরো আছে কত,
সিলেট যশোর নেত্রকোণা নাম যে শত শত ।
সুরমা মেঘলা ব্রহ্মপুত্র নদীমাতৃক দেশে,
রবিশস্য ফলায় দেশকে ভালবেসে ।
কক্সবাজার বৌদ্ধবিহার সুন্দরবনের জন্য,
বিশ্ব মাঝে নানান সাজে বাংলা আজি ধন্য ।
লালন-হাসান-রাধারমণ-আব্দুল করিম-জয়নুল,
মধুসূদন-শরৎ-প্রমথ কিংবা জসীম-নজরুল ।
কলম কিংবা তুলির ছোঁয়ায় এঁকে গেলেন ছবি,
মা-মাটি ও মাতৃভূমির তারাই মহান কবি ।
ভাষার জন্য জীবন দিলেন সালাম-রফিক-জব্বার,
বঙ্গবন্ধুর নামটি ভাসে মনের পটে বার বার ।
বাংলাদেশে জন্ম নিয়ে ধন্য মোরা আজি,
দুর্দিন এলে সবে মিলে ধরবো জীবন বাজি ।

মহরম আলী মাসুদ
রোল: এ-১২৭
সহকারী পুলিশ সুপার

ভয়ংকর রাত্রি

ফিল্ড এ্যাটাচমেন্ট শেষ হওয়ার দু'দিন আগের ঘটনা। সবাই হইচই করে কুমিল্লার বার্ড দেখতে গেলাম। ভ্রমণ শেষে আমরা তিনজন (মুঈদ ভাই, মহররম ভাই ও আমি) মিলে সোজা ফটিকছড়ি টি এস্টেট। নাম নেপচুন। নেপচুনের ডিজিএম মহোদয় আমাদের উষ্ণ অভ্যর্থনা জানালেন। হেয়াকো বাজার পার হতেই চোখে পড়ে সারি সারি রাবার বৃক্ষ। পিচ ঢালা পথে নিশান গাড়ীর ভেতরে বসা আমরা বাতাসের ঝাপটায় মুগ্ধ। যেতে যেতেই সন্ধ্যা নামে। এক অদ্ভুত মায়াবী পরিবেশ। খাঁড়া ঢালু পাহাড়ী রাস্তা বেয়ে সোজা টি এস্টেটের বাংলোয়। পাশাপাশি দুটি বাংলোয় সন্ধ্যার ঝি ঝি পোকারা অবিরাম ডেকে যায়। পাহাড়ের যে নিস্তব্ধতা এবং রাত্রির যে অধরা সৌন্দর্য আছে, তা যেন ধরা দেয় মুঠোয়। ডিজিএম মহোদয় একা থাকেন, একা বলেই বোধ করি আমাদের সাথে আড্ডায় বসে গেলেন। স্কটিশ স্টাইলে তৈরি করা বাংলোটা অনেক পুরনো। শুনলাম সেই '৬৭' সালের। তবে খাবার মেন্যুটা আধুনিক। বসনিয়ান রুটি, হাঁসের মাংস, রাশিয়ান সালাদ সহ অন্য সব কিছু। কেমন যেন কসমোপলিটন আহার। পরিবেশনের রীতিও আলাদা। খাওয়ার আগে,পরে বাটিতে কুসুম কুসুম গরম পানি। খাওয়া শেষে বনকলা।

এত খাওয়া আমাদের চোখে রাজ্যের ঘুম নিয়ে হাজির। খুব ভোরে ফায়ার প্লেসের ওম নিতে নিতে গরম চায়ে চুমুক দিয়ে রওনা হলাম চা-বাগান দেখতে। যেতে যেতে বন মোরগ চোখে পড়ল। হালদা নদী বয়ে যায় চা বাগানের শ্রমিকদের উদ্যম মেখে। কিছু দূরের সেমুতাং গ্যাস ফিল্ড দেখে ও ট্যাংফল খেয়ে যখন ফিরছি কুমিল্লার পথে, মনটা খারাপ খুব। একদিকে নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্য আর অন্যদিকে পিএটিসির একক প্রতিবেদন জমার তারিখ সমাগত। ভাবলাম ঘন্টা দুয়েকের কাজ। তাই আড্ডা মারা যাক। এক বুয়েটিয়ান বন্ধুকে পেয়ে ও গেলাম কুমিল্লার ধর্ম সাগর পাড়ে। ধর্মসাগরের হাওয়া আমার মাথা থেকে প্রতিবেদন উঠিয়ে নিল। সার্কিট হাউজে যখন ফিরি তখন রাত প্রায় ৯টা। খাবার শেষে ল্যাপটপ খুললাম। বিধি বাম। দেখি এমএস অফিস কাজ করছে না! ডেট এক্সপায়ার হয়ে গেছে এবং সেটি ঐ দিনই। কারণ ওটা ট্রায়াল ভার্সন ছিল। তাড়াতাড়ি এক বন্ধুকে জানালাম। বললাম এমএস অফিসের কিওয়ার্ড এসএমএস কর। ট্রাই করলাম। ব্যর্থ হলাম। পরামর্শ মত সফটওয়ার ডাউনলোড করলাম। তবু কাজ হয় না। ইনস্টল হয় না কিছু। কাজের কাজ আমার মাথা গেল হ্যাং হয়ে। এরপর বন্ধু আরেকটি সফটওয়্যার ড্রপবক্সে পাঠাল। তাতেও কাজ হয় না। রাত তখন ১২টা। এক পর্যায়ে বন্ধুর পরামর্শে 'গুগল ডকে' লিখতে লাগলাম। তারপর অভ্র ডাউনলোড দিলাম। এরপর খুঁজে খুঁজে অভ্রু শব্দ লিখি। কি জ্বালা! ১০০ শব্দ লেখার পর দেখি আর শব্দ আসছেই না। কি-বোর্ড কি নষ্ট হয়ে গেলো? না, আমার মডেমের গতি শেষ। রাত তখন ১.৩০ বাজে। কুমিল্লায় রাত আর আমি জেগে। ভাবলাম কি আর করা, পুরনো যুগেই ফেরত যাই। ম্যানুয়েলে লিখি। ল্যাপটপ বন্ধ করে কাগজপত্র নিয়ে বসার সিদ্ধান্ত নিলাম। হায়রে অভাগা। অনেক খুঁজে মাত্র দুটি অফসেট পেপার পেলাম কিন্তু কালো কালির কোন কলম নেই।

রাত ২টা বাজে আর পরদিন সকালে প্রতিবেদন জমা দান ও বিদায় অনুষ্ঠান। একটা লাইনও লিখা হয় নাই। কি আর করা, কাক ডাকা ভোরে কেয়ারটেকার কোন এক দোকানদারকে ঘুম থেকে তুলে কাগজ কলম নিয়ে আসল। এরপর রুদ্ধশ্বাসে লিখতে শুধু করলাম। দশটা পর্যন্ত মাত্র সাত-আট পাতা লিখতে পারলাম। সোয়া দশটায় বিদায় অনুষ্ঠানে যেতে হবে। ডিসি স্যার থাকবেন। কনফারেন্স রুমে বসেও কয়েক পাতা লিখলাম। ডিসি স্যারের সুন্দর কথাগুলি আমার মাথার উপর দিয়ে গেল কারণ মন তখন উচাঁটন। বিদায় অনুষ্ঠান শেষে তড়িঘড়ি করে শেষ অংশটুকু লিখে জমাও দিয়ে দিলাম। প্রতিবেদন খানা জমা দিতে দিয়ে আমার বদনটুকতে হাসি ছড়িয়ে পড়ল। প্রবিবেদনে একটু হাত বুলিয়ে দিলাম।
আহা! প্রতিবেদন।

গৌতম কুমার দে
রোল: জি-৭৪২
সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

Once upon a Time in BPATC

Leg apart....maximummm - was the heart-soothing instruction we have endeared to hear every morning in the tennis court over the past six months. It happens in BPATC that all Late Latifs like me turned out to be quiet monks living in hinterland ashrams and wrote the saga of strict discipline and rules.

Turning over the pages of memory there remain mixed feelings of joy and sorrow. This is indeed the second training in my career after the one in the Customs, Excise and VAT Training Academy (CEVTA). I always pondered about my learnings from the training in BPATC. Apart from hour-long sessions on theories and service decorum, it is obviously the tenets of discipline we strictly adhered to, topped the priority list of the authority.

I heard somewhere that you do not meet people by chance; rather they are meant to cross your path for a reason. Here we see an amalgamation of 26 cadres along with members of Judiciary and the BPATC. I, for most of the time , remained amazed by the showcase of talent and skills of the participants. Some participants turned out to be Mr./ Ms. /Mrs. Perfect ; they score high in exams, excel in sports events and not to mention the rocking cultural events where they stole the show.

Nights before exams appeared to be scary and reminded me of sleepless nights in my university years. Going over the reading materials, memorizing them and pouring them out in exam scripts – seem to be mundane and add distortions to the service life. I found enthusiasm in assignments and case studies ; academic rigours at this stage seem to take toll. Frankly speaking ,instead of such written exams, solution of case studies , simulations of real-life scenario and workshops would go a long way in developing problem-solving techniques of the participants.

Being in the final countdown of the training days, I whole-heartedly think , the great opportunity is to have been in touch with lots of potential people who would be leaders in next few decades. We would be returning to our workplaces soon; whether we would be confined to our cubicles or be on the run along a dirt road in a remote village, the warmth of the company would blow everywhere. Musings over the good olden BPATC days would go on down through the years. BPATC indeed is a melting point of all egos and conflicts and creation of a level-playing field has added another feather in its cap.

Md.Shamim-Ul-Alam
Roll: B-241
Assistant Commissioner of
Customs, Excise & VAT



একটি জিজ্ঞাসা

সম্পর্ক গুলো টুকরো টুকরো---গোনা যায়
মন চাইলে শিউলী ফুলের মালার মত
গাঁথাও যায় ।
নকশী কাঁথার লাল নীল সুতার মাঝে
হাত বুলালেই পওয়া যায় ।
তবু যেন হয় না ফুল-হয় না মালা
হয় না এখন নকশী কাঁথা ।
আমার আমার করে করে
ফুল হয়ে যায় ভুলের নদী ।
সেই নদীতে আমি ও ভাসি
ভাসতে ভাসতে অবাক হয়ে নিজের কাছে প্রশ্ন করি
কোথায় ছিলাম-কোথায় আছি কোথায় যাব ।
ভুলে গেছি অনেক কিছু
নিজের সুখে হাত বুলিয়ে জিজ্ঞাসিনু
একি আমি ---এই কি আমি?
আমার বাবার ছোট্ট মেয়ে এই কি আমি?
গোল্লাছুটে দম লুকানো সেই মেয়েটি
এই কি আমি ?

সোনিয়া আক্তার
রোল: ই-৫০৬
সহকারী কমিশনার অব কাস্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট

গোলাপী চাদর

শীতের হাওয়া কুয়াশা এনেছিলো,
তোমায় সে আজ জড়াবে নাকি শালে ।
আলোর আভা একটু কমে গেলো,
তোমার কপাল রাঙাবে বলে ভোরে ।

আজ পাঁজরের কমেছে তান,
সব স্বাচ্ছন্দ্যে ছুটে
তীক্ষ্ম হাসির নক্শী রেখার
শব্দহীন ঢেউয়ে,
আছড়ে পড়ে যে মুখে ।

ঐ বালুকাসুখ শুধু একখানি তিল
মেঘদূত!
দেখে দূর থেকে চেয়ে
কুয়াশার স্বচ্ছ ফোঁটা জলে ।
রূপালী বাতাস সেও থেমে যায়
কেবলি হারায় তোমার রুক্ষ চুলে ।

সেই গোলাপী চাদর,
সেই এলোমেলো চুল,
সেই সুখ সেই তিল ।
কুয়াশারা দূরে আজ,
আবারো সে ভাষা খুঁজে নেয়,
গোলাপী স্বপ্নের ঘরে ।

মুঈদ মোহাম্মদ রুবেল
রোল: সি-৩০৩
সহকারী পুলিশ সুপার

বন্ধুত্ব

দিকে দিকে চেনা জানা মুখ,
ক্ষণে ক্ষণে জানা সুখের অচেনা চোখ,
মানুষ মানুষে বন্ধুত্ব । মানুষে মানুষে প্রীতি
তবুও আস্থা রাখার স্থান বিচ্যুতি ।

মনে হয় বন্ধুত্ব, বন্ধুময় পরিবেশ
তবুও ভয় সর্বত্র, দ্বিধাসয় এক বেশ ।

বলতে চাইলে ও যায় না সব বলা
অপেক্ষারত সব সময়ই পরীক্ষার এক খেলা ।
কতটুকু ব্যক্তিত্ব । কতটুকু ধরে রাখার শক্তি
মানুষের ভিতরে মানুষ । অন্য এক ব্যক্তি ।
সত্যিকারের বন্ধুত্ব সেতো আভিধানিক রূপ
যোগ-বিয়োগের অজ্ঞাত এক রূপ ।
জীবন শেষে তাই মনে হয় সবার
আমি ছাড়া আপন ছিল নাতো কেউ আমার ।

বিবি খাদিজা
রোল: জি-৭৩৬
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

একজন অভিভাবক এবং সারা জীবনের ঋণ

জেলা প্রশাসন, যশোরে চাকুরী জীবনের শুরু আমার। সার্ভিস নরমস, ডিসিপ্লিন আর টুকটাক অফিসিয়াল কাজ কর্ম করতে করতে কিভাবে যেন একটি বছর গড়িয়ে গেল। বুনিয়াদি প্রশিক্ষণ শেষ করতে হবে, চাকুরী স্থায়ী করতে হবে, তা ছাড়াও শৃংখলিত জীবনে হাঁপিয়ে উঠেছিলাম। তাই ছয় মাসের জন্য প্রশিক্ষণে কবে ডাক পাব, এই ভেবে মনের মাঝে আকুপাকু করত। আমার মেধাস্থান খুব একটা সামনের দিকে নয়। তাই প্রশিক্ষণে ডাক পাবার সম্ভবনা ছিল খুবই ক্ষীণ। কিন্তু ১০ টি প্রতিষ্ঠান বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করার দায়িত্ব নেয়ায় প্রশিক্ষণে তাড়াতাড়ি ডাক পেলাম। ডাক পেলাম দেশের সেরাটিতেই, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে। অনলাইন রেজিস্ট্রেশন, ওয়েলকাম লেটার, মোবাইলে এসএমএসের মাধ্যমে নির্দেশনা, পিএটিসিতে পদার্পন এবং সবশেষে ডরমেটরিতে নিজের নামে বরাদ্দ করা কক্ষ বুঝে পাওয়া। সব কিছুই যেন ছকে বাঁধা নিখুঁত নিয়ম।

পি৬০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সকল প্রশিক্ষনার্থী প্রথমবারের মত অডিটরিয়ামে একত্রিত হলাম "রেক্টরসটি"তে। প্রথমবারের মত পরিচিত হলাম আমাদের শ্রদ্ধেয় রেক্টর স্যার এ,কে,এম, আবদুল আউয়াল মজুমদার স্যারের সাথে। পরিচিত হলাম কোর্স ম্যানেজমেন্ট টিম, অনুষদবর্গ ও পিএটিসি পরিবারের সদস্যদের সাথে। এই দিনেই আমাদের প্রশিক্ষণ শুরু হবার মাস অক্টোবারে যেসকল প্রশিক্ষনার্থীর জন্মদিন ছিল তাঁদের জন্মদিনের শুভেচ্ছা দিয়ে রেক্টর স্যার সবাইকে অবাক করে দিলেন। স্যারের প্রতিভালো লাগা যেন শুরু হল তখন থেকেই।

ব্যস্ততার দিনগুলো যেন পাগলা ঘোড়ার মতই ছুটে চলল। সকালের পিটি প্যারেড, সময়মত সকালের নাস্তা, ক্লাস, কাঁটা চামচে খাওয়ার ব্যর্থ চেষ্টা, বিকালের খেলাধুলা আর সন্ধ্যার আড্ডা চলতে থাকল। এত ব্যবস্থার মাঝেও সপ্তাহে বেশ কয়েকবার আমরা রেক্টর স্যারের দেখা পেতাম। স্কুল, কলেজ আর বিশ্ববিদ্যালয়ের গন্ডি পেরিয়েছি, কিন্তু কখনোও মনে হয়নি নৈতিকতা বিষয়টি কতটা গুরুত্বপূর্ণ, নিজের দ্বায়িত্বটি কতটা পূজনীয়। স্যার সেটিই আমাদের নিজের মত করে শিখিয়েছেন, দেখিয়েছেন এবং পড়িয়েছেন। সততা, শুদ্ধতা, ন্যায়পরায়ণতা, কর্মস্পৃহা আর সময়ানুবর্তিতা বিষয়গুলো যেন বইয়ের গৎবাধা লাইনগুলো হতে জীবন্ত হয়ে ধরা দিতে লাগলো।

রেক্টর স্যার আমাদের বিভিন্ন বিষয়ে ক্লাস নিতেন। ক্লাসের ফাঁকে ফাঁকে তুলে ধরতেন তাঁর আলোকিত জীবনের অসংখ্য অভিজ্ঞতা। তাঁর সরল, সাবলীল, অকৃত্রিম আর মেকিবিহীন উপস্থাপনা মন্ত্রমুগ্ধের মত অনুসরণ করেছি। তাঁর দ্রুত সিদ্ধান্ত প্রদান আর কর্মপ্রিয়তার সুফলও পেয়েছি আমরা। নিজেদের অভাব, অনুযোগ, অভিযোগ, আনন্দ, অভিজ্ঞতা নির্ভয়ে তাঁর কাছে উপস্থাপন করার সাহস পেয়েছি। শিখেছি স্বচ্ছতা ও সমতার অসীম শক্তিকে। রেক্টর স্যারের লিখা বই "অপুত্রক মুন্সি তোফায়েল আলী মজুমদারের পুত্রগণ" পর্যালোচনা ও উপস্থাপনের দ্বায়িত্ব পড়ে আমার উপর। আর সঙ্গত কারণেই স্যারের জীবনের বহু তথ্য ও ঘটনা আমার সামনে এসে ধরা দেয় আর শিখি নেই অনেক কিছুই। তেত্রিশ বছরের কর্মজীবনে একদিনও অফিসে আসতে একমিনিটও দেরি করেন নি এমন ব্যক্তি কি পৃথিবীতে খুঁজে পাওয়া যাবে? এটি কাল্পনিক কিছু নয়, এটি বাস্তব। আমাদের রেক্টর স্যার সেই ব্যক্তি যিনি তেত্রিশ বছরের কর্মজীবনে অফিসে দেরি করে আসেননি। আর দক্ষতাও দেখিয়েছেন তাঁর কর্মের প্রতিটি ক্ষেত্রে।

দেখতে দেখতে ছয়টি মাস কেটে যায়। ৬০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের বিদায়ঘন্টা বাজতে শুরু করে, এইতো আর কিছু দিন বাকি। এরপরেই পিএটিসি ছেড়ে চলে যেতে হবে। আর বিদায় বেলায় স্যার আপনাকে পরম শ্রদ্ধাভরে স্মরণ করছি। আপনার প্রতিটি নির্দেশ, উপদেশ আর অনুরোধ মেনে চলার শপথ গ্রহণ করছি। স্যার আপনি আমাদের সন্তানতুল্য স্নেহ দিয়ে গেছেন আর রেখে গেছেন ভালোবাসার ঋণ। স্যার তাই যাবার কালে বলতে চাই আপনি আমাদের অন্তরে অম্লান থাকবেন, যেটি আপনাকে বলা হয়ে ওঠেনি।

জহির ইমাম
রোল: এফ- ৬২২
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট



পিএটিসির দিনলিপি

দুইদিনের গলাব্যথা ও জ্বর নিয়ে কেন্দ্রের ক্লিনিকে হাজির হলাম। এটি যে একটি ক্লিনিক বাইরে থেকে দেখে আচ করার উপায় নেই। পিএটিসির অন্যান্য পরিষেবায় যে পরিপাটির দেখা মেলে এখানে তার কিছুটা ঘাটতি রয়েছে বলা যায়। দেশের অধিকাংশ হাসপাতাল-ক্লিনিকে গেলে প্রথমেই নাকে যে বোটকা গন্ধ আসে তাঁর ছিটেফোঁটাও এখানে নেই। ভিতরে ঢুকে কোনো রোগীর দেখা না পেয়ে ভাবলাম, ভুল সময়ে হয়ত চলে এসেছি, ক্লিনিক মনে হয় এখনও খোলেনি। অভ্যর্থনা জাতীয় একটা কিছুর সামনে দাঁড়াতেই মধ্য বয়স্ক একজন বলে উঠলেন, "কিছু বলবেন? ডাক্তার দেখাতে এসেছেন?" জবাবে মাথা ঝাঁকাতেই তিনি একপ্রস্থ ফরম এগিয়ে দিলেন। নাম-ফিরিস্তি পূরণ করে ফেরত দিলাম। মধ্যবয়স্ক লোকটি সামনের দিকে একটি কক্ষ দিখিয়ে দিলেন।

ডাক্তারের কক্ষে ঢুকে দেখলাম ডাক্তার সাহেব চেয়ারে হেলান দিয়ে বসে বই পড়ছেন। ধর্মীয় বই। সালাম দিলাম। আমার সারা পেয়ে উনি তড়িঘড়ি করে সোজা হয়ে বসলেন। উনার পাশে চেয়ারে বসলাম। "কী অসুবিধা?" জিজ্ঞেস করতেই সবিস্তারে বর্ণনা করলাম। উনি পাশের আলমিরা থেকে একটা বাঁশের কাঠি বের করে আনলেন। উনার কথামত হা করলাম। উনি টর্চ লাইট জ্বেলে বাঁশের ঐ কাঠিটি দিয়ে মুখের ভিতর নেড়েচেড়ে কী যেন দেখলেন। এরপর যা বললেন, শুনে আমার গলা কাঠ হয়ে গেল। আমার মুখের দিকে ছানাবড়া চোখে তাকিয়ে যা বললেন তার সারমর্ম হল- আমার গলার অবস্থা খুবই খারাপ, টনসিল ফুলে ভয়াবহ অবস্থায় আছে (উনার ভাষায় ছোটখাট আপেলের আকার ধারণ করেছে)। এরপর যা বললেন তা আরও ভীতিকর। "আপনার এই কোর্স শেষ করা সম্ভব নাও হতে পারে, একটু সাবধান থাকবেন। আপনার সেকশনের কোর্স কো-অর্ডিনেটরের কাছে আমি রিপোর্ট লিখে দিচ্ছি। উনি আপনার ব্যাপারে সিদ্ধান্ত নিবেন"- এই কথা শোনার পর হতে মনে হচ্ছিল কেন যে মরার জন্য এই কুক্ষণে এখানে এসেছিলাম আমি না মরা পর্যন্ত দেখি এর কোনো শান্তি নাই ডাক্তার সাহেব বেশ কিছু অ্যান্টিবায়োটিক ঔষুধ লিখে দিলেন। এর সাথে একজন নাক-কান-গলা বিশেষজ্ঞ বরাবর রেফার করলেন।

ক্লিনিকের ফার্মেসি হতে বিনামূল্যে সরবরাহ করা কয়েক পাতা ঔষধ নিয়ে ডরমিটরিতে ফিরলাম। মনে মনে বিড়বিড় করছিলাম এই পাজি ডাক্তারের খপ্পরে কেন যে পরেছিলাম দিনটাই আজ কুফা গেল। এদিকে গলা ব্যাথাও সময়ের সাথে পাল্লা দিয়ে বাড়ছিল। রাতে খাবার পর ঔষধ খাওয়া শুরু করব ভাবলাম। ফ্রেশ হয়ে কেন্দ্র হতে দেয়া ল্যাপটপ নিয়ে বসলাম। এমন সময় অপরিচিত একটা নম্বর হতে ফোন আসল। বিরক্তির ভাব নিয়ে ফোন ধরলাম। সালাম দিয়ে পরিচয় জানতে চাইতেই ওপাশ হতে জবাব এল "আমি আপনার সিসি (কোর্স কো-অর্ডিনেটর) বলছি, আপনার এখন কী অবস্থা, ঔষুধ খেয়েছেন? গলা ব্যথা কি কমেছে? টেনশন করবেন না, ডাক্তারের কথায় ভড়কে যাবেন না, আমরা আপনার পাশে আছি। এখন রেস্ট নেন।" এ কোন জগতে এসে পরলাম রে বাবা এদের কী আর কোনও কাজ নেই?

২। রাত একটা। ঘুম আসছে না। যদিও ভোর পাঁচটায় পিটি করতে উঠতে হবে। ভাবলাম একটু বাইরে থেকে হেটে আসি। বাইরে বলতে আশেপাশের কোনো কামরায়। (কামরা-ই বললাম। ৫ নম্বর ডরমিটরির কক্ষগুলো এত ছোট যে এগুলোকে কামরা বলেও বেশী হয়, কোণা বলা উচিত)। রুমমেট অঘোরে ঘুমাচ্ছিল। ভাবলাম বাহির হতে তালা দিয়ে যাই। পাশের এক কামরায় এত রাতেও দেখি আলো জ্বলছে। গেলাম গল্প করতে। বেশিক্ষণ গল্প করতে পারলাম না। নিজের কামরায় ফিরে এলাম।

পরের দিন সকাল বেলা। পিটি করে এসে ফ্রেস হয়ে নাস্তা করার জন্য নিচে ডাইনিং-এ যাচ্ছি। ডরমিটরির গেট পার হচ্ছি এমন সময় পিছন হতে কে যেন ডাকল, তাকিয়ে দেখি ডরমিটরির সিসি স্যার। উনাকে সালাম দিতেই উনি বললেন "গতকাল রাতে আপনার রুমে তালা দিয়ে কোথায় গিয়েছিলেন?" মনে হল আসমান হতে পড়লাম মিনমিন করে বললাম 'পাশের রুমে ছিলাম।" শুনে বললেন, "পাশের রুমে যাবেন ঠিক আছে, যেতেই পারেন কিন্তু রুমের লাইট-ফ্যান তো অফ করে যাবেন।"

মনে পরে গেল বিশ্বজিতের ঘটনা। ও গত শুক্রবার রাতে বন্ধুদের সাথে নিজের ডরমিটরিতে না থেকে ৩ নম্বর ডরমিটরিতে ছিল। সারারাত আড্ডা দিয়ে কী আরামের ঘুমটাই না ঘুমিয়েছিল বেচারা। সেই ঘুমের বারোটা বাঁজাতে ওর মোবাইলে ঠিক ভোর পাঁচটায় একটা কল আসে। রিসিভ করতেই সেই পরিচিত গলা "আপনি এখন কোথায়? নিচে আসেন, আপনার সাথে কথা আছে।" বিশ্বজিত ধড়ফড়িয়ে নীচে নেমে দেখে সিসি স্যার বলা শুরু করেছেন, "আপনি যে নিজের ডরমিটরিতে না থেকে এই ডরমিটরিতে আছেন, আপনার সিসি কে তা জানিয়েছেন? না না, আপনি কাজটা ঠিক করেন নি, এমন আর কখনও করবেন না।"

৩। পিএটিসি এমনই। এখানে প্রশিক্ষণে আসা সব প্রশিক্ষণার্থীর গতিবিধি সব সময় নজরদারি করা হয়। তার চেয়েও বেশী পর্যবেক্ষণে রাখা হয়। কার কী অসুবিধা তার মনোযোগ দিয়ে শোনা হয় এবং এসব অসুবিধা দূরীকরণে আন্তরিক প্রয়াস চালানো হয়। সামান্য একটা অভিযোগ যেটাকে মামুলি মনে হতে পারে, পিএটিসি কর্তৃপক্ষ সেটাকেও সবোর্চ্চ গুরুত্ব দিয়ে সমাধানের চেষ্টা করে। কেউ একজন হয়ত বলে বসল তার কক্ষে মশার উপদ্রব বেশী, সাথে সাথে মশক নিপাতের আয়োজন করা হয় ডাক-ঢোল পিটিয়ে। কখনও বা ঢাকা সিটি কর্পোরেশন হতে বিশেষজ্ঞ দল ডেকে পাঠানো হয়। কেউ একজন অভিযোগ খাতায় লিখে বসল, ভাতের চাল মোটা হয়ে যাচ্ছে, পরের দিনই বস্তা সমেত চাল দোকানে ফেরত যাচ্ছে। মোদ্দাকথা পিএটিসি কর্তৃপক্ষের আন্তরিকতার কোনো ঘাটতি নেই। সেই আন্তরিকতা এতটাই হৃদয় উৎসারিত যে মুগ্ধতার পাশাপাশি মাঝে মাঝে তা বিরক্তির উদ্রেক করে বসে।

মো ইমরান হোসেন
রোল: এইচ-৮০২
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

দেখে এলাম সুন্দরবন

যাবেন না, কপাল খারাপ থাকলে ১টি হরিণও দেখতে পাবেন না তার উপর পানির সমস্যা , থাকার সমস্যা ইত্যাদি আদিব ভাই বলছিলেন সুন্দরবন যাবার আগে। কিন্তু আমিতো নাছোড়বান্দা, সুন্দরবন যেতেইতো মাঠ সংযুক্তিতে খুলনায় এসেছি, এখন যদি যাওয়া না হয় তাহলেতো সবই বৃথা। যাওয়া হবে কি হবেনা এ টানাপোড়েনে অবশেষে পাইকগাছা উপজেলা পরিষদের আয়োজনে আমাদের সে সুযোগ এলো। এ যাবে তো সে যাবেনা এমন করতে করতে আমরাও পাইকগাছা উপজেলা পরিষদ মিলিয়ে মোট ১১০ জন ২৯ জানুয়ারি সন্ধ্যায় ওয়াটার কিং -০৮ জাহাজে করে রওনা হলাম সুন্দরবনের উদ্দেশ্যে। প্রচন্ড শীতে জুবু থুবু হয়ে কে কোথায় থাকবো, কার কেবিন কোনটা এসব শেষ করতে করতে অবশেষে ডেকে এসে সোফায় বসে একটু দম ছাড়া। দু'তীরের জনপথের আলোর মিছিল ছাড়িয়ে জাহাজ ক্রমেই সামনের অন্ধকারের দিকে এগিয়ে যাচ্ছে। একটু যেন ভয় ভয় লাগছে , সুন্দরবনে অপহরণ জাতীয় অনেক গল্প শুনেছি অন্ধকারে মিশে যেতে যেতে সেই ভয়টাই কি মনে আসছে নাকি চেনা পরিবেশ ছেড়ে যেতেই এ অনুভূতি।

পরদিন সকাল অর্থাৎ ৩০ তারিখে আমাদের প্রথম পয়েন্ট করমজলে পৌছে মূল জাহাজ থেকে নৌকাতে করে দুভাগে তীরে নামলাম। নৌকা থেকে নেমেই হুড়োহুড়ি করে সবার সেলফি আর ফটোসেশন শুরু যেন দেখার চেয়ে স্মৃতিটাকে ধরে রাখতেই ব্যস্ত সবাই। সময় খুব কম ৪০ মি: এর মধ্যে নৌকায় ফিরতে হবে, যেতে যেতে অনেককে বাদাম ও কেওড়া পাতা কিনতে দেখলাম এর কি রহস্য এটা বুঝতে পারলাম একটু পরেই করমজলে চিড়িয়াখানার মতো করে লোহার বেরিকেট দিয়ে হরিণ রাখা আছে, বাদাম আর কেওড়া পাতা ধরতেই দৌড়ে হরিণ এসে মুখ বাড়িয়ে দেয় খাবার জন্য, আর এ সুযোগে দর্শনার্থীরা ছবি উঠিয়ে নেয় হরিণের সাথে। আমরাও সুযোগটি কাজে লাগালাম। তবে অবারিত বনে বন্দি হরিণ দেখতে খুব একটা ভালো লাগছিল না। জাহাজে ফিরে এবার পরবর্তী স্পট হাড়বাড়িয়ার জন্য অপেক্ষা, এই ফাঁকে ডেকের টেবিলে পা ঝুলিয়ে বসে বাদাম খাওয়া,গল্প-গানে মেতে উঠা। প্রায় ২ ঘন্টা পরে আমরা হাড়বাড়িয়াতে নামলাম। এখানে খুব কাছ থেকে গোলপাতা ও ২ পাশে ঘন বনের সৌন্দর্য উপভোগ করলাম। প্রচুর হরিনের পায়ের ছাপ ও দু এক জায়গায় বাঘের পায়ের ছাপও দেখলাম, কিন্তু স্বচক্ষে তো কিছুই দেখতে পেলাম না। তবে কি আদিব ভাইয়ের কথা সত্যি হতে চলেছে? কি আর করা পথে যখন নেমেছি এর শেষতো দেখে যেতেই হবে।

পরদিন খুব ভোরে অন্ধকার থাকতে থাকতেই আমরা কটকা সমুদ্র সৈকত দেখতে তীরে নামলাম। কিন্তু একি আমরাতো দলছুট আমাদের সাথের ১৭ জনের মধ্যেতো কেবল আমি ও তানভীর বাকী সবাইতো পরিষদের লোকজন। পরবর্তী নৌকা ১৫ মি: পর আসবে। আমরা দুজন তীরেই অপেক্ষা করার সিদ্ধান্ত নিলাম। কিন্তু বাকীরা বনের মধ্যে প্রবেশ করলে নিস্তব্ধ বনের ভেতর আমরাতো ভয়ই পাচ্ছিলাম, মনে হচ্ছিল এই বুঝি বাঘ চলে আসল বা পানির মধ্যে থেকে কুমির। অবশেষে যখন নৌকার শব্দ শুনলাম তখন জানে পানি আসল। বনের মধ্যে কিছু দেখতে চাইলে দলের প্রথমে থাকতে হবে কে যেন বলেছিল, তাই দৌড়ে দৌড়ে দলের প্রথমে থাকার চেষ্টা, বিশেষ করে আমার ও তানজিলা আপার এ ব্যাপারে ঐকান্তিক চেষ্টা চলছে। এমা একি একদল হরিণ রাস্তা পার হলো না। নাকি চোখে ভুল দেখলাম, না সত্যিই তো, এই যে আবারও পাড় হলো,দলের প্রথমে থাকা তাহলে সার্থক হলো। বনের ভেতর দিয়ে হাঁটতে হাঁটতে রাস্তাটা ক্রমেই সরু হতে হতে একেবারে সাগর তীরে যেয়ে পৌছল। মজাতো নৌকা থেকে বন পেড়িয়ে সাগর। এখানে বিচের খুব বেশি কাছে যাওয়া গেল না শ্বাসমূল আর একদম কাদাময় তীর, অনেকে বিচে গোছল করবে বলে কাপড় বহন করে নিয়ে এসে ধরা খেল। নৌকাতে ফিরে উল্টা দিকেই কটকা অভয়ারন্য এর উদ্দেশে যাত্রা, দূর থেকেই তীরে পানি খেতে আসা হরিণ দেখা যাচ্ছে। তীরে নেমে আমাদের সাথে বন বিভাগের যে গাইড ছিল সে বলল আমার সাথে আমার কথা মতো চলেন খুব কাছ থেকে হরিণ দেখিয়ে দিব। তার কথামতো হাঁটছি,পুরো বনের ভিতরেই কিন্তু হাঁটার জন্য মাটি থেকে উচু কাঠের রাস্তা করে দেয়া,এর উপর দিয়েই হাঁটছি হঠাৎ গাইড বলল কাঠের রাস্তা ছেড়ে বনের মধ্যে ঠুকতে, ঠুকলাম। কিছুদূর যেতেই দূর থেকে অনেকগুলি হরিণ আর বানর দেখতে পেলাম। গাইড বলল এখানেই চুপ করে দাঁড়ান হরিণগুলোকে কাছে আনার ব্যবস্থা করছি, বলেই একটি ছেলেকে কেওড়া গাছে উঠিয়ে দিয়ে নিচে কেওড়া পাতা ফেলতে বলল। বেশ কিছু পাতা সহ ডাল নিচে পড়ার পর লক্ষ্য করলাম হরিণ গুলো ভীরু দৃষ্টিতে পাতা আর আমাদের দিকে দেখছে , যেন আমরা কিছু করি কিনা খেয়াল করছে। অবশেষে পাতা খাওয়ার লোভ এরই জয় হল, প্রথমে ধীর পায়ে পড়ে দৌড়ে পাতাগুলোর কাছে ২০-৩০ টি হরিণ চলে এলো, আমার চক্ষু চড়ক গাছ, এটা কি বাস্তবে দেখছি নাকি 'ডিসকভারি' চ্যানেল দেখছি এত কাছ থেকে এতগুলো হরিণ অসাধারণ, একটি মুহূর্ত সবাই দেখলাম, ছবি তুললাম, ভিডিও করলাম এই দূর্লভ দৃশ্যটির, মনে মনে গাইডকে ধন্যবাদ দিলাম। যেতে ইচ্ছে করছিল না তবু সামনে তো যেতেই হবে। কিছুদূর এগিয়ে টাইগার পয়েন্ট দেখলাম, যেখান থেকে বাঘ গণনা হয়েছিল। সুন্দরী, গেওয়া, হ্যাতাল বন দেখতে দেখতে জাহাজে উঠলাম গন্তব্য এবার হিরণ পয়েন্ট। হিরণ পয়েন্ট খুবই পরিচিত নাম কিন্তু যতটা ঘুরলাম ওখানে শুধু নৌবাহিনীর স্থাপনাই বেশি দেখলাম। বনের মধ্যে ঢুকিনি অবশ্য। একদিনে ৪ টি পয়েন্ট ঘুরতে হবে সময় নেই দ্রুত পরের গন্তব্য আলোর কোলে যখন পৌছলাম তখন সন্ধ্যা হয় হয় । এটি শুঁটকির জন্য বিখ্যাত, এখানে অস্থায়ী বসতি আছে, অনেকেই বাজার থেকে শুঁটকি কিনল। নৌকাতে করে সবাই আবার জাহাজে উঠল। তিন দিনের সুন্দরবন ভ্রমণ শেষে এবার ফেরার পালা, ফিরতে মন চাইছে না যেন বনের মধ্যে ঘুরে বেড়াতেই ভাল লাগছিল। এ এক অন্য রকম পরিবেশ বন, বন্যপ্রাণী, নদী, সাগর মিলেমিশে একাকার। প্রকৃতিকে এতো কাছ থেকে দেখার ও উপভোগ করার এক বিরল অভিজ্ঞতা নিয়ে ফিরছি। আর এজন্য ধন্যবাদ বিপিএটিসি, পাইকগাছা উপজেলা পরিষদ আর সেই গাইড কে যার জন্য একটি বিরল দৃশ্য দেখতে পেরেছিলাম।

কাজী সাফিয়া ফেরদৌসী
রোল: এ-১৪৪
কৃষি সম্প্রসারণ কর্মকর্তা

স্বপ্নের মেয়েটি

এইতো সেদিনের কথা,
ভাবতেই আজ শিহরণ লাগে।
খোলামাঠ প্রান্তর পেরিয়ে
পিচঢালা মেঠো পথাটি ধরে:
চলেছিলাম আমি পথিক বেশে।
হঠাৎ একটি ডাক একটি মৃদু ধ্বনি;
থমকে দেয় আমাকে।
পিছন ফিরে দেখি, কোথাও কেউ নেই।
চারদিকে ধু-ধু প্রান্তর;
মরিচীকা ধোকা দেয় আমাকে।
ক্লান্তিহীন দৃষ্টি খুঁজে ছায়ামানবীকে।

খোলামাঠ, সোনালী রোদ্দুর,
কোথাও ছায়া নেই।
নেই কোনো বিটপীর মেলা।
মাত্র একটি বকুল গাছ;
একাকী রাস্তার পাশে দাড়িয়ে আছে,
পথিকের আশ্রয়দাতা বেশ।
গাছ তলা থেকে একটি সরূপথ,
নেমে গেছে কোন এক অজানা গাঁয়ে।
অপলক দৃষ্টি তাকিয়ে থাকে;
দৃষ্টিপটে ধরা দেয় একটি মেয়ে অবশেষ।

চুলগুলো এলোমেলো
যেন জোৎস্নার মাঝে কালো আলো।
চাহনী তার হরিণীর চোখ,
ভ্রুযুগল কাজল কালো, মুখে মৃদু হাসি।
যা আমাকে হরণ করে নিল,
নিমিষেই সবকিছু ভুলিয়ে।
পৃথিবীর সব মায়াজাল ছাড়িয়ে।

তারপর এক সময় সামনে এসে দাঁড়াল
তার চোখ দুটি আমার চোখে মিশিয়ে।
মৃদু স্বরে বলে," কেমন আছো"?
এর আগে আমি কখনো দেখিনি তাকে,
শুনিনি তার মিষ্টিমুখের মায়াবী ডাক।
আমার মুখ খুলল না, বাকরোধে চেয়ে থাকা।

তার মায়াবী আকুতির চাহনী,
গোলাপী রঙে বেজা দুই ঠোঁট;
আমার কণ্ঠরোধ করে দিল।
আমি যেন আমাতেই হারিয়ে গেলাম।
তারপর আর কিছুই জানি না,
দু-চোখ শুধু তার পানে চেয়ে থাকে।

পথ চলতে থাকলাম
পাশাপাশি দুজনে একসাথে হয়ে;
পিচঢালা সেই মেঠো পথটি ধরে।
মুখে আর কোন কথা নয়,
শুধুই চেয়ে থাকা;
আর হৃদয়ে কল্পনার আলিঙ্গন।

মাঝপথে একটি হোঁচট,
সে আমাকে পিছন থেকে ধরতে গেল,
কিন্তু ধরল না।
কি জানি, কোন সে কারণ?
হঠাৎ পিছনে ফেরা, কোথাও কেউ নেই।
অপলক দৃষ্টি যতদূর যায় তাকিয়ে দেখি,
চোখ ক্লান্তি হয়ে ফিরে আসে।
আবার তাকিয়ে দেখি, ক্লান্তিহীন চেয়ে থাকা;
চোখ বারবার ক্লান্ত হয়ে ফিরে আসে।

কোথাও কেউ নেই, হারিয়ে গেছে সে
পৃথিবীর কৃত্রিমতায়।
কে তুমি, কি নাম তোমার ?
জানা হয়নি কোন চিছুই।
তুমি কি ছায়ামানবী,
নাকি আমার স্বপ্নর প্রেয়সী?
কি নামে ডাকবো তোমায়?
তুমি কি আরশী নগরের রঙিন হাত,
নাকি দুঃখের মাঝে জ্যোৎস্নার রাত ?
না, না, এ উপমা তোমার শোভা পায় না,
এ নামের যোগ্য তুমি নও।

তবে তুমি কে ?
কি নাম দেবো তোমায় ?
তুমি কি অঝোরে ঝরা সেই গোলাপটি?
নাকি বিষাদময় সেই কালো রাতটি ?
নাকি না পাওয়া স্বপ্নের ছোয়া ?
না, না, তুমি নও;
তুমি পাষাণপূরের পাষাণী
হৃদয়হীনা সেই মেয়েটি।

প্রকৌ: মোঃ আব্দুল আলীম গাজী
রোল: জি-৭২৪
সহকারী প্রকৌশলী, ডি.পি.এইচ.ই

Hardinge Bridge: The Fairy Tale Bridge of a Girl

Why all stories have roots in the past? Why do we like to start our stories from our childhood? Honestly, I don't know. My story is no different. It starts from the days when a girl was old enough to understand and recognize the shapes, put names to the shapes. At that time one structure stood bigger than any other in her eyes. It was really a part of herself, which she used to visit in holidays during Ramadan and Eid. On her way to her grandparents', the great Hardinge Bridge stood over the mighty river Padma with all its enormity and stature. Back then the family used to take train or board a ferry and the girl used to gaze at the bluish-grey water flowing under the bridge or counted the truss windows which were passed fast outside the windows of the train. The bridge which seemed mysteries in the eyes of the girl played a vital role when fate put her to study bridges, the underlying theory of designing it from foundation to the top deck. She understood the foresight and visionary perspective of the engineers to serve generations after generation through the constructions which touch the lives of the people.

Later in her days she studied the great Hardinge Bridge which was named after Lord Hardinge, the then Viceroy of India. The necessity of a bridge over the Padma at Sara was first put forward by the Eastern-Bengal Railway in 1889. In 1902 feasibility study of the bridge was finished and detailed design of the project was initiated. Analysis of the 100 years flood level of the Padma was done for finalizing the height of deck from the river bed. After thorough planning for reservation of quarries for 27,500 tons of steel, stone and coal; supervision of the construction process of girders in Liverpool, England; and pre-casting the concrete members at construction site, finally the construction had begun on 4 March 1910. The 1.8 km long Hardinge Bridge has three land spans of 75 ft. and 15 river spans of 345 ft each. It was described at the time as the largest bridge in the Far East. After 5 years of hard work of workmen and engineers the bridge was opened for traffic on 4 March 1915. The construction planning and workmanship of this bridge is so elegant, the recent days' curriculum of engineering studies portrays the bridge with utmost respect.



Figure: The Hardinge Bridge on its opening day (left), Harding Bridge as today (right)
** Picture curtsey: Daily Star Archive; Prof. Dr. Saiful Amin BUET*

The hundred year life of this Bridge has been full of dramatic events. One of them occurred in 1933. A breach of 400 feet long on the right guide bank (the initial portion of the bridge on land which is extended to the water) had been occurred because of the failure of the monsoon, a deluge of rain lasting several days and causing severe floods which found its way 1, 000 miles down with enough force to damage. Again in 1971 the four main spans of the bridge have suffered severe damage during the Liberation War of Bangladesh. But the engineers of Bangladesh Railway have worked along with Indian engineers to restore them as early as possible.

History has observed lots of changes. Hundred years have passed after construction but the Hardinge Bridge is still across the mighty river Padma. Modern engineers of ICT and communication era are amazed by the round-o-clock patrolling system of the bridge during British regime, citizen response to emergencies and prompt

action taken by each and everyone in the chain-of-command. All of these enabled the fastest restoration of the bridge during and after calamities and secured the lifeline of the nation. The Engineers played a vital role identifying the need of the people for development and prioritizing maintenance and innovation above all. In recent times maintenance and supervision is valued less and less in our country, where there is a saying in Engineering practice that, every construction must be followed by maintenance from the very next day the construction ended.

The Hardinge Bridge which is a major landmark of Bangladesh has been in service for 101 years. It is estimated that it will be in working condition for the next 50 years if regular and periodic maintenance is done properly. The Engineers and policy makers of today have lot to learn from the same of the past. Let us hope that we erect such appreciative features on earth that serves the generation after us and they will see it with dreamy eyes as the young girl once saw the great Hardinge Bridge over the river Padma.

Shaika Sharkia
Roll: B-221
Assistant Engineer, RHD

সুখ সন্ধান

সমাজে সুখ খুজি
পেয়েছি শুধু দুঃখ,
সুখের তরে পাগল হই
আমি যেন মুর্খ।
অর্থের পিছনে ঘুরেছি অনেক
সুখটা কোথায়?
অতি কষ্টে অট্টালিকা গড়ি
শুধু শুধু ব্যাথা বাড়ায়।

চাহিদা আমার হয়না যে শেষ
বাড়ে শুধুই বাড়ে
প্রয়োজন আমার অসীম অসীম
বোঝা শুধু ঘাড়ে।
সবকিছু যখন নিঃশেষ করে
হলাম শুন্য,
দেখি আমারই পাশে
নেই যে কোন সুখ অপূর্ণ।

মনের সুখ আসল সুখ
দেখতে যদি চাও?
ভালবাসা দিয়ে জয় কর সব
সুখের সন্ধান তব যদি পাও?

মোঃ রিয়াজুল আলম
রোল: জি-৭২৬
সহকারী রক্ষণ প্রকৌশলী

"ফল-ফলাদির নানান বিষয়াদি"

"ভেজালের জাল" বিষয়ক ক্লাশে হঠাৎ এ এইচ এম আনোয়ার পাশা স্যারের প্রশ্ন থেকে জানা যায়, আমাদের মাঝে অনেকেই ফল খায় না, এমনকি অনেকের পরিবারের কিছু সদস্যরাও নাকি ফল খান না। বিশেষ করে আম, লিচু, কলা, তরমুজ, কুল ইত্যাদি দেশী এবং বিদেশী ফল যেমন আপেল, আঙ্গুর ইত্যাদি। কারণ খুঁজতে গিয়ে জানা যায়, ভেজাল অর্থ্যাৎ ফরমালিন, কার্বাইড জাতীয় ভয়ংকর রাসায়নিক পদার্থের উপস্থিতির ভয়ে। "ভেজালের জাল" বিষয়ক ক্লাশ থেকে উদ্বুদ্ধ হয়ে আমার চিন্তায় আসে কিছু একটা লিখব। তাই ফল ফলাদি নিয়ে আমার কিছু তথ্যভিত্তিক উপস্থাপনা।

পুষ্টিগুণ বিচারে ফলদ বৃক্ষের অবদান:

খাদ্য তালিকায় ৬টি উপাদান যেমন আমিষ, শর্করা, চর্বি, খনিজ লবণ, ভিটামিন ও পানি অতীব প্রয়োজনীয়। সম্প্রতি আরো ১ টি উপাদানকে অত্যাবশ্যক হিসেবে বিবেচনা করা হচ্ছে তা হলো রাফেজ বা আঁশ। মানব শরীরে প্রতিটি উপাদানের সুনির্দিষ্ট কার্যাবলী থাকায়, প্রতিদিনের খাদ্য তালিকায় এ সকল উপাদানগুলো পরিমিত মাত্রায় অবশ্যই থাকতে হয়। যে কোন একটি উপাদানের ঘাটতি বা অভাব দেখা দিলে মানুষ নানা শারীরবৃত্তীয় জটিলতার শিকার হয়। তবে পুষ্টি ও রোগ প্রতিরোধে সরাসরি খনিজ লবণ ও ভিটামিন কাজ করে থাকে। এই খনিজ লবণ ও ভিটামিনের প্রধানতম উৎসই হলো ফল।

শুধু স্বাদ, গন্ধ আর বর্ণেই নয় বরং পুষ্টি মানের দিকেও ফল উৎকৃষ্ট। ফলের মধ্যে রয়েছে মানব দেহের অতি প্রয়োজনীয় পুষ্টি উপাদান যা শারীরিক বাড় বাড়তি, মেধার বিকাশ, ভিটামিনের চাহিদা পূরণ, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিসহ নানাবিধ কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ফলে সাধারণত পর্যাপ্ত পরিমাণ ভিটামিন, খনিজ লবণ, আঁশ এবং উপকারী হরমোন ও ফাইটোক্যামিক্যালস থাকে যা মানব শরীরের বিভিন্ন রোগবালাই থেকে রক্ষা করে। ফল ঔষধিগুণে সমৃদ্ধ বিধায় একে রোগ প্রতিরোধী খাদ্যও বলা হয়। সরাসরি কাচা বা পাকা খাওয়া যায় বিধায় বিদ্যমান পুষ্টি উপাদানের সবটুকুই দেহের জন্য কাজে লাগে।

দেশীয় ও অপ্রচলিত ফল:

দেশি ফলে বেশি পুষ্টি; অর্থ খাদ্যে পাই তুষ্টি।

বাংলাদেশে প্রায় ১৩০ রকমের ফলের সন্ধান পাওয়া গেছে। তার মধ্যে প্রায় ৭০ রকম প্রচলিত ও অপ্রচলিত ফলের ভান্ডার রয়েছে। প্রায় ৪০ টি ফল প্রচলিত হলেও অপ্রচলিত বা ব্যাপকভাবে বাগান চাষ করা হয় না ফলের সংখ্যাও প্রায় ৩০ টি। আম, কাঁঠাল, কলা, পেঁপে, কুল, আনারস, লিচু, পেয়ারা, নারিকেল ইত্যাদি প্রচলিত ফলগুলো ব্যাপকভাবে চাষ ও বিস্তার ঘটালেও বিভিন্ন অপ্রচলিত ফল যেমন লটকন, কামরাঙ্গা, লুকলুকি, করমচা, তেতুল, সফেদা, ডালিম, ডেফল, জামরুল, আতা, শরিফা কাউয়া ইত্যাদি ফলগুলো পুষ্টিগুণ ও রোগ প্রতিরোধ জ্বশিষ্ট্য সমৃদ্ধ। তাছাড়া আধুনিকতার ছোয়ায় অধিকাংশ আধুনিক বাবা মা তাদের বাচ্চাদের আজকাল আপেল, আঙ্গুর, মাল্টা ইত্যাদি বিদেশী ফল খাওয়ান। অথচ পুষ্টিগুণ বিবেচনায় খাদ্যোযোগী প্রতি ১০০ গ্রাম আপেলে ভিটামিন সি আছে মাত্র ৩.৫ মিলিগ্রাম। বাংলার আপেল নামে খ্যাত পেয়ারাতে আছে ২১০ মিলিগ্রাম অর্থ্যাৎ প্রায় ৫০ গুন বেশি। আঙুরে খাদ্যশক্তি আছে মাত্র ১৭ কিলোক্যালরি যেখানে কুলে আছে ১০৪ কিলো ক্যালরি অর্থ্যাৎ ৬ গুণেরও বেশি। পাকা আম, পেঁপে ও কাঁঠালে ক্যারোটিন আছে যথাক্রমে ৮৩০০ মাইক্রোগ্রাম, ৮১০০ মাইক্রোগ্রাম এবং ৪৭০০ মাইক্রোগ্রাম। সে তুলনায় আঙুর, আপেল, বিদেশী নাশপাতি, বেদেনায় ক্যারোটিন আদৌ নেই। বিদেশি ফল মাল্টায় ক্যারোটিন শূণ্য অথচ দেশি ফল কমলায় ক্যারোটিনের পরিমান ৩৬২ মাইক্রোগ্রাম।

অর্থনীতিতে অবদান ও ফল রপ্তানি:

বিশ্বের ফল বাণিজ্যে বাংলাদেশের অবদান খুবই নগন্য। বর্তমানে সীমিত আকারে বিশ্বের প্রায় ৪০টি দেশ যেমন যুক্তরাজ্য, জার্মানি, ইতালি, ফ্রান্স, সৌদিআরব, কুয়েত, কাতার, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন এবং ওমান দেশগুলোতে ফল রপ্তানি করা হয়। কাঠাল, আম, জারা লেবু, এলাচি লেবু, সাতকরা, ভতকর, লটকন, জলপাই, পেয়ারা, বেল, কদবেল, আমলকী, বাতাবি লেবু, তেতুল ও চালতা ইত্যাদি ফল গুলো রপ্তানি করা হয়। মান সম্মত উপায়ে উৎপাদন, সংগ্রহ, প্যাকেজিং ও পরিবহন ব্যবস্থাজণিত সমস্যার কারণে থাইল্যান্ড, ভারত, পাকিস্থান, ফিলিপাইন, চীন দেশগুলোর সাথে প্রতিযোগিতায় টিকে থাকা বেশ দু:সাধ্য ব্যাপার। তারপরও গত ২০১৩-১৪ অর্থবছরে প্রায় ১৯,২৯২ মে.টন ফল বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি করা হয়। এতে মোট আয় হয় প্রায় ৬২ মিলিয়ন মার্কিন ডলার। যা বাংলাদেশের অর্থনীতির চাকা সমৃদ্ধ করেছে। বাংলাদেশের অর্থনীতিতে ফলের ভূমিকা উল্লেখযোগ্য। জাতীয় অর্থনীতিতে মোট ফসলভিত্তিক আয়ের ১০% আসে ফল থেকে। তবে আশার কথা এই যে, ২০১৫ সালে আম ব্যাপকভাবে বিদেশে রপ্তানি হয়েছে। ভবিষ্যতে এই বাজার আরো বৃদ্ধি পাবে বলে ধারনা করা হচ্ছে।

কৃষি প্রধান এদেশে ফলের বাহারে বাংলার ভুবন উল্লাসে মাতোয়ারা। সুষ্ঠু পরিকল্পনা, যথোপযুক্ত বাস্তবায়ন কৌশল এবং প্রাসঙ্গিক কার্যক্রম আমাদের পথচলাকে আরোও প্রশস্থ করতে পারে। সম্মিলিত প্রচেষ্টায় উত্তরাঞ্চলের কৃষক ভাইয়েরা প্রমাণ করেছে কিভাবে ফল উৎপাদন করতে হয়। দেশের বিভিন্ন অঞ্চলে ফল চাষের অপার সম্ভাবনা রয়েছে। শুধু দরকার সম্মিলিত উদ্যোগ। আমরা সবাই এই উদ্যোগের অংশীদারিত্ব হতে পারি। তবেই কেবল আমরা গর্ব করতে পারব। উচ্চস্বরে বলতে পারব "ভেজালের জাল নিপাত যাক, ফল ফলাদি মুক্তি পাক"।

কৃষিবিদ মোহাইমিনুর রশিদ
রোল: বি-২০৩
কৃষি সম্প্রসারণ কর্মকর্তা।

জ্যোৎস্না আকাশে কবিতা

একটি কবিতা লিখব বলে,
কত না কাল চেয়ে থেকেছি
অনন্ত নক্ষত্র বীথিকার মাঝে।
একটি কবিতা লিখব বলে,
কত না সময় গুণে গেছি
শূন্য থেকে অসীমের মাঝে।
কত কাল, কত সময়
আজ বুঝি হয়েছে গত
তবুও হয়নি লেখা, হয়ে উঠেনি লেখা,
আমার সেই কবিতার খাতা।
সেই স্মৃতির সবই হয়েছে মৃত,
মম কবিতার খাতা, যেন সাদা পাতা।
একটি কবিতা লিখব বলে,
ভেবেছিলেম, কেবলি ভেবেছিলেম;
কিন্তু সব পঙতিই আজ হয়েছে গত,
দেহ ছেড়ে বিদ্রোহী মৃত
রাতের আকাশ, জোনাকী আলো
একটি কবিতা, ভালবাসার কবিতা
লিখলে হত না কি?
কত শত ভুলে ভরা ভালো!
হয়নি লেখা মম সেই কবিতার কথা,
তাই কবিতা ও কবিদের মাঝে,
বাঁচতে চাই ক্ষুদ্র ধূলিকণা সাজে।
রাতের আকাশ, আমার জ্যোৎস্না ভরা আকাশ
লিখেছে বুঝি সেই কবিতার কথা।

তুহিন আল ফেরদৌস
রোল: এফ-৬২০
ভেটেনারি সার্জন

স্বপ্ন চুরি

আজকে সন্ধ্যা
দারুণ বন্ধ্যা
স্বপ্ন গিয়েছে চুরি।

আজকে রাত্রে
ভাতের পাত্রে
ভাতের বদলে ছুরি।

আজকে তারা রা
দেয়নি পাহারা
আমার স্বপ্ন ঝাঁপি।

আজকে দিনটা
তা ধিন ধিন তা
আমায় করেছে পাপী।

অজন্তা শুক্লা তন্না
রোল: ডি-৪২৬
সহকারী প্রকৌশলী, পি.ডব্লিউ.ডি

ছায়াকাব্য

সঙ্গোপনে যাপিত জীবন
কাটছে উনিশ বিশ,
আমার চোখে তোমার ছায়া-
থাকবে অহর্নিশ।
কাজের খেলায়, কথার মেলায়
পড়ছে তোমার ছায়া,
ভাবছি বসে, জীবন জুড়ে
এ এক কেমন মায়া!
তরঙ্গময় চলছে সময়,
ছুটছে হাওয়া, লাগাম ছাড়া।
দুলছে মন অনুক্ষণ
বাসছি ভালো কঠিনতর।
গাঁথছি মালা
সাঁঝের বেলা
ভোরের শিশির মিলিয়ে গিয়ে,
উঠল যখন সন্ধ্যাতারা,
কি বিচারে একলা আমি
তোমার ছায়ায় কাব্যহারা।

নাইমা আফরোজ ইমা
রোল : এফ-৬১৫
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

ভালবাসা

একদা আকাশ মেঘকে শুধায়,
ও মেঘ তুমি কি জানো ভালবাসা কি?
মেঘ বলে তোমায় বলব না,
ছুঁটে চলা জীবনে আমার তোমায় লাগে না,
পেল আকাশ বাতাসকে, শুধাতে তার ভালবাসার কথা ।
বাতাসেরও নেই যে সময়,
যেন সে থামতে জানে না ।
আকাশ তাকায় সূর্যের পানে দেখে স্নিগ্ধ ভোর,
ভেবে নেয় এবার সে পাবে তার উত্তর ।
সূর্য বলে, "কাজ কি তোমার এত কথার?
তুমি কি আমায় জানো না ।
আমার আলোয় উজ্জল তুমি
সেটা কখনো ভুলো না" ।
আকাশ ভাবে হোক না রাত, যাবে চাঁদের কাছে
প্রেমের প্রীতম চাঁদ তার থাকবে পাশে পাশে
জোছনা রাতে চাঁদের সাথে আকাশ করে দেখা,
'দিব তোমায় এই বিশাল হৃদয় দিলে ভালবাসার কথা' ।
শীতল রাতে চাঁদ করে উদ্ভাসিত আকাশ
নরম আলোয় ভেসে বেড়ায় ভালবাসার আভাস ।
রূপের আলোয় দাম্ভিক চাঁদ মানে না তো কথা
বলে আকাশকে-
'আমি না থাকলে রাতে
কারো সাথে তোমার হত নাতো দেখা ।
আধার ভরা হৃদয় নিয়ে থাকো অন্ধকারে,
কিছু পরেই যাবো চলে আমার আপন জগতে'
দুঃখ ভরা হৃদয় নিয়ে আকাশ বসে ভাবে,
ভালবাসার দাওয়াত নিয়ে আকাশ বসে ভাবে,
ভালবাসার দাওয়াত নিয়ে কার কাছে সে যাবে!
ধারণ করে চন্দ্র- সূর্য তার নেই কোন অহঙ্কার
নিরহঙ্কার জীবন তার একাই চমৎকার ।

তানযিনা আক্তার
রোল: ডি-৪২১
সহকারী পরিচালক, বিপিএটিসি

ঠিকানা

জীবন তো এক অর্বাচীন রাজপথ,
রাজপথ পাবনে খরায়,
সাথী হোল পথিকের পরম বান্ধব ।
অনাবিল সুখ, নির্মল সকালের প্রত্যাশায় ।
আবেগ নয়,
বাস্তবতার নিরিখে,
বেছে নিতে হবে সৎ, সাহসী, সমমনা সাথী ।
তারপর-
দোহে মিলে করে পরিকল্পনা,
সব বিড়ম্বনাকে দূরে ঠেলে,
দৃঢ় প্রত্যয়ে এগিয়ে যাও সম্মুখ পানে,
তাহলেই,
ঠিক পৌছে যাবে,
অভীষ্ট লক্ষ্যে,
আনন্দময় ঠিকানায় ।

বর্ণালী পাল
রোল: ই-৫৩৭
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

সত্য সুন্দরের সন্ধানে

মানবমনের বিচিত্রতা দেখে রসিক হাফিজ নিরাপদ পথ বেছে নিতে গিয়ে লিখেছিলেনঃ

"শত্রুদের সাথে মিত্রতা কর , বন্ধুদের সাথে উৎসব

ব্রাহ্মনের সাথে রাম রাম রাম বল, মুসলমানের সাথে রব ।"

আমরা মানুষ । ভিন্ন ভিন্ন রঙ্গে রঙ্গিন আমাদের মনে লুকায়িত থাকে বর্ণিল সব স্বপ্ন । নিজেরা যেমন স্বপ্ন দেখতে পারি তেমনি স্বপ্নের আলোয় আলোকিত করতে পারি আমাদের চারপাশ । আমরা আবার মানুষ । ভিন্ন ভিন্ন কালিতে কালিমাময় আমাদের মনে লুকায়িত থাকে ঠকানোর সব মূলমন্ত্র । নিজেরা যেমন ঠকাই একে অপরকে তেমনি কালিমার কালিতে অন্ধকার কওে দেই আমাদের চারপাশ । হ্যাঁ , তারপরও আমাদেও বাচঁতে হয় । আপন স্বপ্নের জয়গান গাইতে গিয়ে চারপাশের কত স্বপ্নেরই তো অপমৃত্যু আমরা কামনা করি । তারপরও সকল দুঃস্বপ্নের পাতাল ভেদ করে জেগে উঠে আমাদেও নিরপেক্ষ চিত্ত । বাধা জয়ের প্রতিটি মুহূর্তেই আসে নতুন বাধা জয়ের প্রতিটি মুহূর্তেই আসে নতুন বাধা । বাধা আসে সাফল্য তরঙ্গকে উজ্জীবিত করতে । বলা হয় "বিবেকই পৃথিবীর শ্রেষ্ঠ আদালত" । বাধা তাড়নায় এই বিবেকের সাথে প্রতারনা করাই পাপ । আর এই পাপ মানুষের সাময়িক বিনোদন মাত্র । পাপ মন্দ । জগত সংসারে টিকে থাকতে হলে পাপহীন জীবনযাপন খুব কঠিন হলেও অসম্ভব কিছু নয় । কিন্তু বিবেক ঠকানো ক্রমাগত পাপ মানুষকে অন্ধ করে দেয় । অতঃপর পাপমন্যতা গ্রাস করে তার চেতনা, বিষিয়ে তুলে তার মন । বাদলা দিনের সরীসৃপের মত অচেতন মনের গুহা থেকে বেরিয়ে এসে দংশন করতে থাকে । অথচ কেন এমনটা হয়? খোলা আকাশের পানে তাকিয়ে দীর্ঘ শ্বাস নিয়ে একবার ভাবুন , দেখবেন আপনার মনের কোনো অন্ধবিশ্বাস বা অমূলক কোন কূপমন্ডূকতা বা অযথা লোভই এর কারন । প্রখ্যাত দার্শনিক Frank Buchman বলে গেছেন "There is enough in the world for everyone's need but not enough for everyone's greed" "বনের বাঘে খায় না খায় মনের বাঘে" এটা বোধ হয় তখন থেকে শুরু হয় । "প্রাণ থাকলেই প্রাণী হয় , কিন্তু মন না থাকলে মানুষ হয় না " । তাই, প্রানী হিসেবে জন্মগ্রহন করা সহজ, কিন্তু মানুষ হওয়া কঠিন । আসুন আপন বিবেককে জাগ্রত করি । কর্মের পূর্বে আপনার বিবেকের কাছে উত্তর চেয়ে নেয় । কারণ, কারো দুঃস্বপ্ন এর কারণ হয়ে অযথা পাপ মন্যতায় ভুগতে থাকা একেবারেই অনর্থক । যুক্তি বিচারের হাতে "আধেক ধরা পড়েছিলো, আধেক বাকী আছে" অবস্থায় থাকলে মুক্তি মিলবে না । পাপ করেছি বলে চোখের জল ফেললে দৃষ্টি শক্তি আচ্ছন্ন হয়, পরিচ্ছন্ন হয় না ।

বিচিত্র রংয়ের এই মানুষ নিয়েই হয়তো কবিগুরু তার " চিত্রা " কাব্যে বলেছিলেন ঃ

"জগতের মাঝে কত বিচিত্র তুমি হে
তুমি বিচিত্র রুপিনী
অযুত আলোকে ঝলসিছ নীল গগণে,
আকূল পুলকে উলসিছ ফুল কাননে,
দ্যুলোকে ভ্যুলোকে বিলসিছ চলচরনে
তুমি চঞ্চল গামিনী " ।
স্মৃতির পাতায়

মোঃ আজগর হোসেন
রোল: এফ-৬৪৪
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

বীরের আত্মদহন

২০০১ সালের কোন এক শীতের সকাল, বেরুনী হলের ক্যান্টিনের পাশে মফিজ ভাইয়ের ছোট্ট কিন্তু ঐতিহ্যবাহী চায়ের দোকান । কুচকুচে কালো লম্বা গড়নের সবার প্রিয় মফিজ ভাই । জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জন্মলগ্ন থেকে তিনি আছেন চা নিয়ে । সেই ডাক সাইটে হুমায়ুন ফরিদী থেকে শুরু করে হালের যত নিরীহ ভদ্র, সিনিয়র-জুনিয়র , গোবেচারা, ইতর, টাউট, ফাঁকিবাজ, বাকিবাজ, ফাওবাজ ফাঁপরবাজ ও তথাকথিত ছাত্রলীগ ছাত্রদল সবার প্রতি সম ধৈর্য ও সহানুভূতিশীল হয়ে নিঃশব্দে চা বিতরনে ও দোকান পরিচালনায় মফিজ ভাইয়ের সুনাম ছিল । হলের সব সিনিয়র ভাই ও ঐ সময়ের ছাত্রলীগ ছাত্রদলের যারা পদস্ত নেতা ছিলেন তারা সবাই দেখতাম মফিজ ভাইকে 'বস' বলে সম্বোধন করতেন এবং চা, সিগারেট বা অন্যকিছুর জন্য খুব মোলায়েম ভাবে মফিজ ভাইকে বলতেন । মফিজ ভাই সর্বদা সর্বোচ্চ সার্ভিস দেয়ার চেষ্টা করতেন । মুখে বলতেন খুব কম । বিভিন্ন পার্বনে যেমন পহেলা বৈশাখ, ১ জানুয়ারি কিংবা ঈদের দিন (ছাত্রদল কিংবা ছাত্রলীগের হল কমিটির দায়িত্ব প্রাপ্ত নেতৃবৃন্দ যারা এতো বড় সংগঠনের দায়িত্ব থেকে হলের মতো এতো বড় টাউন টিকে অরক্ষিত রেখে ঈদ করতে বাড়ি যাওয়া টাকে অর্থহীন ভাবতেন এবং যেতে অনিচ্ছুক থাকতেন) হলের সিনিয়র ভাইদেরকে মফিজ ভাই তার বাসায় দাওয়াত করে খাওয়াতেন । বাকি-বক্কার ব্যাপারেও তার তেমন কোনও জোর-আপত্তি ছিলনা । এক সকালে নাস্তা সেরে মফিজ ভাইয়ের দোকানে চা খেতে বসলাম, সাথে ছিলেন হলের আরো কিছু মোস্ট সিনিয়র ভাই । আমরা চায়ের কথা বলে বসে অপেক্ষা করছিলাম । এমন সময় হাফ প্যান্ট পরা ফার্স্টইয়ারের এক জুনিয়র এসে চায়ের অর্ডার দিল এবং তাৎক্ষনিক মফিজ ভাইকে তাড়া দিল তাকে দ্রুত চা দেয়ার জন্য । মফিজ ভাই তার নিজের মতো করে কাজ করছেন , উঠতি নেতার তাড়াটা উনি নিলেন কিনা বুঝা গেল না । জুনিয়রের ধমক দেখে আমরা একটু তার দিকে তাকালাম, বুঝলাম হলে উঠে নতুন নতুন ছাত্র লীগের মিছিলে অংশ গ্রহনকারীদের মধ্যে তিনি একজন তাই খুব গরম । সিনিয়র ভাইরা একে অন্যের দিকে তাকিয়ে মুচকি মুচকি হাসলেন । তারপর আবারো তাড়া 'এই মামা, কানে শুন না? তোমারে চা দিতে বলছি কানে গেছে? ' মফিজ ভাই তার সহজাত ভঙ্গিতে একটু উষ্ণ দৃষ্টিতে তাকালেন কিন্তু মুখে কিছুই বললেন না । যেহেতু আমরা আগে চায়ের কথা বলে বসে আছি তাই তিনি আমাদেরকে আগে চা দিলেন এতে সেই পুচঁকে নেতা গেলেন আরো ক্ষেপে , তিনি মফিজ ভাইকে ধমক দিলেন এবং দ্রুত চা চাইলেন । মফিজ ভাই মুখ তুলে তাকালেন .. মফিজ ভাইঃ বয়স কতো ? উঠতি নেতা ঃ মানে !!! (রাগান্বিতভাবে) মফিজ ভাই ঃ বয়স কতো জিগাইছি (গম্ভীর গলায় , ধীরলয়ে, একটু উঁচুস্বরে) নেতা ঃ একটু ভ্যাবাছ্যাকা খেয়ে গেল এবং আকস্মিকতায় বলে ফেলল ১৯ বছর । মফিজ ভাই তার চায়ের ক্যটলির হাতলে চাপড় দিয়ে বললেন, "এই কেটলির বয়স ৩৩ বছর, ওই টুলে চুপচাপ বসেন, সময় মতো চা পাবেন" । মফিজ ভাইকে ভারি রাগান্বিত দেখাল যা তাকে আগে কখনো দেখা যায়না । তারপর আমি সহ যে সিনিয়র ভাই রা বসে ছিলেন তাদের দিকে খুব ঠান্ডা চোখে তাকিয়ে তিনি বললেন , স্ক্রল করতে করতে এই দুই কনুইয়ের চামড়া ছিল না, ক্যাম্পের বস্তা টানা আর রাইফেল চালাইতে গিয়া এই দুই হাতে কড়া পড়ছিল, আর এখন চায়ের ক্যাটলি হাতের সেই কড়া ধইরা রাখছে । আপনাদেরকে আমরা খুব সম্মান করি, কিন্তু মাঝে মধ্যেই দুঃখ লাগে, ভাবি সেই দিন বীরের বেশে মারা গেলেই মনে হয় ভালা হইতো , তাইলে আজকে এই অসঙ্গতি চোখে দেখা লাগত না । উপস্থিত সিনিয়র ভাইরা মফিজ ভাইয়ের কাছে ক্ষমা চাইলেন , মফিজ ভাই দোকানের ঝাপ ছাপিয়ে, সামনের বকুল গাছের পাতা ভেদ করে অনেক দূরে দৃষ্টি নিবদ্ধ করে উদাস তাকিয়ে রইলেন । ঘন কুয়াশার এক শীতের রাত্র, সময় একটা কি দেড়টা হবে । আমরা কতিপয় নিশাচর বটতলায় বসে সিঙ্গারা খাচ্ছিলাম । হঠাৎ দেখি একটু দূরে পাশের দোকানে ম্যাচ কিনছেন জামশেদ ভাই , ভাসনী হলের নাইট গার্ড, যিনি একজন খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা জামশেদ ভাইকে ডাক দিলাম , কালো বর্নের ছিপছিপে গড়নের অতিশয় ঠান্ডা এবং বিনয়ী একজন মানুষ । সিঙ্গারা খেতে বললাম কিন্তু তিনি স্বভাব সুলভ একটু হেসে বিনয়ের সহিত মানা করলেন । জামশেদ ভাইয়ের প্রতি আমার ব্যক্তিগত শ্রদ্ধাবোধ ছিল আকাশচুম্বি । গভীর রাতে সাধারনত মানুষের না বলা কথা বলার কিংবা নাজানা বিষয় নিয়ে জানার আগ্রহ এবং কৌতুহল জাগে । আমি জামশেদ ভাইকে জিজ্ঞেস করলাম আপনার জীবনের অতৃপ্তিকী , দেশের কাছে আপনার চাওয়া কি ছিল, আর আপনি কী পেলেন ? জামসেদ ভাই হাসলেন , বললেন আমার জীবনে কোন অতৃপ্তি নাই আর বাংলাদেশের কাছে আমার চাওয়ার কিছু নাই । যেদিন অপারেশনে যাইতাম, প্রতিটিদিনেই ভাবতাম আর বুঝি ফেরত আসব না, এই ভাবনা নিয়েই ক্যাম্প থেকে বের হতাম । আমিতো সে দিনই নিজেকে দেশের জন্য দিয়া দিছি । বেচে নাও থাকতে পারতাম । আজ নতুন করে দেশের কাছে চাওয়ার কিছু নাই । দেশ ভালো থাকলে আমরা ভালো থাকি । কিন্তু দেশ তো ভালো নাই । বুকে অনেক বড় পাথর নিয়া আপনাদের সাথে সর্বদা হাসি , মিশি, কথাবলি, চাকরি করি । এর যে কি যন্ত্রনা তা আপনারা বুজবেন না । তারপরও নিজেকে ভালো রাখার চেষ্টা করি । এই বলে তিনি নিঃশব্দে উঠে চলে গেলেন । কুয়াশার মধ্যে মিলেয়ে গেল দেশের এক জাতীয় বীর, যার রক্তে একসময় খেলা করত মুক্তির মিছিল । কোন এক ২১ ফেব্রুয়ারীর রাত্র প্রথম প্রহর জাহাঙ্গীর নগর বিশ্ব বিদ্যালয়ের নব নির্মিত সর্বোচ্চ শহীদ মিনারের শ্রদ্ধাঞ্জলি অর্পনের ব্যাপক প্রস্তুতি । শিক্ষক নেতা এবং বড় কর্তা ব্যক্তির নিরাপত্তা দেয়ার জন্যে র‍্যাব পুলিশের কয়েকটি দল সদা তৎপর । লক্ষনীয় বিষয় হলো যে, এই বড়কর্তাদের দলে প্রশ্নবোধক কিছু মানুষের উপস্থিতি এবং তাদেও অতি সিরিয়াসনেস । আমি হঠাৎ করে লক্ষ্য করলাম জামশেদ ভাইকে, তিনি দাড়িয়ে আছেন নিরাপত্তার জন্য শহীদ মিনারের চারপাশে দিয়ে দেয়া ব্যরিকেটের বাইরে । নিরাপত্তার স্বার্থেই হউক আর প্রটোকলের কারনে হউক, তার জায়গা দড়ির বেস্টনীর ভিতরে হয়নি । যথারীতি ফুল দেয়া শুরু হলো । দেখলাম জামশেদ ভাই উল্টা ঘুরে ধীরে ধীরে পিছনের দিকে যেতে যেতে লাইব্রেরীর সামনে গিয়ে থামলেন । দাড়ালেন সংসপ্তকের সামনে । আমিও ধীরে ধীরে তার পিছন পিছন গেলাম একটু দুরে দাড়ালাম । জামশেদ ভাই মাথা উচু করে সংসপ্তকের দিকে একদৃষ্টিতে তাকিয়ে আছেন । জামশেদ ভাই নিঃশ্চুপ দাড়িয়ে আছেন কিভাবছেন এই বীর? যাদের রক্তের উপর বাজি রেখে উদিত হয়েছিল পূর্ব দিগন্তের লাল সূর্য, জন্ম নিয়েছে একটি পতাকা আর একটি পতাকা আর মানচিত্র । নিরাপত্তা বেস্টনির ভিতরের কেন হল না এই বীরের? তাহলে কী হালের এই কর্তা ব্যক্তিরা জামশেদ ভাইদের কাছে নিরাপদ নয় । আমি দেখলাম, লাইব্রেরীর পিছনের রাস্তা ধরে ধীরে ধীরে হল গেইটের দিকে অন্ধকাওে মিশিয়ে গেলেন জামশেদ ভাই । জাতির এইবীরের আত্মদহন আমাকে অপরাধী করে দিল, আমি ও ধীর পায়ে ঐ দিকে আর না গিয়ে হলের দিকে পা বাড়ালাম ।

সাইদুল আলম
রোল: ই-৫০২
সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট

অপেক্ষায় আছি কত নিশি দিন

অপেক্ষায় আছি কত নিশি দিন,
ঐ দূর পাহাড়ের আড়ালে যেখানে হায়েনার রক্তচক্ষু,
ঈগলের থাবার চেয়েও ভয়ংকর নিষ্ঠুর,
জেগে আছি কত রাত, চলেছি শ্বাপদসংকুল পথে,
শুধু একটি ভোরের প্রতিক্ষায়, তোমার অপেক্ষায়।

তোমার বুকে শত-সহস্র ফুল ফোটাবো বলে,
রিনি ঝিনি কাঁচের চুড়ির শব্দে হারাবো আজ।
এমন সময় কোথা থেকে এলো সেই আওয়াজ,
সকালের নিস্তব্ধতা ভেঙ্গে বজ্রকণ্ঠে কে তোলে হুংকার।
"এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।"

সেই থেকে আজো আমি পাহাড়ে লুকিয়ে আছি।
তোমাকে লিখা শেষ চিঠি খানা বুক পকেটেই আছে,
ব্যাকটেরিয়ারা এসেছিলো নিতে আমি প্রতিবাদ করেছি,
বায়োমাস হয়ে যাওয়া শরীরটা প্রিয় মাটিতে মিশে গেছে,
তবুও এ প্রাণ জেগে আছে-তোমার প্রতিক্ষায়।
জানো, সূর্যকন্যা প্রতিদিন আসে তোমার উষ্ণতা নিয়ে,
নীলমূখী ফুলেরা আমাকে ভালোবাসায় জড়ায়ে রাখে;
স্বাধীন মাটির গন্ধে আমি বিমোহিত হই,
কে যেনো ডাকে আমায় সেই মন ভোলানো বজ্র কণ্ঠে,
বলে- "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।"
আমি জেগে উঠি শত-সহস্র নব প্রাণে!
সন্ধ্যা আসে চাঁদের আলোয় জোনাকিরা প্রদীপ জ্বালে,
নিস্তব্ধ রাতে একাকী শুনতে পাই তোমার পায়ের আওয়াজ,
তুমি আসবে? এই দূর পাহাড়ে-
আমি প্রতিক্ষায় আছি।

মোঃ আবুল হাসেম রনি
রোল: সি-৩০৪
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

লাল মুনিয়ার ইতিকথা

প্রায় ১০ বছর আগের কথা। শাহবাগের মোড়ে এক পাখি বিক্রেতার ছোট খাঁচায় গাদাগাদি করে রাখা অদ্ভুত সুন্দর দেখতে লাল টকটকে ছোট এক ধরনের পাখি। এরকম পাখি আগে কখনো দেখিনি। বিক্রেতারও পাখিটির সঠিক নাম জানা ছিল না।

তারপর একসময় সেই সুন্দর পাখিটির পরিচয় জানলাম। সেটি ছিল আমাদের দেশে যে ৬ প্রজাতির মুনিয়া পাওয়া যায় তার মধ্যে সবচেয়ে সুন্দর ও অপেক্ষাকৃত বিরল প্রজাতির লাল মুনিয়া। ইংরেজি নাম Red Avadavat, Red Munia বা Strawberry Finch। বৈজ্ঞানিক নাম Amandava amandava। Estrildidae পরিবারের Amandava গণভুক্ত ৩টি প্রজাতির মধ্যে শুধু এ প্রজাতিটিই বাংলাদেশে পাওয়া যায়।

ইতোমধ্যে বাংলাদেশের বাকি ৫টি মুনিয়ার সাক্ষাৎ পেলেও এই বিরল মুনিয়াটিকে প্রাকৃতিক পরিবেশে মুক্ত অবস্থায় দেখার স্বপ্ন আমার বহুদিনের। হঠাৎ করেই বন্ধু ইমনের সৌজন্যে সুযোগটি পেয়ে যাই।

সেদিন ছিল বৃহস্পতিবার (১৫ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ)। সময় ও স্থান আগেই নির্ধারণ করা ছিল। ইমনের সাথে বিকালে বসুন্ধরার গেটে দেখা করলাম। নির্দিষ্ট জায়গায় পৌঁছেই আমরা ব্যস্ত হয়ে পড়লাম বহুল আকাঙ্ক্ষিত সেই পাখির খোঁজে। সেদিন আমরা আসলেই সৌভাগ্যবান ছিলাম। খুব বেশিক্ষণ তাই খুঁজতে হয়নি। একটা ঘাসে আচ্ছাদিত সরু রাস্তায় চড়ে বেড়াচ্ছিল এক ঝাঁক ছোট পাখি। দূরবীনে চোখ লাগিয়ে ভাল করে দেখতেই নিশ্চিত হওয়া গেল লাল মুনিয়ার উপস্থিতি সম্পর্কে। আমরা লাল মুনিয়ার দুটি আলাদা দল খুঁজে পেয়েছিলাম। যে দলে ছিল প্রাপ্তবয়স্ক পুরুষ ও মেয়ের পাশাপাশি সদ্য উড়তে শেখা বাচ্চাও। খুব কাছে থেকে উপভোগ করেছি ওদের শ্বাসরুদ্ধকর সৌন্দর্য। প্রজননকালীন পুরুষ পাখির চোখ ঝলসানো সে রূপ দেখলে পাখি সম্পর্কে খুব একটা আগ্রহ নেই এমন কেউও দ্বিতীয়বার চোখ ফিরিয়ে তাকাতে বাধ্য হবে।

লাল মুনিয়া ছোট আকৃতির পাখি, দৈর্ঘ্য ১০ সেমি। প্রজনন মৌসুমে পুরুষ পাখিটি দেখতে হয় চোখ ধাঁধানো সুন্দর। তখন পুরুষটির গায়ের রঙ থাকে মূলত গাঢ় লাল। তবে চোখের পাশ, তলপেট ও লেজ কালো আর ডানা গাঢ় বাদামি রঙের হয়। সারা শরীরে বিশেষ করে বুক, ডানা আর পার্শ্বদেশে সাদা ফোঁটা থাকায় একে আরো বেশি আকর্ষণীয় লাগে। ছোট ত্রিভুজাকৃতির ঠোঁট সিঁদুরে লাল রঙের, পা ও পায়ের পাতা গোলাপি। প্রজনন মৌসুমের বাইরে পুরুষ পাখির সাথে মেয়ে পাখির অনেক সাদৃশ্য আছে। তখন এদের উর্ধ্বাঙ্গ নিষ্প্রভ বাদামি, পুচ্ছদেশ লাল ও নিম্নাঙ্গ ফ্যাকাশে সাদা বর্ণের হয়। তবে মেয়ে পাখিটি পুরুষটির চেয়ে অপেক্ষাকৃত অনুজ্জ্বল বর্ণের হয়, গাঁয়ে সাদা ফোঁটাও কম থাকে। পাখিটির একটি বৈশিষ্ট্য হচ্ছে ঋতু পরিবর্তনের সাথে সাথে এদের ঠোঁটের রঙ পরিবর্তিত হয়।



প্রজনন পালকে সজ্জিত পুরুষ লাল মুনিয়া ছবি: মাসুদ মুশফিক জামান

পুরুষের তুলনায় স্ত্রী লাল মুনিয়া দেখতে সাদামাটা ছবি: মাসুদ মুশফিক জামান

লাল মুনিয়া পানির কাছাকাছি ঘাসবন, চাষের জমির আশপাশের গুল্ম-ঝোপঝাড়, আখক্ষেত ইত্যাদি জায়গায় বসবাস করে। ঘাসের দানাই এদের প্রধান খাবার তবে সুযোগ পেলে উই বা অন্যান্য পোকামাকড়ও খায়। এদের প্রজননকাল মে-ফেব্রুয়ারি মাস। প্রজনন মৌসুমে পুরুষ পাখিটি ঘাসের বৃন্ত বা নলখাগড়ার ঝোপের মাথায় বসে গান গায়। সাধারণত পানির কাছাকাছি কাঁটা ঝোপে বাসা করে। ঘাসের ফালি দিয়ে তৈরি ছোট্ট গোলাকার বাসায় মেয়ে পাখি সাধারণত ৫-৬টি (ক্ষেত্রবিশেষে ১০টি পর্যন্ত) ডিম পাড়ে। মূলত মেয়ে পাখিই ডিমে তা দেয়, তবে গৃহস্থালি বাকি সকল কাজে পুরুষ পাখি সহায়তা করে।

লাল মুনিয়া বাংলাদেশের বিরল আবাসিক পাখি। এরা মূলত চট্টগ্রাম ও সিলেট বিভাগের হাওর ও ঘাসবনে বাস করে। পাখিটির বৈশ্বিক বিস্তৃতি দক্ষিণপূর্ব এশিয়ার অনেকগুলো দেশ জুড়ে হলেও বাংলাদেশে পাখিটির অবস্থা খুব একটি ভালো নয়। মূলত খাঁচায় পোষার জন্য অবৈধভাবে ধরার ফলে ও আবাসস্থল ধ্বংসের কারণে আমাদের দেশে এদের সংখ্যা আগের চেয়ে অনেক কমেছে।

আলী রেজা হায়দার
রোল: এ-১৩৩
সহকারী কমিশনার (শুল্ক ও আবগারি)

An Experience On Judicial Systyem Of Great Han

Korea is East Asia's highest ranked developed country in the human development index. Globally it ranks one of the highest in education, and ease of doing business. It was our privilege that we got an opportunity to participate in partnership program for judicial justice and judicial administration ef ciency. It was organized by Korea International Cooperation Agency (KOICA) and judicial research and training institute.

This training program has given us a wonderful chance to enjoy the beautiful Korea, its amazing culture and people. We also got an opportunity to experience modern judicial system in Korea.

The modern judicial system was first introduced to Korea at the end of the 19th century. The independence of the judiciary was guaranteed by the constitution of the republic of Korea and the article 27 of the constitution states that all citizens possess the right to have fare and prompt trial by legitimate legal procedures. The Korean judiciary, which began with three local courts, now consists of a Supreme Court, five high courts, patent court, administrative courts, family courts, and districts courts. Besides there are judicial research and training institute, training institute for court officials and Supreme Court library. We visited South Korea from May 28-June 12, 2015 In this year KOICA arranged this program with the objectives such as, to provide support for advancement of judicial system and judicial administration, to share the experience about the judicial reform of the Supreme Court of Korea, and to contribute to establish the development plan of judicial system reflecting the Korean experience.

At the beginning of our visit, we hade our orientation program at KOICA center. There was a video Presentation on Korea & the Activities of KOICA, Presentation on Daily Life in Korea, a discussion on Korea's ODA Policy, and class on Basic Korean Expressions and Culture. We have visited N Seoul Tower, and then Gyeongbok Palace, National Folk Museum of Korea, enjoyed a non-verbal performance "NANTA", and also visited Namdeamun Market.

On June 1, we had meeting with President of Judicial Research and Training Institute. We also had a tour at Judicial Research and Training Institute (JRTI).

We have several classes on Korean Legal System. All the lectures cover the matter regarding the Korean Civil litigation system, the criminal litigation system, the family litigation system, the administrative litigation system, the legal professional training system, the judicial ethics and the constitutional proceedings.

In Korea we have seen that the judiciary is moving ahead with IT plan composed of computerization of the court's case management, real property registration, and family registration to systemize and enhance the judicial process. The judiciary adopted a master plan for establishment of Electronic case ling system in relation to the case management which, will be a stepping stone for the advanced Electronic courts in the future. The vision of judicial E-System is systemization of judicial process and enhancement of public accessibility to judicial information. Globalization of Korean judiciary is established through multilateral exchanges we other developed countries, arranging training program for foreign judiciary which usually is co-hosted by the supreme court (JRTI) and KOICA. In this training program it seems to us that Korean legal system is working hard for their continuous judicial reform to induce public participation in the judiciary in the context of prompting public con dence on judiciary.

We hope that exchanges and cooperation between our two countries are enhanced through this training course We believe that the effective procedural system in Korea can help our judiciary in many ways, We are really feeling pleased and lucky for experiencing such a wonderful legal system. We are looking forward to implement the lesson experienced from Korea and wish a successful judicial partnership program and cooperation between Bangladesh and Korea.

Afsana Abedin
Roll: G-701
Senior Judicial Magistrate

শো-কজ এবং ১টি দু:স্বপ্ন

পি এ টিসেতে শো-কজ বা পাতলা কাগজ আতঙ্কের অপর একটি নাম। আমার মোট শো-কজ ৩টি কিন্তু কাগজে কলমে মাত্র একটি। এবার শুনুন তবে আসল ঘটনা।

১ম শো-কজ

আমি আর আমার রুমমেট এএসপি বেলাল ভাই দুপুরে এসে দু'জনই মোবাইল এ এ্যালার্ম দিয়ে ঘুমাতে গেলাম। হঠাৎ করে দু'জনের একসাথেই ঘুম ভাঙ্গলো। রুমমেট আমাকে জিজ্ঞেস করলো এখন কি! আমি বললাম কি মানে। উনি আবার বললো পিটি না গেমস! আমি তাকে জিজ্ঞেস করলাম এখন দিন না রাত ! সে ও তা বুঝতে পারলোনা! দেয়াল ঘড়ির দিকে তাকালাম কিন্তু পিএটিসির ঘড়ির কাটাগুলোর রঙ এলোমেলো লাগলো-! বারান্দায় গেলাম শীতের শেষ বিকেল কিন্তু তাও বুঝতে পারলাম না। রুমে এসে মোবাইল দেখলাম। দেখি ৪.৪৩ বাজে। আমি বললাম যদি সকাল হয় তবে আরো কিছুক্ষণ ঘুমাতে পারবো আর যদি বিকেল হয় তবে ১৩ মিনিট লেট। তখনই হঠাৎ মনে পড়লো-আমরাতো-দুপুরে খেয়ে দেয়ে ঘুমাতে গেলাম। আর সাথে সাথেই খেলার ড্রেস পড়লাম। দৌড় দিলাম। পরদিন পাতলা কাগজ দিলো! যথারীতি আমি ও জবাব দিলাম ধকলজনিত কারণে ঘুম থেকে যথা সময়ে উঠতে পারিনি!

২য় শো-কজঃ

জেলা সংযুক্তিতে যাওয়ার আগের সপ্তাহ। সি এম টি ও ব্যস্ত পরীক্ষা নিতে আর আমরা ব্যস্ত তা দিতে। এমনি একদিন অডিটরিয়ামে পরীক্ষা দিতে গিয়ে দেখি সদর দরজা বন্ধ হয়ে গেছে, ধাক্কা ধাক্কির পর দরজা খুললো, আমিও আমার নির্ধারিত-সিটে বসলাম। আর ওমনি সিসি জেনারেল আমজাদ স্যার বড় বড় চোখ করে হাজির হয়ে কারণ জিজ্ঞাসা করলো, আমি নেমব্যাজ এ হাত দিয়ে বললাম নেমব্যাজ আনতে ভুলে গিয়েছিলাম, আবার আনতে গিয়ে দেরী হয়ে গেছে! দুপুরের ক্লাসেই ক্লাস অ্যাটেনডেন্ট পাতলা কাগজ নিয়ে হাজির। তবে আমার কাছে নয়, আমার পরের রুল অতিশয় সজ্জন ও ভদ্র মুনিম ভাই এর কাছে, কারণ উনি নাকি পরীক্ষার হলে ২ মিনিট দেরী করে এসেছে। উনিতো মহা ক্ষ্যাপা দেরী করলাম আমি, আর শো কজ আসলো তার নামে। আমি বললাম, সরি ভাই চলেন দুজন মিলে কোর্স অফিসে যাই এবং সবকিছু খুলে বলি। উনি আরো রেগে গিয়ে বললো আপনার যাওয়ার দরকার নাই, আমি নিজেই যাবো, আমি ধমক খেয়ে চুপ মেরে গেলাম। রাতে চিন্তা করলাম শো-কজ তো আমাকেই দিবে, পরীক্ষা আর অ্যাসাইনমেন্ট এর যে চাপ চলছে, তাই অগ্রিম জবাব টা লিখে ফেললাম। কিন্তু ১দিন, ২ দন ৩দিন যায় শো কজ আর আসেনি। চলে আসার ঠিক ২ দিন আগে আমাদের সেকশন এর সিসি রেজা স্যার কে বললাম, স্যার আমার শো-কজ টা-! স্যার বললো, বেচেঁ গেছেন। ব্যস্ততার কারণে শো-কজ দিতে পারিনি। আমি বললাম স্যার আমি তো শো-কজ এর জবাব ৩ দিন ধরে নিয়ে ঘুরছি। স্যার মুচকি হেসে বললো, রেখে দেন, ভবিষ্যতে কাজে দিবে। আমি ও তা সযত্নে রেখে দিলাম।

৩য় শো-কজঃ

এবারের শো-কজ বাস্তবে নয়, স্বপ্নে। নিজ কর্মস্থল জেলার সময়ে ফ্যামিলিসহ শ্বশুর বাড়ি বেড়াতে গেলাম। তৃতীয় দিনের মাথায় ভোরের দিকে স্বপ্ন দেখছি। লেট করে যাওয়াতে ক্লাসরুমের দরজা বন্ধ, ভাবলাম ঘুরাঘুরি না করে রূমে ফিরে যাই, টি ব্রেক এর সময় সবার সাথে জয়েন করবো। রুমে ফিরে এসে দেখি আমার রূমের দরজা খোলা- সবকিছু চুরি হয়ে গেছে। আমি তো ভয়ে অস্থির তবে চুরির কারণে নয়। রেক্টর স্যার-এর কথা মনে করে। ল্যাপটপ-চুরির টাকা দেওয়ার সময় বলেছিলো, এরপর থেকে যার চুরি যাবে সমস্ত দায়ভার তার। ভয়ে হঠাৎ ঘুম ভেঙ্গে গেলো নিজেকে আবিষ্কার করলাম পিএটিসিতে নয়, শ্বশুর বাড়িতে। কি যে আনন্দ লাগলো। এক ক্লাস পানি খেয়ে আবার ঘুমে চলে গেলাম।

৪র্থ-শো-কজঃ

এবার জেলা সংযুক্তি থেকে ফিরে আসার পরের ঘটনা। গেমস এর কম্পিটিশন শুরু হয়েছে। বাস্কেটবল খেলার শেষ দিনে আমাদের সেকশন এর সবাইকে আমি ডেকে একসাথে করলাম, রোল কল হবে বলে আর আমি গেলাম বলবয়কে চুইংগাম আর কলা দিতে। ফিরে এসে দেখি, রোল ডাকা শেষ। স্যারকে বললাম। উনি হ্যাঁ/না কিছুই বললেন না-! কোর্স অফিসের সামনে সিসি স্যারের সাথে দেখা, স্যার বললো আপনার নামে আবারো অভিযোগ এসেছে। স্যার কাগজটা দেখলেন, আমি শক্ত ভাবে প্রতিবাদ করলাম। ডিডি স্পোর্টস আরিফ স্যার এর সাথে দেখা করলাম। সমস্ত ঘটনা বললাম কিন্তু উনি বললো, যেহেতু কাগজ ইস্যু হয়ে গেছে, একটা জবাব দিয়ে দিন। আমি আর কথা না বাড়িয়ে চলে এলাম। যথারীতি এবারও অগ্রিম জবাবটা লিখে ফেললাম কিন্তু শেষদিন পর্যন্ত শো-কজ এর পাতলা কাগজটা পাইনি। পাতলা কাগজের অভাবে আমার ২টি জবাব ব্যাগে পরে আছে। ভাবছি ৬১ তম ব্যাচের জন্য এই ২টি রুমে রেখে যাবো। কোর্স ম্যানেজমেন্ট এর কিসের এতো ব্যস্ততা যে, শো-কজ দেওয়ার সময় পায়না এটাই আমার প্রশ্ন।

মোঃ কামরুল হাসান
রোল: সি-৩১৫
ভেটেরিনারি সার্জন

বিপিএটিসি এবং বাবা

বিপিএটিসি তে যখন প্রথম আসি তখন আমার ছোট্ট সন্তানটির বয়স দু'বছর হতে ২১ দিন বাকী এবং বড়টির বয়স ৪ বছর ৩ মাস। কখনও ওদের ছাড়া আমি থাকিনি। বিশেষ করে যেদিন আমার ছোট্ট দুধের শিশুটিকে ছেড়ে বিপিএটিসি তে এসেছিলাম ঐদিন আমার ঘুম হয় নি। যা হোক, এই বয়সে সন্তানেরা ভালই আত্মত্যাগ করতে শিখেছে বরং আমরাই শিখিনি।

আল্লাহর অশেষ রহমতে বিপিএটিসি তে ৬০ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ৫ম মাস পার হয়ে ৬ষ্ঠ মাস চলছে। বিপিএটিসি তে ক্লাশ শেষ করে যখন ৪ নং ডরমিটরীর ৩০৮ নং রুমে ফিরি তখন আমার দুটি সন্তান এর চেয়ে কেন জানি আমার বাবাকে বেশি মনে পড়ে। আমার সন্তানেরা কোথায় কেমন আছে তা তো আমি জানি, কিন্তু আমার বাবা কোথায় কেমন আছে তা আমি জানিনা। এই ডিজিটাল যুগে মানুষ এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত স্কাইপে, ভাইবার, ফেসবুকের মাধ্যমে যোগাযোগ করে, মঙ্গল গ্রহের খোঁজ পায় কিন্তু একজন মানুষ চিরদিনের জন্য হারিয়ে গেলে এর খোঁজ পাওয়া যায় না। আমরা যতই উন্নত হইনা কেন, আমরা অপার্থিব, আত্মিক জগৎটাকে জানিনা ।

বসন্তের এই খাঁ খাঁ দুপুরে মনটা কেমন বিষণ্ন হয়ে যায়, এত শূন্যতা কাজ করে কেন তা জানিনা। বাবা যখন ছিল তখন বুঝতাম না কি আছে। এখন বাবা নেই, এখন বুঝি কি নেই জীবনে। ট্রেনিং এ আসার আড়াই মাস আগে অর্থাৎ ১৩ জুলাই ২০১৫ আমি আমার বাবাকে হারিয়েছি।

একদিন সম্মানিত রেক্টর মহোদয় জনাব এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার স্যার ক্লাশে একটি ছবি দেখালেন। বাবা ও মেয়ের অন্তরঙ্গ মুহূর্তের একটি ছবি। ছবিটি দেখে মনটি আমার হু হু করে উঠেছিল। সম্মানিত রেক্টর মহোদয় যখন বললেন " আপনারাও আপনাদের বাবার সাথে এরকম করে ছবি তুলবেন "তখন নিজের মনকে বলছি, " আমি কি করেছি? আর তো জীবনে কোনও দিন বাবার সাথে এরকম করে ছবি তুলতে পারবো না খুব আফসোস হল । জীবনে অনেক ছবি তুলেছি বন্ধু বান্ধবদের সাথে, বৈশাখে, ফাল্গুনে অনেক ছবি তুলেছি, কই বাবার সাথে এভাবে অন্তরঙ্গ হয়ে তো ছবি তুলিনি। বিপিএটিসি তে ক্লাশের ব্যস্ততায় মনেই হয়না যে আমার বাবা এই ধরাধমে নেই। হঠাৎ করে যখন অবকাশ পাই তখন বড় বেশি মনে পড়ে তাঁকে।

আমার বাবা সারা জীবন যে সংগ্রাম করে বড় হয়েছেন তার কানাকড়ি কষ্টও আমাদের করতে হয়নি। আমার বাবার যখন ১৫ বছর বয়স তখন তিনি তাঁর বাবাকে হারান । সারাজীবন এতিম হয়ে বিধবা দুঃখিনী মায়ের কষ্ট দূর করার জন্যে নিজেকে দাড়ঁ করেছিলেন। তিনি ছিলেন একজন সরকারী চাকরীজীবি। বাবা আমাদের তিন ভাই বোনের লেখাপড়ার জন্য যে সাহস ও উৎসাহ যুগিয়েছেন তা অতুলনীয়। শুধু লেখাপড়াই নয়, তিনি নিজে ছোট বেলা থেকে পাচঁ ওয়াক্ত নামাজ পড়তেন এবং আমাদের রীতিমত তাগিদ দিতেন। বাবাকে নিয়ে অনেক কথা, অনেক স্মৃতি মনে পড়ছে যা লিখে শেষ করা যাবেনা। ছোট বেলায় বাবার সাথে কত সাইকেলে চড়েছি। রাস্তায় এক সাথে বের হলে হাত ধরে রাস্তা পার হতাম, বের হলেই হোটেলে নিয়ে গিয়ে আমাদের মিষ্টি খাওয়াতেন। পরীক্ষার রেজাল্ট নিয়ে আমার চেয়ে বাবার সিরিয়াসনেসটাই বেশি ছিল। আমার প্রশ্নপত্র গবেষণা করে তিনি বলে দিতেন আমি কত পাব।

বিপিএটিসি থেকে সপ্তাহ শেষে বাসায় ফিরলে দু'সন্তানের মুখটি দেখতে পাই। ফিল্ড অ্যাটাচমেন্টে জয়পুরহাটে থাকার সময় সপ্তাহ শেষে যখন দিনাজপুরে ফিরতাম তখন বাসাটা কেমন শূন্য শূন্য লাগত। বাবার বিছানা টি স্পর্শ করে অনুভব করতাম তিনি এখানে শুয়ে শুয়ে বই পড়তেন।

আজ বিছানার মধ্যে জায়গাটি খালি হয়ে পড়ে আছে। এই প্রথম খুব কাছের মানুষকে বিদায় দিলাম। বিদায় এর ঐ দিনটিতে আমি আসলে বুঝতেই পারিনি আমি বাবাকে বিদায় দিচ্ছি চিরতরে।

" আর কোনও দিন কখনও আর তোমায় দেখতে পাবোনা, এই ধরাধমে। ঐ জগতে ভাল থেকো, শান্তিতে থেকো, তোমার আত্মার শান্তি হোক। "



মারজিয়া সুলতানা
রোল: এ-১১৬
বিসিএস (ফিসারিজ)

বেলা শেষে বলুহরে

৩১ ডিসেম্বর ২০১৫; নির্বাচনী দায়িত্ব পালন শেষ। পরের দুদিন মহামান্য রাষ্ট্রপতির পরিদর্শন থাকায় আমরা প্রশিক্ষণার্থীরা দুইদিনের জন্য ছুটি পেলাম। বন্ধু রুমনের সাথে যোগাযোগ করে ঠিক করলাম এই দুই দিন আমরা কোটচাঁদপুর উপজেলায় অবস্থান করব, যেখানে নির্বাচনী দায়িত্ব পালন করেছে সে আর এই কয়দিনে ইউএনও স্যারের আতিথেয়তায় সে মুগ্ধ। জেলা সদর থেকে যখন কোটচাঁদপুর পৌঁছালাম তখন সূর্য পশ্চিম আকাশে ঢলে পড়েছে। রুমে পৌঁছে শুধু ব্যাগটা রাখলাম, বন্ধু রুমন তাড়া দিল দ্রুত বেড় হতে হবে, কাছেই একটা সুন্দর বাওর আছে ঘুরতে যাবে। আগে কখনো বাওর দেখিনি, তাই ক্লান্ত থাকলেও দ্বিগুণ উৎসাহে বেড়িয়ে পরলাম। পথে দেখা হল স্যারের বাংলোর পিওনের সাথে, বাওর সম্পর্কে জানতে চাইলে সে জানালো এখান থেকে প্রায় দু-আড়াই মাইল দূর। আমি ভেবেছিলাম রুমন হয়তো জায়গাটা চিনে, কিন্তু অবাক বনে গেলাম সে শুধু নামটা শুনেছে। কি আর করা, অজানা পথে পা বাড়ালাম।

উপজেলা সদর ক্যাম্পাস পার হয়ে স্থানীয় বাজার, এখানে কয়েকজনকে জিজ্ঞেস করলাম কিভাবে যাওয়া যাবে? কত সময় লাগবে? আশ্বস্ত হলাম খুব বেশি সময় লাগবেনা, তবে ভ্যান ভাড়া করতে হবে আসা-যাওয়ার জন্য অন্যথায় ফিরার পথে ভ্যান পাওয়া যাবেনা। ২জন লোক নিয়ে কেউ যেতে রাজি হচ্ছেনা, এমন সময় একজন খুব সানন্দে রাজি হল। চাকুরী জীবনে প্রথম ভ্যানে কোথাও ঘুরতে যাওয়া। মৃদু হিমেল হাওয়া বইছে, মেইন রোড ধরে দ্রুত এগিয়ে চলছে ভ্যান, আমরা দুজন ভারী জ্যাকেট গায়ে পা ঝুলিয়ে বসে আছি। রুমনের ট্যাব সেলফি ক্লিক করে চলছে আমাদের অবস্থা দেখে বোধ করি ভ্যান চালকের বুঝতে বাকি রইলনা আমরা নব্য ভ্যান যাত্রী। এবার শুরু হল ভ্যান চালকের সাথে খোশ-আলাপ। আমরা কোথা থেকে এসেছি? কেন এসেছি? ইত্যাদি। সংগত কারণে আমরা প্রকৃত পরিচয় গোপন রাখলাম। বন্ধু রুমন চট্টগ্রামের আঞ্চলিক ভাষায় জবাব দিচ্ছিল, স্বভাবতই তা ভ্যান চালকের জন্য দুর্বোধ্য শব্দমালা আর আমাদের জন্য হাসির ফোয়ারা। ব্যাপারটা আমরা যেমন উপভোগ করছিলাম ভ্যান চালকও বেশ মজা পাচ্ছিল। খুনসুটির আড়ালে সময় গড়িয়েছে অনেক, সন্ধ্যা প্রায় ঘনিয়ে এসেছে। মেইন রাস্তা ছেড়ে একটা গ্রাম্য পথ ধরে আমরা অনেক দূর চলে এসেছি। এদিকটা প্রায় ফাঁকা; দু'ধারে জমিতে মাথা দুলাচ্ছে সারি সারি ভুট্টা ক্ষেত, রাস্তার দু'পাশে খেজুর গাছের সারি, দেখে মনে হয় যেন সযত্নে রোপণ করেছে। গাছগুলোর গলায় ঝুলছে রসের হাড়ি, বাতাসে রসের মিষ্টি সুগন্ধ। মাঝে মাঝে দুএকটি মোটর সাইকেল, ভ্যান, সাইকেল দ্রুত আমাদের পাশ কাটিয়ে যাচ্ছে। আমরা তখন প্রকৃতির মায়াজালে মোহিত, বারবার মনে হচ্ছিল, ইস যদি একটা ডিএসএলআর থাকত তবে ক্যামেরাবন্দি করে রাখা যেত স্বর্গীয় এ দৃশ্যপট। ক্ষণকাল আমরা সকলে নীরব, শুধু ভ্যানের প্যাডেল ঘুরার গোঙরানো শব্দ হঠাৎ ডেকে যাওয়া কয়েকটি ডাহুক আর নীড়ে ফিরা অচেনা পাখির কুজন।

মন্ত্রমুগ্ধতা কাটল একটা বিশাল প্রবেশ দ্বারের সামনে এসে। মূল রাস্তার পাশে বিশাল এক গেইট, উঁচু উঁচু দেয়ালে ঘেরা বিশাল এক এলাকা, গেইট থেকে দৃষ্টির শেষ সীমানা অবধি সোজা ঢুকে গেছে কালো পিচ ঢালা রাস্তা। ভেতরটা বাইরের তুলনায় একটু বেশী অন্ধকারচ্ছন্ন, নীরব, জনশূন্য। কেমন জানি থমেথমে, গা ছমছম করা পরিবেশ। ভ্যানটা যখন গেইট দিয়ে প্রবেশ করল, ভেতরে ভেতরে একটু ভয় পেয়ে গেলাম, কিন্তু প্রকাশ করলাম না লজ্জায়। মন আর সায় দিচ্ছিল না সামনে এগুতে। কিছু করার নাই। এ বয়সে ভয় পেলে কেমনে কী? পাশে বন্ধু রুমন সদা হাস্যোজ্জ্বল, দেখে মনে হচ্ছে এখনো বিভোর হয়ে প্রকৃতি উপভোগে ব্যস্ত। আমি কি করব বুঝে উঠতে না পেরে, মুখ খুললাম "ভাই, সন্ধ্যাতো হয়ে এল, অচেনা জায়গা, কাউকে তো দেখছিনা, ভেতরে আর যাওয়া কি উচিত হবে?" রুমনের চোখে তখনো কৌতূহলের ঝিলিক। " আরে এতদূর আসলাম, না দেখে চলে যাব?" সংগত কারণে চুপসে গেলাম আমি। ভ্যান চালকের মুখে কেমন জানি মুচকি হাসি। বোধহয় ব্যাটা বুঝে ফেলেছে, আমি ভালই ভয় পেয়েছি। মাঝে মাঝে দু'একটা শেয়াল রাস্তার এপাশ থেকে ওপাশে দৌড়ে পালাচ্ছিল।

একটা চাপা উত্তেজনায় আমি শক্ত করে ভ্যানের পাটাতন ধরে স্থির হয়ে বসে আছি, সতর্ক দৃষ্টি রাখছি চারপাশে। যদিও সন্ধ্যা ঘনিয়ে এসেছে, এলাকাটাও একটু জঙ্গলময় তাই স্পষ্ট দেখা যাচ্ছিল না খুব বেশী দূর। নিজেকে বললাম " আমি প্রস্তুত, বিপদের আশংকা টের পেলে এক লাফে ভ্যান থেকে নেমে, দে ছুট। যাহোক ইতোমধ্যে আমরা গন্তব্যের কিনারায় এসে পৌঁছলাম। " নেমে পড়েন, এসে গেছি" ভ্যান চালকের ক্লান্তিমাখা কণ্ঠ। সামনে চেয়ে দেখি উঁচু দেওয়ালের মাঝে ছোট্ট একটা গেইট তার ওপাশেই বিশাল স্থির জলরাশি। চারপাশে কেউ নেই, নিস্তব্ধ নিথর পৃথিবী, থেকে থেকে ঝিঁ ঝিঁ পোকা ডেকে চলেছে। নেমে দাঁড়িয়ে পরলাম, পা দুটো আর সামনে এগুবেনা। ভ্যান চালক বলল " ভাই এদিকে আসেন এইতো বাওর "। অনিচ্ছা স্বত্বেও এগুতে হল আর বন্ধু রুমন তো পারলে দে ছুট, আনন্দে আত্মহারা। এ কি? এখানে এরা আসল কিভাবে? এই নির্জন অন্ধকারে এরা এখানে কি করছে? দু'জন যুবক বাওরের ধারে বসে ফিসফিস করে কি জানি বলাবলি করছে, পাশেই একটা মোটর সাইকেল রাখা। যা ভেবেছি, পরিকল্পিত বিপদ আসন্ন। কিন্তু ভ্যান চালক ব্যাটা এভাবে ধোঁকা দিল। পকেটের মোবাইল, টাকা, রুমনের ট্যাব সব খোয়া যাবে এ মূহুর্তে। এই বুঝি পকেট থেকে চাকু বের করে তেড়ে আসল। কিন্তু না, আমাদের দিকে এক পলক তাকিয়ে আবারো আগের মত ফিসফিস করে যাচ্ছে। এবার একটু হাঁফ ছেড়ে বাঁচলাম। ঘুটঘুটে অন্ধকার থেকে সাদা ধূতি পরে অলস পায়ে হেঁটে আসছে এক বৃদ্ধ। ভ্যান চালক বলল " ভাই নৌকায় চড়বেন?" আমি যেই বলতে যাব; না, না ভাই, চলেন ফেরা যাক। ততক্ষণে রুমন বলে বসল " দাদু আমাদের একটু নৌকায় চড়াবেন?" বৃদ্ধ নিরুত্তর, রহস্যময় অলস পা ফেলে আমাদের সামনে দিয়ে গিয়ে নেমে গেল বাওরের তীরে বাঁধা নৌকায়। আমি মনে মনে খুশি, যাক নৌকায় আর উঠতে হচ্ছেনা। হঠাৎ নৌকা থেকে গলা ছাড়ল, " কই আসেন " রুমন

নিচে নামতে শুরু করেছে। আমি একটু ভেবে দাঁড়িয়ে পড়লাম, ভাবলাম ভ্যান চালক যদি এ সুযোগে ভ্যান নিয়ে কেটে পরে, তবে এ দু'জনের সহজ শিকারে পরিণত হব দু'জন। একটু চালাকি করে বললাম " ভাই আসেন, এক সাথে নৌকায় চড়ি"। ও বলল " না, না ভাই, আপনারা চড়েন"। এবার আর চালাকি নয়, মুখের উপর বলে বসলাম " দেখেন ভ্যান নিয়ে আবার চলে যাবেন না, থাকেন আমাদের না ফেরা পর্যন্ত"। ভ্যানচালক হেসে ফেলল আমার সন্দেহ দেখে, আশ্বস্ত করে বলল " আরে কি যে বলেন, চিন্তা করবেন না, আমি এখানেই আছি"। যুবক দুজনকে পাশ কাটিয়ে নৌকায় উঠার সময় আড়চোখে দেখে নিলাম, একটু বুঝার চেষ্টা করলাম, বদমতলব আছে কি না? ঠিক বুঝা গেলনা, এখনো দুজনে ফিসফিস করে যাচ্ছে। নিতান্তই বাধ্য হয়ে নৌকায় উঠলাম। স্থির জলরাশি, একটু দূরে কচুরিপানার একটা বিশাল দল, দেখে মনে হয় কেউ যেন সুন্দর করে সাজিয়ে রেখেছে। দিগন্তে অস্তগামী সূর্যের লাল আভাটুকুর কিয়দাংশ এখনো লেগে আছে, এখানটাই একটু আলো-আধাঁরী।

দাঁড়টানা পানির ঝাঁপটা এসে লাগছে; নৌকার পাটাতনে অদ্ভুত এক ছন্দের সৃষ্টি করেছে। কিছুক্ষণ আগের ঝেঁকে বসা অজানা ভয়ের জালটা একটু একটু করে কেটে পরিবেশটা স্বাভাবিক হয়ে আসছে। শীতের মাঝামাঝি সময় এখন, কুয়াশার ধুম্রজাল স্পষ্ট চারপাশে। আমাদের নৌকাটা ধীর গতিতে শান্ত জলরাশিতে ভেসে কোয়াশার চাদর ভেদ করে এগিয়ে চলছে। হঠাৎ কী মনে করে ভাবলাম, বছরের শেষ সন্ধ্যা উদযাপনের এ সুযোগটুকু হারাতে চাই না, একটা গান হলে পরিবেশটাই বদলে যাবে। যেই ভাবা সেই কাজ, মাঝিকে বললাম "দাদু একটা গান ধরেন"। বৃদ্ধ বলল "গানতো আর এ বয়সে তেমন আসেনা, তবে মাঝে মাঝে কীর্তন করি গ্রামের সবাই মিলে"। আমি জোর করলাম " কীর্তন হলেও চলবে, আমরা গলা মেলাব" বৃদ্ধ মাঝি গলা ছাড়ল "জনম আমার বিফলে গেল, সাধের মানব জনম"। ওহ অসাধারণ, যেন অমৃতধারা চুয়ে পড়ছিল বৃষ্টির ধারার মত, আমরা দুজন এই মহাক্ষণের একমাত্র সাক্ষী আর গণ্ডূষ ভরে আকণ্ঠ পান করে চলছি সেই সুধা। আমি নৌকার পাটাতনে তাল ধরলাম, রুমন গলা মিলাল। একসময় নিজের অজান্তে শুয়ে পরলাম নৌকার পাটাতনে, উপরে বিশাল আকাশ, নিচে দিগন্তজোড়া জলরাশি। নিজের ক্ষুদ্রতাকে আবিষ্কার করলাম এই বিশালতার মাঝে। আবারো নত মস্তকে মেনে নিলাম স্রষ্টার বিশালত্বকে, স্বীকার করলাম তাঁর সৃষ্টি রহস্যকে। ঘোর কাটল যখন নৌকা তীরে এসে ধাক্কা লাগল। নিজেকে সৌভাগ্যবান মনে হল। মনে মনে নিজেকে ধিক্কার দিলাম ভয় পেয়ে পিছিয়ে যাবার মতলব করার জন্য। আহ অফুরন্ত এই আনন্দে, বছরের এই ক্রান্তি লগ্নে যদি আরো কিছুটা সময় নিজেকে হারিয়ে, এ জগত সংসার ভুলে ডুব দিতে পারতাম অমৃতের এই সাগরে। মুখে না বললেও মন থেকে কৃতজ্ঞতা জানালাম রুমনকে আসাধারণ একটি সন্ধ্যা উপহার দেয়ার জন্য।

পরে এ সম্পর্কে বিস্তারিত অনুসন্ধান করে অবগত হলাম, এটিই বাংলাদেশের সর্ববৃহৎ বাওর "বলুহর" আর সাথের মৎস গবেষণা কেন্দ্রটিও দেশের দ্বিতীয় বৃহৎ। অশ্বক্ষুরাকৃতির এই বাওরের মৃত প্রায় একটি ধারা মিশেছে কপোতাক্ষ নদের সাথে। বাওরকে ঘিরে ৬ টি গ্রামে প্রায় ২০,০০০ লোকের বাস, যাদের প্রধান পেশা মৎস শিকার আর অন্নদাতা এই বাওর তাদের কাছে দেবতুল্য। তাই প্রতি বছর মৎস আহরণ শুরুর পূর্বে বাওরে পূজা নিবেদন করতে ভুলেন না স্থানীয়রা। এরপর আরো বেশ কয়েকবার ছুটে গিয়েছি। নৌকায় ভেসেছি বাওরের বুকে, গান ধরেছি গলা ছেড়ে; কিন্তু হায় সেই মোহময় রূপ, সেই সুধা মায়াজাল ছড়ানো সেই সন্ধ্যা আর খুঁজে পেলাম না। খুঁজে পাবো না । বেলা শেষে বলুহর তাই এক টুকরো সুখ স্মৃতি হয়ে রইল আমার হৃদয়ের মণি কোঠায়।

সুভাশিষ ঘোষ
রোল: জি-৭২৫
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

Whom We Have Found, Whom We Have Lost

Blessings During Our Stay in BPATC

Sl. No.	Name	Roll No.	We Mourn
1.	Md. Shamim-Ul-Alam	B-241	Got married and Started a new jouney of life
2.	Md. Abul Hasem	C-304	Got married and Started a new jouney of life
3.	Hasina Akter	E-514	Got married and Started a new jouney of life
4.	Shumon Ahmad Shaon	H-803	Got married and Started a new jouney of life
5.	Md. Shah Alam	H-808	Got married and Started a new jouney of life
6.	Md. Ariful Islam	H-816	Got married and Started a new jouney of life
7.	Md. Mosiur Rahman Mondol	B-235	Blessed with a baby girl
8.	Muhammad Musabbirul Islam	D-444	Blessed with a baby girl
9.	Md. Kaisar Rezvy Koraishy	E-536	Blessed with a baby girl
10.	Md. Junaate Kawser	E-541	Blessed with a baby boy
11.	Md. Raselur Rahman	F-627	Blessed with a baby girl
12.	Debasish Kumar Das	G-702	Blessed with a baby girl
13.	A.N.M. Musfiques Shalehin	G-711	Blessed with a baby girl
14.	Abu Hayat Muhammad Shakiul Azam	H-817	Blessed with a baby girl

Departed Souls during our stay in BPATC

Sl. No.	Name	Roll No.	We Mourn
1.	Md. Al-Muktadir Hossain	A-135	Lost his beloved father
2.	Dr. Md. Osman Gani Shishir	E-511	Lost his beloved mother
3.	Farhana Rob	E-527	Lost her beloved father
4.	Krisibid Rokonuzzaman	E-542	Lost his beloved father
5.	Tuhin-Al-Ferdous	F-620	Lost his beloved father
6.	Md. Shohag Husain	H-842	Lost his beloved father

Our deepest consolation to those who have lost their dear relatives and heartiest congratulations to those who have been blessed with the cutest issues or have been married.

A Glimpse.....

পি৬০তম বুনিয়াদি প্রশিক্ষন কোর্সের উদ্বোধন

ডিজিটাল স্বাগতম

প্রশিক্ষনার্থীদের রেজিস্ট্রেশন

প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে কোর্স উপদেষ্টা, রেক্টর ও কোর্স পরিচালক

প্রশিক্ষণ অনুষ্ঠানে অনুষদবৃন্দ ও প্রশিক্ষণার্থী

ফার্স্ট রেক্টর্স টি

জন্ম যাদের অক্টোবরে

ক্লাসরুম

অডিটরিয়ামে প্রশিক্ষণার্থীরা

সাবেক রেক্টর জনাব এ,কে,এম আব্দুল আউয়াল মজুমদার



প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে প্রাক্তন রেক্টরের শুভেচ্ছা বক্তব্য

অডিটরিয়াম সেশনে বর্তমান রেক্টর জনাব আ.ল.ম. আব্দুর রহমান এনডিসি

প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বর্তমান রেক্টরের শুভেচ্ছা বক্তব্য

পরীক্ষা চলছে.....

স্বনামধন্য অতিথি বক্তা



প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন মাননীয় প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী



প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন পি.এস.সি'র সাবেক চেয়ারম্যান ড. সা'দত হুসাইন

বক্তব্য রাখছেন বিশিষ্ট অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য



বক্তব্য রাখছেন বিশিষ্ট চিকিৎসক ডা. প্রাণ গোপাল দত্ত

বক্তব্য রাখছেন স্বনামধন্য মিডিয়া ব্যাক্তিত্ব ডা. আব্দুন নূর তুষার

বক্তব্য রাখার পূর্ব মুহূর্তে বিশিষ্ট কাউন্সেলিং সাইকোলজিস্ট ড. মেহতাব খানম (বামে)

পিটি ও ম্যারাথন

সকালের আকাশটা দেখি.....

আমি হবো সকাল বেলার পাখি.....

সকাল-বিকালের সারথী: Sports Faculty

সামনে মাত্র ৪ কিলোমিটার পথ.....

ম্যারাথন বিজয়ী ৩০ জন দ্রুততম মানব-মানবী

পি৬০তম এর দ্রুততম মানব মানবী: আলমগীর ও আজমিলা

১ম মেস রজনী

প্রতিদিন তোমায় দেখি সূর্যরাগে.....

হেই সামালো.....

রক্ত দিয়ে নাম লিখেছি.....

ভাষার ভালবাসায়..... নাটিকা

পুঁথি পাঠের আসরে.....

আমরা ক'জন নবীন মাঝি.....

২য় মেস রজনী

চশমা পড়া সাম্পানওয়ালা.....

রুমির ফিরে আসা

বিজয়ের উল্লাসে উড়ছে ওই.....

আজ সৃষ্টি সুখের উল্লাসে.....

সূর্যালোকের সৈনিকেরা.....

জন্ম আমার ধন্য হলো মাগো.....

৩য় মেস রজনী

আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো.....

বকবক শো.....



আয় আয় আয়..... বায়োস্কোপ দেখবি যদি আয়

গম্ভীরাতে নানা নাতি.....

সোহাগ চাঁদ বদনী নাচতো দেখি.....

মিঠা কাওয়ালী.....

উৎসবে পি-এটিসি

আজি মঙ্গল প্রদীপ জ্বেলে.....

পিএটিসি'তে দ্বীপাবলির আলোয়.....

বাণী অর্চণায় প্রশিক্ষণার্থীরা.....

আহা আজি এ বসন্তে.....

চলো সবাই একসাথে, জীবনের আহ্বানে, চলো এগিয়ে যাই.....

আগুন লাগা ফাগুনে.....

জাতীয় দিবস উদযাপন

স্মৃতিসৌধে প্রশিক্ষণার্থীরা.....

জাতীয় স্মৃতিসৌধে প্রশিক্ষণার্থীদের শ্রদ্ধাঞ্জলী

জাতীয় স্মৃতিসৌধে অনুষদবৃন্দ ও প্রশিক্ষণার্থীগণ

একুশের রাঙ্গা সকালে.....

একুশের প্রথম প্রহরে.....

একুশের আলোচনা সভায়.....

খেলার মাঠে

খেলাধূলার উদ্বোধন

সবুজ দ্বীপের রাজারা..... "Alpha Rangers" (Section-A)

বজ্রসম "Thander Bolt" (Section-B)

বিজয়ের পানে চাহিয়া "Champions Chariot" (Section-C)

দূর্বার "Dare Dragon" (Section-D)

দূর্দান্ত "Super Eagle" (Section-E)

খেলাধুলা

জয়ের তৃষ্ণায় "Fantastic Falcons" (Section-F)

সূর্যালোকের সৈনিক "Green Fighter" (Section-G)

দূর্ধষ শিকারী "Hount Hunters" (Section-H)



জলকলিতে জল বালকেরা.....

রং দে বাসন্তী.....

গোল না, স্কোর..... !!

খেলাধুলা

"অপরাজিতা" রা উচ্ছ্বাসে.....

খেলাধূলার মাঠে "দূরন্ত"

"বহ্নিশিখা"র আলোকচ্ছটা

"জয়ীতা"র জয়রত

বল টা যে কই.....

বল দাও মোরে বল দাও.....

নৌ বিহারে একদিন

অস্ট্রিচের পিঠে!

হলরুমে একসাথে

ফ্রেমবন্দী ফটোগ্রাফার

মজাই মজা

"কেন পিরিতি বাড়াইলারে বন্ধু....."

"কোথাও আমার হারিয়ে যেতে নেই মানা....."

জেলা সংযুক্তি

বাগেরহাট

বান্দরবান



বরগুনা

বরিশাল

ভোলা

ব্রাহ্মণবাড়িয়া

জেলা সংযুক্তি

চাঁদপুর

চাঁপাই নবাবগঞ্জ

চুয়াডাঙ্গা

কুমিল্লা

চট্টগ্রাম

দিনাজপুর

জেলা সংযুক্তি

ফরিদপুর

ফেনী

গাইবান্ধা

গাজীপুর

গোপালগঞ্জ

হবিগঞ্জ

জেলা সংযুক্তি

জামালপুর

যশোর

ঝালকাঠি

ঝিনাইদহ

জয়পুরহাট

খাগড়াছড়ি

জেলা সংযুক্তি

খুলনা

কিশোরগঞ্জ

কুড়িগ্রাম

কুষ্টিয়া

লালমনিরহাট

মাদারীপুর

জেলা সংযুক্তি ও দেয়াল পত্রিকা

সিলেট

প্রথম দেয়াল পত্রিকা "অরুণোদয়" (বিজয় দিবস) সম্পাদনা: রক্তিম চৌধুরী

প্রথম দেয়াল পত্রিকা "অরুণোদয়" এর উদ্বোধন

দ্বিতীয় দেয়াল পত্রিকা "একুশে" (২১ ফেব্রুয়ারি) সম্পাদনা: অপু মোহন্ত

দ্বিতীয় দেয়াল পত্রিকা "একুশে" এর উদ্বোধন

তৃতীয় দেয়াল পত্রিকা "চেতনা'-৭১", (স্বাধীনতা দিবস) সম্পাদনা: লিকসন চৌধুরী

Insignia
We Shall Render Service Honestly and Promptly

টেরাকোটা উদ্বোধন

ছবি কথা বলে

মায়ের কোলে দেশের ভবিষ্যৎ (বিপিএটিসিতে প্রশিক্ষণার্থীদের সন্তানেরা)

পিএটিসির স্বীকৃত কপোত কপোতীরা

নীল মেঘে

বে-গু-নী প্রশিক্ষণার্থীরা

গ্রিনরুমে অপেক্ষায় শিল্পীরা

পল্লীকবির বাড়িতে

তুমি কোন কাননের ফুল.....

আনন্দের কোন সংজ্ঞা নেই

আজ বসন্ত.....

পাহাড়ের কোলে

আদি পুরুষেরা.....!!

ঐ দেখা যায়.....



মাননীয় মন্ত্রী রাশেদ খান মেননের সাথে

বিনা যুদ্ধে নাহি দেব সূচাগ্র মেদেনী

সব রঙ মিলে মিশে একাকার

সংসদের সোপানে

ধূমপান মুক্ত মাল্টিপারপাস

ভোর হলো চোখ খুলো, খোকা মনি উঠো রে.....

মৎস্য কন্যাদের দাপাদাপি



মনে পড়ে সেই করিডোর

বসন্ত বাতাসে সইগো.....

আমাদের টুথপেষ্টে নুন আছে

কফির কাপে ঝড়

নীলপরী নীলাঞ্জনা

আজ জিতবই



বন্ধুত্ব

(স্যুভেনিরের)..... কাজ যে আর শেষ হয়না.....

পিঠা খেতে ভারি মজা

বড় হও মা ঠাকুরণ

আজ বৃহস্পতিবার

শিকড়ের টানে

রঙ্গিন..... উচ্ছ্বাসে.....



অবশেষে বগা লেকে..... সবে মিলে একসাথে

আমরা ক'জন.....

ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়

নিশি রাত্রে গিফট্ হাতে.....



এবার হবে.....



মুক্তির হাতে হানাদার

একই ফ্রেমে.....

যাচ্ছো কোথায় দল বেধে?

সেলফিতে কতজন?

আমরা দুটি ভাই, নৌ বিহারে যাই।

চল চল চল.....

একটু রিলাক্স.....

আজকে খোকার জন্মদিন

সর্ট সার্কিট



ছাত্র শিক্ষক সম্মেলন

"আমরা ক'জন নবীন মাঝি"

ইশ! এখনই খেলতে যাবো.....

পিএটিসি যতদিন, ইনজুরি ততদিন..... তবু আমি খেলবো।

সাবাশ, বাংলাদেশ

আমরা সবাই রাণী

স্যুভেনির কাব্য

লিক্সন চৌধুরী

কমিটির সভাপতি সমর
স্যুভেনিরটাকে করতে চায় অমর!
শান্ত শিষ্ট অপু মোহন্ত
লেখালেখিতে দিগন্ত !
সদা কর্মী ফয়জুল
কাজে না পায় কূল !
সাইদুল আর পারভেজ ভাই
শিল্পে অনন্যা
রাসেল ভাই আর রাজুর মাথায়
পরিকল্পনার বন্যা !
ওসমান গনি আর গৌতম দা
গল্প লেখায় ভাল
ফারহানা আর মাহমুদার পদ্যে
স্যুভেনির আলো !
পূরবী আর মোহাইমেনা
গল্প লেখায় মাত
রক্তিম আর রুপন দা
মুক্ত চিন্তায় ফাস্ট!
মোবারক আর সুফিয়ান ভাই
ব্যক্তিত্বে মোড়া
সাবিনা আর মার্জিয়ার মত তারা
কাজে কর্মেও সেরা।
লুনা'র মনন আর অনামিকার সন্ধি
স্যুভেনির ছাড়িয়েছে নিজস্ব গন্ডি।
সাফিয়া আর তানভীর
উজ্জ্বল এক জুটি
তাদের দিয়ে করি
২৪ জনের কমিটির ইতি।
প্রচ্ছদ আর পৃষ্ঠা সজ্জাতে
ছিলাম লিক্সন, বলি লজ্জাতে!
ভালবাসা ছড়িয়ে আছে
কমিটির নিষ্ঠায়,
ভাললাগা ছড়িয়ে পড়ুক
স্যুভেনির প্রতি পৃষ্ঠায়।